Owner : BASANTI DEVI COLLEGE
Printer and Publisher : Dr. Indrila Guha
Printed at : Monalisa Printer, D/26, Katjunagar, Jadavpur, Kolkata 700032
Published at : Basanti Devi College, 147/B, Rashbehari Avenue, Kolkata 700029
Editor : Sumana Chatterjee

VOLUME: 2, ISSUE 2, Reg. No. WBBIL/2017/75458
ISSN. : 2581-8902

ACADEMIA : BASANTI DEVI COLLEGE-2019

ISSN 2581-8902



VOLUME: 2, ISSUE 2, Reg. No. WBBIL/2017/75458

ACADEMIA : BASANTI DEVI COLLEGE

(Bilingual Biennial Multi-disciplinary Peer Reviewed Research Journal)

Published by
Dr. Indrila Guha, Principal, BASANTI DEVI COLLEGE
147B Rash Behari Avenue, Kolkata- 700029
(principal@ basantidevicollege.edu.in)

Editorial Board

NAME	ADDRESS	EMAIL-ID
Dr Sumana Chatterjee (EDITOR)	147B Rash Behari Avenue, Kolkata- 700029	sumana.chatterjee@basantidevicollege.edu.in
Dr. SimaGuptaroy	147B Rash Behari Avenue, Kolkata- 700029	sima.g.roy@basantidevicollege.edu.in
Dr.Chilka Ghosh,	147B Rash Behari Avenue, Kolkata- 700029	chilka.ghosh@basantidevicollege.edu.in
Dr. Upasona Ghosh,	147B Rash Behari Avenue, Kolkata- 700029	upasana.ghosh@basantidevicollege.edu.in
Dr. Anindita Banerjee,	147B Rash Behari Avenue, Kolkata- 700029	anindita.banerjee@basantidevicollege.edu.in
Dr Ralla Guha Niyogi	147B Rash Behari Avenue, Kolkata- 700029	ralla.g.niyogi@basantidevicollege.edu.in

Cover designed by Dr .Chilka Ghosh
Printed by
Monalisa Printers
© Basanti Devi College

" A defeated argument which refuses to be obliterated is very much alive." **Amartya Sen**

Table of Contents

Literature Section

1. বাউল সঙ্গীত : ধর্ম ও তত্ত্বের মেলবন্ধনে — ড. অভিজিৎ গঙ্গোপাধ্যায় — 13

2. ঠাকুরমার ঝুলি ও আজকের শৈশব : একটি পর্যালোচনা — ডঃ ইন্দ্রাণী দত্তশতপথী — 24

3. গল্পগুচ্ছের কয়েকটি চরিত্র : মেঘ ও রৌদ্রের মাঝখানে — উপাসনা ঘোষ — 32

4. হিত-অহিতের রাজনীতি এবং *হিতোপদেশ*—এর গল্প : একটি বিশ্লেষণ — সৌম্যদীপ বসু — 49

5. Glo(b/c)alization of English : a**বঙ্গ**-Indian perspective..... **Arup Kumar Bag** — 65

6. *Ramanir Kartavya:* Exploring 19th Century 'Women's Question' through Conduct Books **.....** **Nibedita Paul** — 71

7. Rakta karabi -tota kahini: the paradox of the disciplinary **power....** **Pallama Ghosh** — 80

8. Narrative, gender and marginalisations in the *Mahabharata:* Colonial and postcolonial perspectives..... **Dr Ralla Guha Niyogi** — 89

Social Science Section

1. সমসাময়িককালের সদ্‌গুণসংক্রান্ত দার্শনিক মতবাদ — ডঃ অপর্ণা সাধু — 109

2. 'Use of natural colours in traditional art (patachitra paintings) in West Bengal **....** **Dr. Amrita Mondal** — 115

3. Ill effects of internet on the child and role of parents to ensure their online protection:. **.....** **Debopriya Mukherjee** — 126

4. Changing pattern of livelihood: evidences from the Indian Sundarbans and the" district of Purulia, West Bengal**.....** **Dr. Indrila Guha and Dr. Atrayee Banerjee** — 140

5. Role of Empathy in preventing suicidal tendency among youth **.....** **Mousumi Roy** — 153

6. Mindfulness: A new approach towards wellness..... **Neerajana Ghosh** — 160

7. Women in the 21st century: Indian context..... **Priyanka Malakar** — 170

8. Girl Children's multidimensional experience in Sports in India: Inequality cascading into Crisis ..... **Dr Saheli Chowdhury** — 177

9. Human Development Index - Indian States Compared..... **Dr. Srabani Jha** — 185

বাউল সঙ্গীত : ধর্ম ও তত্ত্বের মেলবন্ধনে

ড. অভিজিৎ গঙ্গোপাধ্যায়,
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ,
নহাটা যোগেন্দ্রনাথ মন্ডল স্মৃতি মহাবিদ্যালয়
scamnesia@gmail.com

সারসংক্ষেপ

বাংলার লোকসঙ্গীত ধারার অন্যতম সমৃদ্ধ শাখা বাউলগান। এক বিশেষ সম্প্রদায়ের সাধনসঙ্গীত হলেও বিভিন্ন ধর্ম, দার্শনিক মত এবং সাধন পদ্ধতির মিশ্র ভাবনাই এর সম্পদ। এই বাউল সাধনার মূল সাধনপদ্ধতি প্রতিষ্ঠিত হয়েছে বৌদ্ধসঙ্গীত ও দোহাকেন্দ্রিক প্রাচীন বাংলার তান্ত্রিক বৌদ্ধধর্মের উপর। যদিও ধর্মসঙ্গীত হিসেবেই দেশের আপামর মানুষের মন জয় করেছে বাউলগান। বাউলের গূহ্য সাধনার গভীর তত্ত্বকথা প্রকাশ পেয়েছে মৃত্তিকাসংলগ্ন জীবনের সহজ ভঙ্গিতে। বাউলগানের এই জীবনমুখিতাই আকর্ষণ করেছে গ্রামীণ জীবনের স্বল্পশিক্ষিত মানুষ থেকে অতি শিক্ষিত, বিমিশ্র সংস্কৃতির নাগরিক বৈদগ্ধ্যের মানুষজনকেও। পালনীয় আচার কৃত্য ছাড়িয়ে বাউলের 'মনের মানুষ'-এর সন্ধানে গভীর আত্মানুসন্ধানের সারূপ্য খুঁজে পাওয়া যাবে বাংলার অপরাপর লোকসঙ্গীতে; আধুনিক কবি রবীন্দ্রনাথের গানে। বাংলার সমৃদ্ধ ধর্মসঙ্গীত তথা লোকসঙ্গীতের এই শাখাটির আন্তরচরিত্র সন্ধানের চেষ্টা করা হলো প্রবন্ধটিতে।

সূচক শব্দ : বাউল সঙ্গীত, ধর্ম, তত্ত্ব

কীর্তনে আর বাউলের গানে আমরা দিয়েছি খুলি
মনের গোপনে নিভৃতভুবনে দ্বার ছিল যতগুলি।

('আমরা', সত্যেন্দ্রনাথ দত্ত)

বাংলার লোকসঙ্গীত ধারায় বাউল-সঙ্গীত এক অন্যতম শ্রেষ্ঠ স্থান অধিকার করে আছে। অন্যান্য লোকসঙ্গীতের ন্যায় মূলতঃ কোনো জাতি, বর্ণ, সম্প্রদায় কিম্বা গোষ্ঠীকে কেন্দ্র করে নয় বরং এক সমন্বয়ী ধর্মের উপর ভিত্তি করে বাউল সঙ্গীতের জন্ম। সেদিক থেকে বিচার করে বলা যায়, যতটা না সম্প্রদায়ের তার থেকে অনেক বেশি ধর্মীয় ভাব ও তত্ত্বের কাছাকাছি অবস্থান করে বাউল গান। আবার এই ধর্মীয় ভাবনাটিও এমন একটি মিশ্র ভাবনা যেখান থেকে কোনো নির্দিষ্ট ধর্মের পৃথকীকরণ সম্ভব নয়। অর্থাৎ, তা সকল কালের সব ধর্মেরই পৃষ্ঠপোষকতাকারী এক ভাব-সম্মিলন। অথচ তাত্ত্বিক ভাবে এর জড় বিশ্লেষণ করলে দেখতে পাবো যে, এর মূল সাধন পদ্ধতি প্রতিষ্ঠিত হয়েছে বৌদ্ধ সঙ্গীত ও দোহা কেন্দ্রিক প্রাচীন বাংলার তান্ত্রিক বৌদ্ধধর্মের উপর। কিন্তু ভাবের মেলবন্ধনে বাউল হলো এমন এক বিশেষ ধর্ম যা তথাকথিত বহুধা বিস্তৃত ধর্মের শাখাপ্রশাখায়

কালক্রমিক ভাবে জারিত হতে হতে নানা তত্ত্ব ও ভাবের সংমিশ্রণে সর্বধর্মের এক মিশ্র আরকে পরিণত হয়েছে। বাউল যেমন আজ আর শুধুমাত্র লোকমাত্রিক কিম্বা লোককেন্দ্রিক সঙ্গীতরূপে আলোচনার বিষয় বলেই গণ্য নয়, তা বাংলা তথা ভারতের শিষ্ট সংস্কৃতির এক অন্যতম চলিষ্ণু মাধ্যম, তেমনই তার মধ্যে থেকে সূর্যের সপ্তবর্ণের মতো বিচ্ছুরিত হয়ে চলেছে বৈষ্ণব সহজিয়া সাধন তত্ত্ব, সুফী দর্শন, রাধা-কৃষ্ণ লীলাবাদ, গৌড়ীয় বৈষ্ণব ধর্ম, শিবশক্তি তত্ত্ব প্রভৃতি। সব থেকে বড়ো কথা, শুধু ধর্ম নয়, বরং বাউলের আজ সব থেকে বড়ো পরিচয় সংস্কৃতি রূপে। আর ধর্মসঙ্গীত বলে আধুনিক কালে যদি কিছু সৃষ্টি হয়ে থাকে তার অন্যতম দাবীদার হলো বাউল। সঙ্গীত ছাড়া বাউলের কোনো ধর্মপ্রাণতাই সর্বজনীন নয়, যদিও অনেক সমালোচকই ধর্মসঙ্গীতকে লোকসঙ্গীত রূপে গ্রহণ করার পক্ষপাতী নন।[১]

বাউলের সঙ্গে অন্যান্য ধর্মতত্ত্বের মেলবন্ধনের প্রসঙ্গটিতে প্রথমেই আসা যেতে পারে সহজিয়া ধর্ম প্রসঙ্গে। এই সহজিয়া ধর্মের দুটি ধারার কথা বলা যেতে পারে যার একটি হলো বৌদ্ধ সহজিয়া ধর্ম, বাউল ধর্মকে যার প্রকাশ-মুখ বলা যেতে পারে এবং দ্বিতীয়টি হলো বৈষ্ণব সহজিয়া ধর্ম—যার আধ্যাত্মিক ভাবনাকে বাউল পরে আত্মস্থ করেছে। বৌদ্ধ সহজিয়া ধর্মে বলা হয়ঃ 'অপণে রচি রচি ভবনির্বাণা।/মিছেঁ লোঅ বন্ধাবও অপনা।।/অন্তে না জানহু অচিন্ত জোই।/জাম মরণ ভব কোইসণ হোই।'[২] অর্থাৎ মানুষ তার পুনর্জন্ম ও নির্বাণের কথা মনে মনে পরিকল্পনা করে তার দেহের মধ্যেই আবদ্ধ হয়ে পড়ে। অচিন্ত্য যোগী আমরা জানি না, জন্ম, মৃত্যু এবং পুনর্জন্ম কিভাবে হয়? জন্মও যেরূপ, মৃত্যুও তদ্রূপ। জীয়ন্তে ও মরণে কোনোই বিশেষ নেই। বাউলরাও জীবন-মৃত্যুর এই খেলায় জীবনকে নৌকো এবং দুনিয়াকে দরিয়া হিসাবে ভাবতে বিশেষভাবে অভ্যস্ত। বাউল সঙ্গীতে উপরোক্ত বৌদ্ধ সহজিয়া ধর্মের কথাগুলিকেই আত্মতত্ত্বের প্রকাশরূপে দেখানো হয় অনেকটা এই ভাবে যা হলো ঃ ''জনম-ভর যত্ন করে একদিনও আমি দেখলাম নারে/আমি এই দেখবার আশায় ফাঁদ পাতিলাম/তবু পাখি পড়ে না ফাঁদে, পুড়ুত করে উড়ে যায়।' চর্যাপদের মধ্য দিয়ে বাঙালির প্রাচীন ও পরম্পরাগত অধ্যাত্মের পরিচয় পাওয়া যায়, আর বাউলের মধ্যে দিয়ে পাওয়া যায় তার ভাবজগতের অখণ্ডতার পরিচয়। আবার বৈষ্ণবীর সহজিয়া পদে যেভাবে চণ্ডীদাস বলেনঃ 'শুন হ মানুষ ভাই/সবার উপরে মানুষ সত্য/তাহার উপরে নাই।' বাউল সাধকের ধর্মও সেই সহজ মানুষকেই মরমীয়া মনের মানুষ বলে জেনে এসেছে। সে মানুষের মনে স্বর্গ-নরক, জন্ম-মৃত্যু, পরজন্ম-পুনর্জন্ম ও কালচক্র থেকেও এই আত্মসত্যের ও আত্মবিশ্বাসের উত্তীর্ণতা বড়ো হয়ে দেখা দিয়েছে। সর্বোপরি ঈশ্বর নামক অলৌকিক ও অমর আশ্রয় নয় বরং মরমানবের পৃথিবী ও তার লৌকিক শক্তির উপরই বাউলের ক্ষেত্রে সবচেয়ে বেশী গুরুত্ব আরোপ করা হয়েছে যা অনেকাংশে বৈজ্ঞানিক তত্ত্বসমৃদ্ধও বটে। তবে একদিক থেকে বাউল বাংলার লোকধর্মের একটি মূল ধারাকে আশ্রয় করে গড়ে উঠেছে। বাংলার লোকধর্ম কখনই শাস্ত্র নির্দেশিত পথে চলেনি। উপরন্তু বাংলার লোকধর্মে ধর্ম ও জীবন প্রায়শই একে অপরের পরিপূরক হয়ে উঠেছে। সেদিক থেকে বাউলের সাঙ্গীতিক ভাবনায় যে জীবনের প্রকাশ দেখা যায় তা অন্যান্য লোকধর্মের ন্যায় সহজ ও মুক্ত, অর্থাৎ এ ধর্মসঙ্গীত হলো সহজ জীবনাশ্রিত।

বাংলা সাহিত্যে জয়দেবের গীতগোবিন্দ থেকে শুরু করে বড়ু চণ্ডীদাসের

শ্রীকৃষ্ণকীর্তন তথা বৈষ্ণব পদাবলী কাব্য পর্যন্ত যে আধ্যাত্মিক ঢেউ লক্ষ্য করি তার মধ্যে স্পষ্ট একটি বিভাজন রেখা রয়েছে যার ওপারে অবস্থান করছেন ঐশী ও ঐশ্বর্যময় শক্তির আধার ভগবান স্বয়ং আর এপারে তারই আরাধনাকারী দীন-হীন ভক্ত। দুশ্চর সাধনা ও দুর্বার ভক্তি ভিন্ন সে বিভাজন রেখাটি অতিক্রম করে ভক্তের পক্ষে ভগবানের কাছে পৌঁছোনো মোটেও সম্ভব নয়। শ্রীচৈতন্য জীবনীসাহিত্য ও চৈতন্য ভাবাশ্রিত অন্যান্য সাহিত্যধারায় অলৌকিক ভাবার স্থলে মানব মহিমার প্রকাশ ঘটেছে অনেক বেশী, ঠিক যেমন ভাবে সপ্তদশ শতাব্দীর আরাকানি রাজসভা সাহিত্যের প্রণয় গাথার মধ্যে দিয়ে মানব স্বীকৃতির প্রকাশ ঘটেছে। এভাবেই অধ্যাত্ম ক্রমে লৌকিক হয়ে ওঠে। বাউলের ক্ষেত্রেও এমনটি দেখা যায়। তবে বাউল তার লৌকিক জীবনধারায় কোনোদিনই কোনো শাস্ত্রের অনুশাসনকে স্বীকার করে আসে নি বরং তা ধর্মের সহজ পরিচয় স্বরূপ মানব ধর্ম ও মানব সত্যকেই শ্রেষ্ঠ বলে জেনে এসেছে। পঞ্চদশ-ষোড়শ শতকের বৈষ্ণব সহজিয়া সম্প্রদায়ের রচিত পদাবলীও মানবিক অনুভূতিতে ভরপুর। সেখানে শ্রীকৃষ্ণ অথবা রাধিকা সাধারণ জনসমাজেরই প্রতিনিধি। আউল-বাউলের মনের মানুষও আসলে তাই। পদাবলীর নায়ক শ্রীকৃষ্ণ যেমন বিষ্ণুপুরাণ অথবা শ্রীমদভগবৎগীতার অন্ধ অনুসরণ নয়, বাউলের মনের মানুষও তেমনি সহজ দিশায় দেহভাণ্ডে ব্রহ্মের সন্ধানে রত মানবিক প্রেম-সঙ্গীতের কাণ্ডারী মাত্র। প্রকৃত অর্থে প্রতিটি ধর্মতত্ত্বের অন্তরালে একটি স্বজাতীয় লৌকিক ধর্মবোধ ক্রিয়াশীল থাকে। এই লৌকিক ধর্মবোধটিই ধর্মের গঠনতন্ত্রকে এক মানসিক ও মানবিক দৃঢ়তা প্রদান করে, সাহিত্য-লক্ষণে যা কখনো হয়ে ওঠে সাহিত্য পদবাচ্য। আবার দৈশিক লক্ষ্যে সিঞ্চিত এই ধর্মসঙ্গীতগুলিই কখনো কখনো হয়ে ওঠে জাতীয় চেতনার ধারক ও বাহক। বাউল সঙ্গীতে বাঙালী তথা মানব ঐক্যের যে সরল বন্ধন ও সর্বজনীন ঐক্যবোধের কথা নিহিত রয়েছে তা প্রকৃতপক্ষে ভারতের আধ্যাত্মিক অস্তিত্ব এবং আত্মারই মূল নির্যাস, সারাৎসার।

বাংলার অন্যান্য লৌকিক ধর্মসঙ্গীতের ন্যায় বাউলের ক্ষেত্রেও আচারমূলক ধর্মসঙ্গীত অর্থাৎ গুরু-শিষ্য পরম্পরা এবং লৌকিক ধর্মসঙ্গীত অর্থাৎ নিরপেক্ষ তথা স্বাধীন ধর্মসঙ্গীত সাধনা—উভয় রীতিরই সাক্ষাৎ মেলে। তৎসহ হিন্দু ধর্মের বেদ আদি শাস্ত্রের বহির্ভূত ভাবনায় বিশ্বাস, মুসলিম ধর্মের ফকির, দরবেশী সাধনা ও সুফী মতবাদের সাঙ্গীকরণ, গৌড়ীয় মতবাদ ও সহজিয়া বৈষ্ণব মতবাদের ভাবমিশ্রণ প্রাক্ চৈতন্য পরবর্তীযুগে বাউল সাধনা ও সঙ্গীতকে পুষ্ট করেছে। বৌদ্ধধর্মের বজ্রযান ও কালচক্রযানে নিগূঢ় তান্ত্রিকতার প্রাধান্য আছে। কিন্তু সহজযানে তা ছিল না। তাই তা পুরাকালের (আনুমানিক দশম শতাব্দী, পাল সাম্রাজ্য) ধারা থেকে বিবর্তনের পথ ধরে যে যোগসাধনার (মিথুনাত্মক) সৃষ্টি করেছিল সপ্তদশ-অষ্টাদশ শতাব্দীর বাউল সঙ্গীত তারই শাখায়িত ফল রূপে গণ্য।[৩] বলাবাহুল্য ভারতচন্দ্র রায়গুণাকরের মৃত্যুর পর (১৮৬০) বাংলার লোকসঙ্গীতের ধারায় যে জোয়ার উঠেছিল বাউল তার পালে হাওয়া যুগিয়েছিল। ঊনবিংশ শতকের বাউল সঙ্গীতে ইসলামী সুফী এবং বৈষ্ণব সহজিয়া ভাবনার যে অন্তরঙ্গ মিশ্রণ ঘটেছিল লালনের গানগুলিই তার সবচেয়ে বড় প্রমাণ।

লালন ফকির তাঁর গানে বলেছেন 'মুরশিদ বিনে কি ধন আর আছে রে জগতে।' অর্থাৎ গুরুর অনুগ্রহ ও কৃপা ছাড়া এবং গুরুর প্রতি অবিচল ভক্তি ও নিষ্ঠা ছাড়া জগৎ অচল। মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রীর

মতে বৌদ্ধ সহজিয়া সদগুরুর বাহ্যিক বেশ-বাস ছিল এখনকার আউলের (গুরু আউলচাঁদ) ন্যায়।[৪] হিন্দু তান্ত্রিক ধর্ম যথা শাক্ত, প্রকৃতি বর্জিত বৌদ্ধ যোগসাধনা যথা তান্ত্রিক সহজযান (যা থেকে পরবর্তীতে নাথধর্ম ও শৈবধর্মের উদ্ভব) এবং বৈষ্ণব ধর্ম যথা সহজিয়া—প্রতিটি ক্ষেত্রেই সাধক অথবা তান্ত্রিক গুরুর স্থানকে সর্বোচ্চ মানা হয়। তন্ত্রশাস্ত্রে বলা হয়ঃ 'ধর্ম্মবিদ্ধর্ম্মকর্তা চ গুরুগুপ্রীষণে রতঃ।' সহজ যানের মূল কথাও সদগুরুর উপদেশ। সহজযানের ভাষায় 'ন বিনা বজ্রগুরুণা সর্বক্লেশপ্রহাণকম্।/নির্বাপঞ্চ পদং শান্ত মবৈর্বত্তিকমাপ্নুয়াৎ।।' অর্থাৎ বজ্রগুরু ব্যতিরেকে নির্বাণ পদ পাওয়া যায় না। যে নির্বাণে সকল ক্লেশের নাশ হয়, শান্তি যে নির্বাণের চরম ফল, সে নির্বাণে আর বিবর্ত থাকে না, অর্থাৎ কোনোরূপ পরিবর্তন হয় না, সে পদ গুরুর কৃপা ভিন্ন পাওয়া যায় না।[৫] আর বাউল গীতির কোথাও কোথাও এ গুরু স্বয়ং ঈশ্বর। লালনও তাঁর ঘরের কাছে দেখেছেন এক আরশিনগর আর সেখানে যে পড়শি বসত করে তিনিই তাঁর গুরু বা সাঁই। বাউল সাধক ঈশ্বররূপী সেই গুরুকে ডেকে বলেন ঃ 'আমি ডাকি তোমায় বারংবার/এসে আমায় দেও গো দিদার/তুমি বিনে কেউ নাই আমার/ওগো মুরশিদ খোদা'। আবার বাউল মতে কখনো মানব-গুরুর মাধ্যমেই ঈশ্বর নামক পরম-গুরুর সন্ধান লাভ করা যায়। স্থূল মানব দেহের গৌরব তখনই হয় যখন সে দেহভাণ্ডে ব্রাহ্মাণ্ডের খোঁজ মেলে। বাউল সাধনা স্থূল দেহভাণ্ডে পরম ব্রহ্মাণ্ডেরই আত্মানুসন্ধান। গুরুকে বাউলগণ ভবসংসারের কাণ্ডারী রূপে কল্পনা করেছেন। জগৎ সংসার মাঝে গুরুই তাদের কাছে ঈশ্বরের একমাত্র প্রতিনিধি। শাক্তপদেও গুরুকে অন্যতম স্থান দেওয়া হয়েছে। কৃষ্ণানন্দ তন্ত্রসারে লিখেছেনঃ 'বৈষ্ণবে গ্রাহ: শৈবে শৈবশ শক্তিকে। শৈবঃ শক্তোপি সর্ব্বত্র দীক্ষা স্বামী ন সংশয়ঃ।।' অর্থাৎ বৈষ্ণবের বৈষ্ণব, শৈবের শৈব ও শাক্ত গ্রাহ্য। শৈব ও শাক্ত সর্ব্বত্রই দীক্ষাগুরু হতে পারে। গুরুকে আশ্রয় করে বাউল ধর্মসঙ্গীতে আচার মূলক ব্রহ্মসাধনের প্রক্রিয়া শুরু হয়। বাউল গানে আছে ঃ 'আত্মরূপে কৃষ্ণ তিনি, পরতত্ত্বে রাধারাণী, গুরুতত্ত্বে প্রেম বাখানি, কৃষ্ণ অধর বলে, মনোহর, নে যত্ন ক'রে, দিলাম তোরে তত্ত্ব ব'লে, সাধনের এই নির্ণয়।।' (গান নং ৩৪৯) যদিও লৌকিক ধর্মসঙ্গীতে এই গুরু-শিষ্য পরম্পরাটি সর্বদা প্রচলিত নয়। বাউলের ক্ষেত্রেও এটি গণ্য। বাউল সাধনায় যেখানে গুরু-শিষ্য পরম্পরাটি প্রচলিত নয় সেখানে নিরপেক্ষ ও স্বাধীনভাবে তা বিকাশ লাভ করে। উপরন্তু বাউল সঙ্গীতে যেহেতু বেদের আচার ও আনুষ্ঠানিকতা এবং শরীয়তি নিয়ম-কানুন মানা হয় না সেহেতু উক্ত স্বাধীনতাটিও সুদূরপ্রসারী হয়। সেখানে মানব-মন, সহজ-মানুষ মনের-মানুষ, রূপের-মানুষ, ভাবের-মানুষ, সোনার-মানুষ, রসের-মানুষ, অধরা-মানুষ, সাঁই ইত্যাদি নামে অধ্যাত্ম-ভাবনাটির দেখা মেলে। লালন তাঁর গানে বলেন ঃ 'এই মানুষে সেই মানুষ আছে/কত মুনি-ঋষি চারযুগ ধরে বেড়াচ্ছে খুঁজে।' 'এই মানুষ' বলতে আত্ম বা ব্রহ্মাণ্ডের কথা বলা হয়েছে যার অবস্থান পঞ্চভূতে। লালন তাই বলেনঃ 'যাহা আছে ভাণ্ডে তাহা আছে ব্রহ্মাণ্ডে।' অর্থাৎ স্থূল দেহ হলো আত্মোপলব্ধির সোপান। আর স্থূল চরাচর অর্থাৎ আকাশ-বাতাস, নদী-পাহাড়, সমুদ্র-অরণ্য প্রভৃতি যা কিছু প্রকৃতির আদিম ও প্রাচীন সৃষ্টি—তারই মধ্যেই ব্যাপ্ত হয়ে আছে অনন্ত ব্রহ্মাণ্ডের অসীম রহস্য। তাই সংসারত্যাগী বাউল এরই মাঝে ছুটে যেতে চায়, বিলীন হতে চায়, গান বাঁধে—ব্রহ্মের উপলব্ধির প্রয়াসে, উত্তীর্ণ হতে চায় রূপ থেকে স্বরূপে। রবীন্দ্রাদর্শের সঙ্গে বাউল জীবন-দর্শনের এখানে এক গভীর মিল খুঁজে পাওয়া যায়। বাউল সাধনা প্রাকৃত দেহাধারকে অপ্রাকৃতে পরিণত করে তারই মধ্যে পরম তত্ত্বের অনুসন্ধান করে। তাই বাউল লালন

বলেন ঃ 'রূপের ঘরে অটল রূপ বিহারে/চেয়ে দেখ না তোরা।' এই দ্বিতীয় রূপ বা 'অটল রূপ'-ই হলো আসলে অরূপ বা স্বরূপ (প্রকৃতি স্বরূপা অনন্ত ব্রহ্ম)। এ হলো সেই অসীম যাকে প্রত্যক্ষ করা যায় না, শুধু অনুভব করতে হয়। লালনের অপর এক গানে দেখি 'রূপ দেখিলাম রে নয়নে/আপনার রূপ দেখিলাম রে নয়নে/আমার মাঝত বাহির হইয়া দেখা দিল আমারে।' আপনার আত্মাকে জানার এই অনুভূতিকে প্রাচীন শাস্ত্রে বলা হয় 'আত্মানং বিদ্ধি'[৬]। রবীন্দ্রনাথ তাঁর জীবনদর্শনে এই রূপ (সীমা)-কে অরূপ (অসীম)-এর সঙ্গে মেলানোর প্রয়াস করে গেছেন আর তাই তিনি তাঁর 'রূপ ও স্বরূপ' প্রবন্ধে বলেছেন ঃ 'আধ্যাত্মিক সাধনা কখনোই রূপের সাধনা হইতে পারে না। তাহা সমস্ত রূপের ভিতর দিয়া চঞ্চল রূপের বন্ধন অতিক্রম করিয়া ধ্রুব সত্যের দিকে চলিতে চেষ্টা করে। ইন্দ্রিয়গোচর যে কোনো বস্তু আপনাকেই চরম বলিয়া, স্বতন্ত্র বলিয়া ভান করিতেছে, সাধক তাহার সেই ভানের আবরণ ভেদ করিয়া পরম পদার্থকে দেখিতে চায়।'[৭] কবির ভাষায় ঃ 'সীমার মাঝে, অসীম, তুমি বাজাও আপন সুর।/আমার মধ্যে তোমার প্রকাশ তাই এত মধুর।।' রবীন্দ্রনাথের সীমা-অসীমের ভাবসূত্রটুকু বাউল সাধনার সঙ্গে তাই অন্তরের মেলবন্ধনে জুড়ে যায়।

বাউল সাধক লালন তাঁর গানে বলেছেন ঃ 'বেদে কি তার মর্ম জানে/যে রূপ সাঁইর লীলাখেলা/আছে যে এই দেহ-ভুবনে।।/পঞ্চতন্ত্র বেদের বিচার/পণ্ডিতেরা করেন প্রচার,/মানব-তত্ত্ব ভজনের সার,/বেদ ছাড়া বৈরাগ্যের মানে।।' যান্ত্রিক আচার-অনুষ্ঠানের প্রতি বিরূপ বাউল সাধক আরো বলেন ঃ 'তন্ত্র মন্ত্র বেদ পুরাণে, ঘুরায় কেবল নানা টানে,/যোগে যোগে তীর্থ স্নানে, সহজ মানুষ ধরে হারাই।' অনুরূপভাবে শাক্ত সাধকও অন্তরাত্মাকে বলেন ঃ 'মন কোরো না দ্বেষাদ্বেষি/যদি হবিরে বৈকুণ্ঠবাসী।/আমি বেদাগম পুরাণেতে করলাম কত খোঁজ তল্লাসী/ওই যে কালী কৃষ্ণ শিব রাম সকল আমার এলোকেশী।' (রামপ্রসাদ সেন)। অন্যদিকে তন্ত্র সাধকদের ন্যায় উপলব্ধি আছে ফকির নাসেরের গলায়। ফকির নাসের বলে ঃ 'দেহের বিচে দেখ আছে আজব কারখানা/তিনশত ষাট দিয়ে জোড়া করেছে দেহ খাড়া/দুই খুঁটি, একটি আড়া—বেড়া চারখানা/দশ দরজা, আট কুঠুরি—চার কুতুব, ষোলো প্রহরী/বায়ান্ন গলি, তিপান্ন বাজার, তের নদী, সাত সমুদ্দর/তাহার মধ্যে চোদ্দটা ঘর, কেউ করে না তাহার খবর—/তিন উজির, তিন বাদশা তার, এক মনিব, দুই খরিদ্দার/দালাল তাহার দুই জনা।/দেহের খবর বড় খবর/তিন তারেতে হচ্ছে সব খবর।/বারো বুরুজ, সাত সিতারা/দেহের ভিতর আছে পোরা।' শক্তি সাধক কমলাকান্ত কিম্বা রামপ্রসাদ সেন তন্ত্র নয় বরং ভক্তিচিত্ত মন নিয়েই জগজ্জননীকে কামনা করেছেন। শাক্তপদাবলীকার আপন আপন চিত্ত মাঝারে চেয়ে বলেন ঃ 'আপনারে আপনি দেখ/যেওনা মন কারু ঘরে।/যা চাবে এইখানে পাবে/খোঁজ নিও অন্তঃপুরে।' (কমলাকান্ত) কিম্বা ঃ 'আয় মন বেড়াতে যাবি/কালী কল্পতরু মূলে চারি ফল কুড়ায়ে খাবি।' (রামপ্রসাদ সেন) আর বাউল সাধকেরাও আগম, পুরাণ, বেদ কিম্বা তন্ত্রাচার নয়, মনেরই কাণ্ডারী। নব্বই-এর দশকে প্রায় বাউলের সুরেই গাওয়া দিলরুবা খানের 'পাগল মন মনরে, মন কেন এত কথা বলে' গানের কথাতেও উঠে এসেছে সেই অন্তঃহীন মনেরই খোঁজ।

বলাইবাহুল্য, বাউল যেহেতু বেদ অথবা কোরান নির্ভর নয়, দেহভাণ্ডই তার আত্মোপলব্ধির বাগান অথবা সোপান তাই বাউলদের বেদ বা কোরানের ন্যায় কোনো ধর্মগ্রন্থও নেই। তা মৌখিকভাবে রচিত ও মুখে

মুখেই তা শতাব্দীব্যাপী প্রচার লাভ করেছে। প্রবহমানতাই বাউলের প্রাণশক্তি এবং তা একপেশে আঞ্চলিকতার প্রভাব থেকেও মুক্ত। প্রবহমানতার ধর্ম কখনই কোনো কিছুতে জীর্ণতা অথবা স্থবিরত্ব আনে না। নতুন যুগের আবহে তা নতুন উপকরণ সংগ্রহ করে ও নিজের শক্তিতেই আত্মরক্ষা করে চলে। বাউলের স্বভাবধর্মও অনেকটা তাই। প্রাবন্ধিক অপূর্ব কর বলেন ঃ 'লালনের তিরোধানের (১৮৯০) প্রায় চার বছর পর ঐতিহাসিক অক্ষয় কুমার মৈত্র 'ভারতী' পত্রিকায় লিখেছিলেন, লালনকে কেউ কিছু জিজ্ঞাসা করলে তিনি স্বপ্রণীত গানেই তার উত্তর দিতেন। লালনের জীবন কথার প্রথম লেখক রাইচরণ দাশ বা বসন্তরঞ্জন পাল সম্পাদিত ১৮৯০-এ 'হিতকরী' পত্রিকাতেও লেখা একই কথা।'[৮] বাউল তার উদার সাঙ্গীতিক সুরের মধ্যে দিয়ে ঈশ্বরের চরণ স্পর্শ করতে চায়। সুর আর কথার বিন্যাসে মনের মানুষের কাছে সাজায় তার হৃদয়ের নৈবেদ্য। রবীন্দ্রগানেও এমনটি দেখতে পাই। কবি বলেন ঃ 'দাঁড়িয়ে আছো তুমি আমার গানের ওপারে।/আমার সুরগুলি পায় চরণ, আমি পাইনে তোমারে.' আধুনিক গীতিকবিতার মতই প্রচ্ছন্ন এক সুরেলা মিলও যেন ফুটে ওঠে বাউল গানের কোনো কোনো কথায়। যেমন লালন বলেন ঃ 'যোগীন্দ্র মুনীন্দ্র যারে/পায় না যোগ ধ্যান ক'রে/সেই কৃষ্ণ গোপীর দ্বারে রয়েছে কেনা।' এরই সাথে মিলিয়ে নেওয়া যায় গীতিকবি বিহারীলালের 'সারদামঙ্গল' কাব্যের সেই লাইন কটি যেখানে কবি বলেন ঃ 'কিরণ-মণ্ডলে বসি/জ্যোতির্ময়ী সুরূপসী/যোগীর ধ্যানের ধন ললাটিকা মেয়ে/নামিলেন ধীর ধীর,/দাঁড়ালেন হয়ে স্থির/মুগ্ধ নেত্রে বাল্মীকির মুখ পানে চেয়ে।'

বাউলের সব চেয়ে অবিনাশী শক্তি বলে যা আমার মনে হয় তা হলো, এর আবহমানকাল ব্যাপী ব্যাপ্তির শক্তি। উৎসে মৌখিক হলেও আজ তা লোকমান্য সাহিত্য তথা লোকসঙ্গীতের অন্যতম মুখ্য ধারা। গ্রামীণ অনুশীলনে সিদ্ধ হলেও লোকসঙ্গীতের এ ধারা আজ যেমন লেখ্য সাহিত্যে তার স্বীকৃতি ও প্রাসঙ্গিকতা আদায় করে নিতে সক্ষম হয়েছে তেমনি অনুশীলনের ব্যাপ্তিতেও তা আজ নাগরিক সমাজের বুকে এক ঐতিহ্যশালী ও সক্রিয় সঙ্গীত-মাধ্যম হয়ে উঠেছে। কিন্তু শুধুমাত্রই সাহিত্য অথবা সংস্কৃতিধর্মিতা নয়, বরং ধর্মসঙ্গীতের বিষয়বস্তু হওয়ায় বাউল ভারতীয় জীবনদর্শনেরও অঙ্গ। জীবনাশ্রয়ী লোকসঙ্গীত এবং তত্ত্বাশ্রয়ী ধর্মসঙ্গীত এই দু ধরণের স্বভাব লক্ষণই বাউলের মধ্যে বিদ্যমান। চৈতন্য-যুগ ও চৈতন্য-পরবর্তী যুগে রচিত পদাবলী সাহিত্যের ধারাতেও এমনই লৌকিক ও শাস্ত্রীয় ধর্মের সমন্বয়ী ভাবনার সম্মিলনকে বিকশিত হতে দেখা যায়। বাউল সাধনার আর এক উল্লেখযোগ্য দিক হলো এর বৈরাগ্যের দিকটি। প্রসঙ্গত বলা যায়, লোকসঙ্গীতের অন্যান্য ধারাতেও বৈরাগ্যের এ লক্ষণটিকে খুঁজে পাওয়া যায়। এ বঙ্গের বীরভূম, পুরুলিয়া, উত্তর-পশ্চিম মেদিনীপুর ও পূর্ববঙ্গের (অধুনা বাংলাদেশ) রাজশাহী ও পাবনা জেলাতে প্রচলিত ঢুয়া বা ধুয়া গানের মধ্যেও বৈরাগ্য আছে তবে তা ভাবের দিক দিয়ে বাউলের থেকে অনেকটাই আলাদা। বাউল সাধক লালন যখন সহজ মনের ধর্মে বৈষ্ণব কবিদের ন্যায় বলে ওঠেন ঃ 'যে ভাব গোপীর ভাবনা।/সামান্যের কাজ নয় সে ভাব জানা।।/বৈরাগ্য ভাব বেদের বিধি/গোপীকা ভাব প্রেমের নিধি।/ডুবে থাকে তাহে নিরবধি রসিক জনা।।' তখন মনে হয় বাউলের কাছে প্রেম ও বৈরাগ্য উভয়ে একে অপরের বিপরীত, যেখানে প্রেমই গণ্য, বৈরাগ্য পরিত্যাজ্য। কিন্তু সেই বাউল সাধকই যখন গেয়ে ওঠেন ঃ 'পিরীতের মানুষ যারা, আউলা-বাউলা হয় রে তারা।/হাসন রাজায় পিরীত কইরা, হইয়াছে

বুদ্ধিহারা।' (হাসন রাজা) তখন বাউলের বৈরাগ্য ভাবাশ্রিত মনটিকে সম্পূর্ণভাবেই সর্বপ্রকার সংসার-বাসনা মুক্ত বলেই মনে হয়। প্রথম জীবনে জমিদারি ও ভোগবিলাসে মত্ত থাকলেও হাসন রাজা শেষ দিকে বৈরাগ্য অনুভব করেন। ফলে এই সময়ে রচিত তাঁর গানে বাউলের বৈরাগী ভাবটি ফুটে উঠেছে। বৌদ্ধ সিদ্ধাচার্যগণও সহজযানে বলেছেন 'বাপু হে, সবই তো শূন্য—সংসারও শূন্য, নির্বাণও শূন্য—তবে যে আমি আমি বলিয়া বেড়াই, এটা কেবল ধোঁকা মাত্র।'[৯] সংসার জালের অন্ধ কুহকী মায়ায় জর্জরিত শাক্ত সাধক কবি রামপ্রসাদ যখন বলেন ঃ 'এ সংসার ধোঁকার টাটি' তখন মনে হয় শাক্তগানও যেন সংসারচক্র ছেড়ে বৈরাগ্যের পথে চালিত। কিন্তু গভীরভাবে লক্ষ্য করলে বোঝা যায় শাক্তগানে সংসার ত্যাগের বাসনা নয় বরং সংসার সমুদ্রের মাঝে দাঁড়িয়ে সকল দুঃখ জয়ের সাধনাই প্রধান হয়ে উঠেছে। পরম করুণাময়ী জগজ্জননীর কোলে আশ্রয় নেবার আকুতি নিয়ে শাক্তকবি জোর গলায় বলতে পেরেছেন ঃ 'সংসারে আনিয়ে মা গো করলে আমায় লোহা পেটা/আমি তবু কালী বলে ডাকি, শাবাশ আমার বুকের পাটা!' কখনও সাধক কবি রামপ্রসাদ বলেন ঃ 'আমি কি দুঃখেরে ডরাই।/ভবে দেও দুঃখ মা, আর কত চাই।।/আগে পাছে দুঃখ চলে মা, যদি কোনখানেতে যাই।/তখন দুঃখের বোঝা মাথায় নিয়ে দুঃখ দিয়ে মা বাজার মিলাই।।' অন্যদিকে কোনো হাহাকার কিম্বা আত্মগ্লানি ধারণ করে নয়, এক মহাপ্রেমের আকর্ষণে বাউল সাধক অনন্তের পথিক, ঘরছাড়া। মনের মানুষের খোঁজে পথের মানুষের ভিড়েই সে চিরকাল খুঁজে বেড়ায় তার চিরন্তন ঘরের আশ্রয়—তাই সে চির প্রেমিক, চির বৈরাগী। সংসার জীবনে সুজন ও কুজন হলো সেই দু'জন যারা বসত করে মানুষের মনে। শাক্ত ও বাউল দুই পদকর্তাদের পদেই এই সুজন-কুজনের পরিচয় পাওয়া যায়। লৌকিক পদকারও বলেন ঃ 'তোমার ঘরে বসত করে কয়জনা, মন জান না।' সুজন হলো রসিক ও প্রেমিক। কুজন দেয় দুঃখ, কষ্ট, শোক-তাপ। ভববন্ধন খণ্ডনে মাতৃভক্তি-পরায়ণ ভক্তের ন্যায় আপন হৃদয় দ্বার উন্মুক্ত করে শাক্ত কবি মহারাজাধিরাজ বিজয়চাঁদ মহাতব বলতে পারেন ঃ 'নদী ও সময়, সমান উভয়,/ধীরে ধীরে নয়, লয়ে সমুদয়।/সচেষ্ট সুজন লভয়ে রতন,/জড় অভাজন, দুঃখভাগী হয়।।' আর কৃষ্ণপ্রেমে মত্ত সর্বত্যাগী রসিক সুজনের মতই যেন লালন বলতে পারেন ঃ 'যে জন গোপী অনুগত/জেনেছে সেই নিগূঢ় তত্ত্ব/লালন কয় রসিক মত্ত/পেয়ে সেই রসের ঠিকানা।' বৈরাগ্যের সুর হয় উদাত্ত। বাউলের উদারতার এই গুণ আবার পূর্ববঙ্গীয় ভাটিয়ালির সুরের সঙ্গে সঙ্গতিপূর্ণ। প্রচলিত ভাটিয়ালি লোকসঙ্গীতটি পূর্ববঙ্গের (অধুনা বাংলাদেশ) নদীপথে ভাঁটার টানে ক্লান্ত-মন্থর গতিতে দাঁড় টানা মাঝিমাল্লাদের গান। কালক্রমে ভাটিয়ালি গানর বিষয়বস্তু আর সুরেও বাউলের তত্ত্বকথা এবং বৈষ্ণবীয় সহজিয়া ভাবনার মিলন ঘটেছে। যেমন ঃ 'আমার কালপাখী যায় গো উড়ে/ভালোবাসার শিকল ছিঁড়ে/আহা কি করবো গো প্রাণসখী,/শূন্য পিঞ্জর যত্ন করে।' (ভাটিয়ালি, দ্বিজ মৃণাল, শ্রীহট্ট) এ সুর বাউলের ন্যায়। কালক্রমে ভাটিয়ালিতে মুর্শীদ্যা ও মারফতির তত্ত্বকথাও প্রবেশ করেছে। মানব-জীবনের দুঃখ-বেদনার অভিব্যক্তিগুলিও সেইসঙ্গে স্পষ্ট হয়ে উঠেছে। আবার দুঃখ-বেদনার অভিব্যক্তিগুলির প্রকাশে বাউল ও শাক্তগানের মধ্যে এক আশ্চর্য মিল খুঁজে পাওয়া যায়। জীবনের আনন্দ-বেদনা, সুখ-দুঃখ এবং আশা-নিরাশার দ্বন্দ্ব বাউলের এক অন্যতম লক্ষণ। তা বাংলার শাক্ত পদ এবং টপ্পা গানেরও এক বিশেষ লক্ষণ। শাক্ত কবি রামপ্রসাদ লেখেন ঃ 'মা তোমারে বারে বারে জানাব আর দুঃখ কত/ভাসিতেছি দিবানিশি দুঃখ-নীরে স্রোতের শ্যাওলার মত।' কিম্বা শাক্ত কবি মহারাজাধিরাজ বিজয়চাঁদ

মহাতবের পদে দেখি ঃ 'সকলই তো গেছে যাতনা রয়েছে।/মনোসাধ মম, সব মিটে গেছে।।/পুত্র পরিবার, পিতা মাতা আর,/সকলই তো গেছে আছে, হাহাকার,/সুখ গেছে চলে, আছে তার স্থলে,/দুঃখের অনল, সতত জ্বলিছে।।' আর ত্রিতাপ জ্বালায় কাতর বাউল ফকির নাসিরউদ্দীন ঈশ্বরকে উদ্দেশ করে সকাতরভাবে বলে ওঠেন ঃ 'তুমি দয়া কর দয়াময়/দীনহীনে ডাকে যে তোমায়/তোমার আশায় চিরদিন এ যৌবন বয়ে যায়/দিনে দিনে ফুরাল দিন, আমার ভাবতে ভাবতে/তনু যে ক্ষীণ/আমায় কী ভাবেতে ভেবেছ ভিন, আমি কি তোর কেহ নয়/কত সহে জীবনে, আমি পুড়ে মলাম আশকৎ আগুনে/দেবা পার কত দিনে—দীনহীন নসরে কয়।' এর সঙ্গে আর এক লৌকিক পদকার কাঙাল হরিনাথ মজুমদারের 'হরি দিন তো গেল সন্ধ্যা হলো/পার করো আমারে' পদটিকেও মেলানো যায়। তবে বাউল গানের 'মনের মানুষ'-এর প্রভাব সুদূরপ্রসারী। এই সর্বব্যাপিতার কারণেই বোধ হয় বাউলের প্রভাবে তা টপ্পা গানেও এসেছে। টপ্পা গানেও মানুষী মনের অনুসন্ধানী কথা বলেন ঃ 'বাঁধা যার কাছে মন,—/সেই মোর প্রিয়জন,/সে জনে দরশনে, সদা প্রয়োজন।' (টপ্পা, শ্রীধর কথক)। তবে জীবনের ধোঁকা নয়, আনন্দই হলো শেষ কথা। বাউলের আদিসূত্র সহজযানেও সিদ্ধাচার্যগণ বলেন ঃ 'এই ধোকার পশরা নামাইয়া ফেলো। তখন দেখিবে কিছুই কিছু নয়। সুতরাং আনন্দ করো। আনন্দই শেষ থাকিবে। আদিতেও আনন্দ, মধ্যেও আনন্দ, শেষেও আনন্দ।'[১০] তাই সহজযানেও বলা হয় যে, দুঃখ উপস্থিত হলে মন স্থির থাকবে না, আর মন স্থির না থাকলে সিদ্ধিলাভ হবে না। আত্মার সঙ্গে আত্মার মিলনাকাঙ্খী ফকির দয়াল সাঁইও বলেন ঃ 'একবার আয় দেখিরে, তোমায় নয়ন ভরে দেখি/তোমার মতন ভক্ত পেলে, আমি হৃদমন্দিরে রাখি।/আমি নিজ শক্তি তোমায় দিয়ে/থাকব তোমার অধীন হয়ে/আত্মা আত্মায় মিশায়ে হব আমি সুখী।' বাংলার আর এক প্রচলিত লোকসঙ্গীত 'তরজা'র (কবিগানের তৃতীয় পর্যায়ের অন্যতম অংশ) কোনো কোনো হেঁয়ালিতেও চাপান-উতোর (অর্থাৎ প্রশ্নোত্তর)-এর ভঙ্গিমায় বাউল প্রসঙ্গ এসেছে। যেমন 'শ্রীচৈতন্যচরিত' কাব্যের একটি প্রাচীন তরজায় উল্লেখ আছেঃ 'বাউলকে কহিও লোক হইল আউল।/বাউলকে কহিও হাটে না বিকায় চাউল।।/বাউলকে কহিও কাজে নাহিক আউল।/বাউলকে কহিও ইহা কহিয়াছে বাউল।।'[১১] পদটি প্রমাণ করে ষোড়শ শতাব্দীর প্রণিধানযোগ্য বাংলা সাহিত্যেও বাউল প্রসঙ্গ কতটা গুরুত্বপূর্ণ ছিল।

বাউল গানের বিষয়বস্তুতে রাধা-শ্যামের প্রণয়লীলা প্রকাশের সঙ্গে সঙ্গে লীলার পথ প্রদর্শক ও প্রত্যক্ষ সহচর রূপে লীলাকীর্তনকারী গায়কেরও পরিচয় মেলে। সাধনমার্গের তত্ত্বগুলিও সেইসঙ্গে রূপক ও সঙ্গীতের মাধ্যমে প্রকাশিত হয়। গঠন ভঙ্গিমার দিক থেকে এটি চর্যাপদ ও বৈষ্ণব পদাবলীর সমধর্মী। বাউল সাধক ও ভক্ত কবিগণ বৈষ্ণব পদাবলীকারদের ন্যায় প্রধানত দাস্যভাবে ভাবিত হয়ে পরম লীলাময় ও প্রেমাস্পদের কাছে নিজেকে উজাড় করে দিতে চান। এ প্রসঙ্গে একটি কথা বলা যায় ঃ 'আজ পাশা খেলব রে শ্যাম'। গানটির উৎপত্তি হয় ঊনবিংশ শতাব্দীর সিলেটে, সেখান থেকে সেটি ক্রমশঃ ধর্মীয় ও ভৌগোলিক সীমা পেরিয়ে পূর্ববাংলার বুকে আজ একটি অত্যন্ত জনপ্রিয় গানে পরিণত হয়েছে। অন্যান্য বৈষ্ণব বাউলসঙ্গীতের মত রাধারমণ দত্ত পুরকায়স্থের লেখা গানটিও মানুষের মনে ঈশ্বরকে পাওয়ার আকাঙ্খাটুকুকে খেলার ছলে ব্যক্ত করে লেখা। গানটির পংক্তিগুলো আপাতদৃষ্টিতে সহজ ও গ্রাম্য মনে হতে

পারে, কিন্তু ভেবে দেখলে দেখা যায় কি গভীর অর্থ এতে লুকিয়ে আছে। সাধক রাধারমণ দত্ত বলেন ঃ 'ও শ্যাম রে তোমার সনে/একেলা পাইয়ারি রে শাম/এই নিঠুর বনে/আজ পাশা খেলবো রে শ্যাম/একেলা পাইয়াছি হেথা পলাইয়া যাবে কোথায়।।/চৌদিকে ঘিরিয়ারে রাখবো।। সব সখি সনে/আজ পাশা খেলবো রে শ্যাম।' 'পাশা' খেলার এই সহজ তাৎপর্যে সখারূপে ঈশ্বরকে হয়তো আমরা বাঁধতে পারি, কিন্তু পাশাখেলায় জিতে তাঁকে সত্যিই পাওয়া কি তাঁরই ইচ্ছার উপর নির্ভরশীল নয়? লৌকিক পদাবলীতেও পাওয়া যায় ঃ 'আমি ঠেকলাম রূপের ফান্দে,—/গো সই, শ্যাম চান্দেরে।/মদনেরি পঞ্চবাণে পঞ্চশর বিন্দে,/ধইরয না মানে চিত্তে যার লাগি কান্দে,—/গো সই শ্যাম চান্দেরে।।' (ঢাকা) এ পদেও বাউলের সঙ্গে সঙ্গে বৈষ্ণব পদের ভাবসূত্রে চোখে পড়ে রাধা-কৃষ্ণের মিলনাকাঙ্খার সেই আর্তি যেখানে ভক্ত ও ভগবানের মিলনাকাঙ্খাটাই হলো মূল কথা। বৈষ্ণব পদাবলীর মতই দাসরূপী ভক্তহৃদয়ের আবদার, গোহারী ও মিনতি চমৎকারভাবে ধরা পড়ে নাসিরুদ্দীনের একটি ফকিরী পদে যেখানে নাসের বলেন ঃ 'তুমি ভক্ত হতে প্রকাশিত, ভক্ত না থাকিলে কে ডাকিত/তুমি মনিব আমি যে দাস, আমা হতে তোমার নাম প্রকাশ।' ভক্তের প্রার্থনার ভঙ্গিমাটিও এখানে চোখে পড়ে বৈষ্ণবীয় প্রার্থনা বিষয়ক পদের মতোই। এ প্রসঙ্গে মনের মানুষের সঙ্গে মিলিত হওয়ার গভীর আকাঙ্খা নিয়ে লালন ফকিরের একটি জনপ্রিয় গানের কথাও বলা যায়, যেখানে লালন বলেন ঃ 'মিলন হবে কত দিনে/আমার মনের মানুষেরও সনে।।/চাতক প্রায় অহর্নিশি/চেয়ে আছে কালো শশী/হবো বলে চরণ দাসী/ও তা হয়না কপাল গুণে।।/মেঘের বিদ্যুৎ মেঘে যেমন/লুকালে না পাই অন্বেষণ/কালারে হারায়ে তেমন/ঐ রূপ হেরিয়ে দর্পণে।।/যখন ও রূপ স্মরণ হয়/থাকে না লোক লজ্জারও ভয়/লালন ফকির ভেবে বলে সদাই/প্রেম যে করে সে জানে।' গানটি লালন খুব সম্ভবত লিখেছিলেন প্রতিটি মানুষের অন্তঃস্থলে সেই রাধাকে দেখতে পেয়ে, যে তার চিরকালের প্রেমিক কৃষ্ণের জন্য আকুল হয়ে অপেক্ষা করে থাকে। আরাধ্যজনের প্রতি গভীর প্রেম ও ভক্তি নিয়ে লেখা এই গানটি। গানটি পরবর্তীতে Dr. Carol Salomon ইংরাজীতে অনুবাদ করেন। লালনের সমসাময়িক দ্বিজভূষণ রচিত আর একটি জনপ্রিয় বাউল গানেও বৈষ্ণব পদাবলীর ঢংটি লক্ষণীয়। গানটি হলো ঃ 'ভুবনো মোহনো গোরা, কোন মণিজনার মনোহরা/ওরে রাধার প্রেমে মাতোয়ারা চাঁদ গৌর/ধূলায় যাই ভাই গড়াগড়ি/যেতে চাইলে যেতে দেবো না।/তোমার হৃদয় মাঝে রাখিবো ছেড়ে দেবো না।/তোমায় হৃদ মাঝারে রাখিবো ছেড়ে দেবো না।/যাবো ব্রজের কুলের কুলে/আমরা মাখবো পায়ে রাঙ্গাধূলি/ওরে নয়নেতে নয়ন দিয়ে রাখবো তারে/চলে গেলে যেতে দেবো না/তোমায় হৃদ মাঝারে রাখিবো ছেড়ে দেবো না।/তোমায় বক্ষ মাঝে রাখিবো ছেড়ে দেবো না।' বাউল পদকর্তাদের সঙ্গে বৈষ্ণব রস সাহিত্যের সম্পর্ক যে নিগূঢ় ছিল তারও প্রমাণ মেলে অন্য আর একটি ঐতিহাসিক সূত্রেও। প্রায় দেড়শত বৎসর পূর্বে যশোহর জেলার বাড়খাদিয়া গ্রামের মধুসূদন কিন্নর রাধামোহন বাউলের কাছে ঢপকীর্তন শিক্ষা করেন।[১২]

সাধনমার্গের পথে বৈচিত্র্যের মধ্যে একাত্মতা, তাত্ত্বিক পার্থক্যের মাঝেও একতা ও সমন্বয় সাধনই বাউলের চিরকালীন স্বভাবধর্ম। সে কারণে হিন্দু বাউলের কণ্ঠে নবীন প্রেম ও ইসলামী জীবনদর্শন যেমন স্বাভাবিক তেমনই মুসলিম ফকিরও হিন্দু জীবনদর্শন ও রাধাকৃষ্ণ লীলাতত্ত্বকে

আপন করে নেন কিম্বা চৈতন্যবিষয়ক পদ নিয়ে সঙ্গীত রচনা করেন। একই দেহের মাঝে ভগবান কিম্বা আল্লার বসতি বাউল সাধনায় ধর্মের একলীনতাকে স্পষ্ট করে। ঈশ্বরের ক্রিয়ার রহস্যকে বুঝতে গিয়ে মানুষের অসহায়তার কথা তুলে ধরতে বাউল সম্রাট লালন সাঁই বলেনঃ 'কে বোঝে মওলার আলেকবাজি।/করছে রে কোরানের মানে/যা আসে যার মনের বুঝি।।/একই কোরান পড়াশুনা/কেউ মৌলবি কেউ মওলানা/দাহেরা হয় কত জনা/সে মানে না শরার কাজি।।' কিম্বা লালনের পদে ঃ 'সব লোকে কয় লালন কি জাত সংসারে/লালন ভাবে জাতের কীরূপ দেখলেম না এই নজরে।' আবার ফকির সাঁই বলে ঃ 'যখন গড়েছিল আদম, এক চিজ রেখেছে কম—এই ভালোবাসার কাম।/আর, জপতপ, ভজন সাধন, সে ধন বিনে সব অকারণ/আবার যদিও শুনি আলিফে লাম লুকায় যেমন, এই মানুষে সাঁই/আছে তেমন/জাতে আর সিফাতে খোদা, মিশে সদাই/এবং কুলুবেন মোমিন আরশ আল্লাতালা/কোরানেতে আছে খোলা/যেদিকে ফিরাই আঁখি, সেইদিকে তোমারে দেখি/যেখানে ফুল সেখানে বাস, থাকে মিশামিশি,/তবে কেন দেও না দেখা বলো, করি কী উপায়/সাঁই এর আজব লীলা আমার বুঝার সাধ্য নাই। আহাদে আহমদ হল মোহাম্মদে লুকাইল/আদমরূপে প্রকাশ হল, তিনে হল এক বরণ।' হিন্দু-মুসলমানের অভেদ বোঝাতে ফুলবাস উদ্দীন তাঁর ফকিরি গানে বলেন ঃ 'জাত বিজাতি যে বাছে/তার চেয়ে আর বোকা কে আছে।/আর ব্রহ্মাণ্ডময় একই খোদা/এই মানুষ ছাড়া নয়কো জুদা/এক চিজেতে সবাই পয়দা,/ধাঁধায় পড়ে ঘুরতেছে।/বামুক কায়েত হাড় মুচি/একই জলে হলেন শুচি/সেখানে নাই বাছাবাছি/সকলে শুচি হচ্ছে।/আর চন্দ্র সূর্য নক্ষত্রগণ/এই মাটির উপরে সবারি আসন/এক মনিবের সব প্রজাগণ/ফুলবাস উদ্দীন ভাবতেছে।' আবার নাসিরের একটি পদে দেখি ঃ 'আমি দুগ্ধ, তুমি মাখন, আমি পাথর, তুমি আগুন/আমি ফুল, তুমি ঘ্রাণ—রাখছি জাত সিফাতে/জাত সিফাতে সিফাতে জাত, আমি তুমি নয়কো তফাত/তুমি আছ নসরের সাথ, খেতে শুতে পথে যেতে।' পদটিতে এক সুমধুর কবিত্বের মধ্যে দিয়ে অভেদতত্ত্বের সহজ কথাটি সুন্দরভাবে পরিবেশিত হয়েছে। আউল-বাউল সাহিত্যে এমন পদের সংখ্যা অসংখ্য। তুলনামূলকভাবে বাংলায় বৈষ্ণব বাউল শাখার সংখ্যা মুসলিম ফকির শাখার থেকে বেশী হলেও ধর্মগত বা আচারগতভাবে তা কখনও বাউল সঙ্গীতকে সংকীর্ণ করতে পারে নি।

তথ্যসূত্র ঃ

১. বাংলার লোক সাহিত্যে রাধাকৃষ্ণ প্রসঙ্গ, পৃঃ ৩৭৮
২. হরপ্রসাদ শাস্ত্রী রচনা-সংগ্রহ, তৃতীয় খণ্ড, পৃঃ ৩৫৬
৩. বাংলার লোক সাহিত্যে রাধাকৃষ্ণ প্রসঙ্গ, পৃঃ ৩৮২
৪. হরপ্রসাদ শাস্ত্রী রচনা-সংগ্রহ, তৃতীয় খণ্ড, পৃঃ ৩৬৩
৫. তদেব, পৃঃ ৩৫৭
৬. লোকশিক্ষার আলোয় শ্রীরামকৃষ্ণ, পৃঃ ৪৬৩
৭. রূপ ও অরূপ, সঞ্চয়, রবীন্দ্র রচনাবলী, বৈদ্যুতিক সংস্করণ, পৃঃ ২
৮. বাঙালি আত্মার মহোজ্জ্বল প্রকাশ, ক্লেদজ কুসুম, পৃঃ ৩২
৯. হরপ্রসাদ শাস্ত্রী রচনা-সংগ্রহ, তৃতীয় খণ্ড, পৃঃ ৩৬৪

১০. তদেব, পৃঃ ৩৬৫
১১. বাংলার লোক সাহিত্যে রাধাকৃষ্ণ প্রসঙ্গ, পৃঃ ২৮৩
১২. তদেব, পৃঃ ৩৬৭

গ্রন্থাবলী ঃ

১. চৌধুরী, সত্যজিৎ (সম্পাদনা), হরপ্রসাদ শাস্ত্র রচনা-সংগ্রহ, তৃতীয় খণ্ড, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষৎ, ২য় মুদ্রণ, জুলাই ২০০১
২. ঠাকুর রবীন্দ্রনাথ, সঞ্চয়, রবীন্দ্র রচনাবলী, বৈদ্যুতিন সংস্করণ, ভাষাপ্রযুক্তি গবেষণা পরিষদ পরিবেশিত
৩. ভট্টাচার্য, ড. গৌরী, বাংলার লোক সাহিত্যে রাধাকৃষ্ণ প্রসঙ্গ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, মার্চ, ১৯৮৯
৪. বক্সী, ড. পি.জি. লোকশিক্ষার আলোয় শ্রীরামকৃষ্ণ, পুনশ্চ, আগস্ট ২০০৯
৫. ভট্টাচার্য, আশুতোষ, লোক সঙ্গীত রত্নাকর, পশ্চিমবঙ্গ লোক-সংস্কৃতি গবেষণা পরিষদ, কলকাতা, ১৯৬৬
৬. দাশগুপ্ত, শশিভূষণ, শ্রী রাধার ক্রমবিকাশ : দর্শনে ও সাহিত্যে, মুখার্জি অ্যান্ড কোং প্রাঃ লিঃ, কলকাতা, ৩য় সংস্করণ, ১৩৭০
৭. চক্রবর্তী, সুধীর, ব্রাত্য লোকায়ত লালন, পুস্তক বিপণি, কলকাতা, ডিসেম্বর ১৯৯২
৮. ঝা, শক্তিনাথ, লালন সাঁই এর গান, কবিতা প্রকাশ, কলকাতা ২০০৫
৯. চক্রবর্তী, সুধীর, গভীর নির্জন পথে, আনন্দ পাবলিশার্স লিমিটেড, কলকাতা, জুলাই ১৯৮৯
১০. চট্টোপাধ্যায়, প্রণবকুমার (সম্পাদনা), ক্লেদজ কুসুম, বইমেলা, ১৪২২, ফেব্রুয়ারী ২০১৬
১১. সেনশাস্ত্রী, ত্রিপুরাশঙ্কর, শাক্ত পদাবলী : সাধন-তত্ত্ব ও রসবিশ্লেষণ, এস ব্যানার্জি অ্যান্ড কোং ও ঝামা পুস্তকালয়, কলকাতা, ১৯৮৮
১২. রায়, অমরেন্দ্রনাথ (সম্পাদনা), শাক্তপদাবলী (চয়ন), একাদশ সংস্করণ, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলকাতা, ২০০২

ওয়েবসাইট ঃ

১. http://lalonsain.wordpress.com
২. http://bn.wikisource.org

ঠাকুরমার ঝুলি ও আজকের শৈশব ঃ একটি পর্যালাচনা

ডঃ ইন্দ্রাণী দত্তশতপথী
অ্যাসোসিয়েট প্রফেসর,
বাসন্তী দেবী কলেজ
ই-মেইল—idsatpathi@gmail.com

সারসংক্ষেপ

বিশ শতকের গোড়ার দিকে ঢাকা, ময়মনসিংহের গ্রামে গ্রামে ঘুরে দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার 'ঠাকুরমার ঝুলি'র গল্পগুলি সংগ্রহ করেছিলেন। ঠাকুরমার মুখের কথাকে ছাপার অক্ষরে তুলে ধরে তিনি রূপকথার এক অপরূপ জগত সকলের কাছে মেলে ধরলেন যার ফলে সবচেয়ে উপকৃত হল শিশুরা। রূপকথা শিশুকে ভাবতে শেখায় যে সে একা নয়, সে একটা বড়ো কিছুর সঙ্গে যুক্ত। বিরাট একটা প্রাচীনকাল, একটা অবহমানতার সাথে যুক্ত সে। শিকড়ের সন্ধান দেয় রূপকথা। রচনাটির মধ্যে আজকের শিশুমন ও রূপকথার প্রাসঙ্গিকতার বিষয়টি নানা অনুষঙ্গে বলা হয়েছে। যান্ত্রিকসভ্যতায় ব্যস্ত কল্পনাবিমুখ শিশুদের মনের সুন্দর অনুভূতিগুলি বিকশিত করে তুলতে রূপকথার তুলনা নেই।।

সূচক শব্দ : রূপকথা, বর্তমানের শিশু, আনন্দের প্রাপ্তি

আজকের দিনে শিশু ও কিশোরদের কাছে 'ঠাকুরমার ঝুলি' যে কতটা প্রাসঙ্গিক, আমার এই আলোচনায় সেই দিকগুলোকেই স্পর্শ করার চেষ্টা করেছি। এই প্রসঙ্গে আমরা স্মরণ করব দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারকে, যিনি বিশ শতকের গোড়ার দিকে ঢাকা, ময়মনসিংহের গ্রাম থেকে গ্রামে ঘুরেছেন, গ্রামের বৃদ্ধ বৃদ্ধাদের মুখ থেকে শুনেছেন লোক-আখ্যান। কখনো সেকেলে এক ফোনোগ্রাফের সাহায্যে মোমের রেকর্ডে মুদ্রিত করে নিচ্ছেন আখ্যানগুলো। বার বার শুনেছেন সেসব। চেষ্টা করেছেন বিভিন্ন রূপভেদ থেকে মূল ঐক্যসূত্রটি খুঁজে পেতে। ক্রমাগত বাছাই ঝাড়াই এর কাজে গ্রন্থনার কাজে তাঁকে যথেষ্ট সাবধানী হতে হয়েছিল। দেখতে হচ্ছিল যাতে সহজ নৈপুণ্য অনায়াস দক্ষতার পরিচয় লেখ্য পাঠে বজায় থাকে; যাতে বাকস্পন্দ, ছন্দময় সংলাপ সাবলীল ও অক্ষুণ্ণ থাকে।

'ঠাকুরমার ঝুলির' ভূমিকা লিখেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি ভূমিকায় জানালেন '''ঠাকুরমার ঝুলি'র মতো এত বড়ো স্বদেশী জিনিস আমাদের দেশে আর কি আছে? ...দক্ষিণারঞ্জনবাবুর ঠাকুরমার ঝুলি বইখানি পাইয়া তাহা খুলিতে ভয় হইতেছিল। আমার সন্দেহ ছিল, আধুনিক কলমের কড়া ইস্পাতের মুখে এ সুরটা পাছে বাদ পড়ে, এখনকার কেতাবী ভাষার এ সুরটা রাখা বড়ো শক্ত, আমি হইলে তো এ কাজে সাহসই করিতাম না। .....কিন্তু দক্ষিণারঞ্জনবাবুকে ধন্য! তিনি ঠাকুরমার মুখের কথাকে ছাপার অক্ষরে তুলিয়া পুঁতিয়াছেন তবু তাহার পাতাগুলি প্রায় তেমনি সবুজ, তেমনি তাজাই রহিয়াছে। রূপকথার সেই বিশেষ

ভাষা রীতি, তাহার সেই প্রাচীন সরলতাটুকু তিনি যে এতদূর রক্ষা করিতে পারিয়াছেন, ইহাতে তাঁহার সূক্ষ্ম রসবোধ ও স্বাভাবিক কলানৈপুণ্য প্রকাশ পাইয়াছে"।[১]

আজকের দিনের সঙ্গে ঠাকুরমার ঝুলির প্রাসঙ্গিকতার আলোচনা করতে গেলে প্রথমেই বলতে হয় এর মধ্যেকার সম্পর্কের বিন্যাসের কথা। রূপকথায় যেসব চরিত্র আসে তাদের মধ্যে যে সম্পর্কের বিন্যাস, তার সঙ্গে আজকের শিশু কতটা পরিচিত? সেইসব সম্পর্কের সঙ্গে সে নিজেকে কীভাবে মিলিয়ে নিতে পারে? ঠাকুরমার ঝুলির বিভিন্ন গল্পে ভাইয়ে-ভাইয়ে, বন্ধুতে-বন্ধুতে যে সম্পর্ক দেখা যায়, আজকের শিশুদের প্রতিযোগিতামূলক সম্পর্কের টানাপোড়েনে সে সম্পর্ক খুঁজে পাওয়া কঠিন।

'ঠাকুরমার ঝুলির' 'নীলকমল আর লালকমল' গল্পে এক রাজার দুই রানি, এক রানি রাক্ষসী। দুই রানির দুই ছেলে মানুষ রানির ছেলে কুসুম, আর রাক্ষসী রানির ছেলে অজিত। অজিত আর কুসুম দুই ভাই গলাগলি। রাক্ষসী সতীন পুত্রকে তিন ছত্রিশ গালি দেয়, দাদাকে নিয়ে গিয়ে অজিত নিরালায় চোখের জল মুছায়। 'দাদা আর থাক, আর আমরা মার কাছে যাব না।' একদিন মস্ত এক রাক্ষস কুসুমকে খেতে এল। রাজা চোখের জলে ভেসে গেলেন। রাক্ষসী রানি খিলখিল করে হেসে উঠল। অজিতের ঘুম ভেঙ্গে গেল।

'রাত কেন নিশে / মন বিষে / দাদা কাছে নাই কেন?'

অজিত ধড়মড় করে উঠে দেখে ঘর ছম্‌ছম্‌ করছে, রানির হাতে বালা কাঁকন ঝমঝম করছে, দাদাকে রাক্ষসে খাচ্ছে।

'গায়ের রোমে কাঁটা, চোখের পলক ভাঁটা।

অজিত ছুটিয়া গিয়া রাক্ষসের মাথায় এক চড় মারিল।' রাক্ষস আঁই আঁই করে পালিয়ে গেল।

লালকমল নীলকমলের পরস্পরের প্রতি ভালোবাসায়, বোঝাপড়ায় এবং বুদ্ধিতে দুঃসহ সেই অভিযান জয়যুক্ত হয়েছিল। 'সোনার কাঠি রূপার কাঠি' গল্পের সেই অংশটা একবার দেখে নিতে পারি - বন্ধু মন্ত্রীপুত্রের চিৎকারে রাজপুত্র ধড়মড় করে উঠে বসল এবং দেখল রাক্ষসী মন্ত্রীপুত্র আর মন্ত্রীপুত্রের ঘোড়াকে খেয়ে ফেলছে। রাজপুত্র অস্থির হয়ে উঠল। 'তরোয়াল খুলিয়া রাজপুত্র দাঁড়াইলেন, রাজপুত্রের পক্ষিরাজ চেঁচিয়ে বলিল— 'রাজপুত্র, পালাও, পালাও আর রক্ষা নাই।'

রাজপুত্র বলিলেন, 'পলাইব না। বন্ধুদের খাইয়াছে, রাক্ষসী মারিব।'[২]

রূপকথার গল্পে রাজপুত্র, মন্ত্রীপুত্র, সওদাগর পুত্র, কোটালপুত্র এমন কি রাখালের সঙ্গেও এমন বন্ধুত্ব দেখা যায় যা সহস্র বিপদেও অটুট থাকে। বিশ্বাসঘাতকতা করে না একে অপরের সঙ্গে।

রূপকথার রাজপুত্রদের অনেক বাধাবিঘ্ন অতিক্রম করতে হয়, তাদের অভীষ্টে পৌঁছাতে যারা সাহায্য করে, তাদের মধ্যে একদল স্বেচ্ছায় সাহায্য করে, এরা প্রায়ই পাখি বা মাছ বা গাছ ইত্যাদি। আবার অন্যদল ইচ্ছে না করেও সহায়ক হয়। গ্রীম ভাইদের গল্পেও সহায়ক প্রাণীর সাক্ষাৎ পাওয়া যায়। বাংলা রূপকথায়

ব্যাঙ্গমা-ব্যাঙ্গমী কিংবা শুক-সারীর মতো চরিত্র বারবার আসে। ইয়ুং একেই বলেন, 'Archetype of the spirit' (C. G. Jung : Four Archetypes.)। ঠাকুরমার ঝুলির বিভিন্ন গল্পে দেখি এরা বিভিন্ন সমাধান বাৎলে দেয়, রাজপুত্র ও রাজকন্যাকে নিশ্চিত আশ্রয়ে পৌঁছে দিতে অযাচিত হাত বাড়িয়ে দেয়।

শুক কয়, 'সারি, সারি! বড় শীত।
সারী বলে, 'গায়ের বসন টেনে দিস।
শুক বলে, 'বসন গেল ছিঁড়ে, শীত গেল দূরে',
কোনখানে সারী নদীর কূল?

সারী বলে, 'দুধ-মুকুটে ধবল পাহাড় ক্ষীর সাগরের পাড়ে / গজমোতির রাঙা আলো ঝরঝরিয়ে পড়ে। আলোর তলে পদ্ম-পাতে খেলে দুধের দল / হাজার হাজার ফুটে আছে সোনার-কমল।'[৩]

'শীত-বসন্ত' গল্পে 'গজমোতি' পাওয়ার উৎসটি এইভাবে বেরিয়ে এল শুক-সারীর কথোপকথনে - যা কিনা গল্পের মূল চরিত্রকে সঠিক পথের ঠিকানা দিয়ে গেল।

এরা মানুষের মতো কথা বলে, কাজ করে। অভীষ্টের পথে পৌঁছুতে সাহায্যের হাত বাড়িয়ে দেয়। ঠাকুরমার ঝুলির অনেক গল্পে দেখা যায় নৈসর্গিক যা কিছু তার মধ্যেও প্রাণিত্বের সঞ্চার ঘটেছে (সর্বপ্রাণবাদ)।

ঠাকুরমার ঝুলির গল্পগুলির মধ্যে প্রকৃতি বন্ধুর ভূমিকা নেয়, 'দিন যায়, রাত যায়, অরুণ বরুণ কিরণমালা চাঁদের মতো বাড়ে, ফুলের মতন ফোটে, অরুণ বরুণ কিরণের হাসি শুনিলে বনের পাখি আসিয়া গান ধরে, কান্না ধরিলে বনের পশু ছুটিয়া আসে। 'সোনার কাঠি, রূপোর কাঠি' গল্পে রাক্ষসীর ভয়ে নিরুপায় রাজপুত্র সামনে এক আমবাগান দেখে বলল, 'হে আমগাছ যদি তুমি সত্যকারের বৃক্ষ হও, রাক্ষসীর হাত হইতে আমায় রক্ষা করো। আমগাছ দু'ফাঁক হইয়া গেল। রাজপুত্র তাহার মধ্যে গিয়া হাঁফ ছাড়িলেন'। গাছের ভিতর রাজপুত্র বলল, 'হে বৃক্ষ, যদি সত্যিকারের বৃক্ষ হও তো আমাকে একটি আমের মধ্যে ঐ পুকুরের জলে ফেলিয়া দাও।'[৪] অমনি গাছ থেকে একটা আম টুপ করে পুকুরের জলে পড়ল। তখনি একটা বোয়াল সেটাকে খাবার মনে করে এক হাঁয়ে গিলে ফেলল। পেটের ভেতর আম, আমের ভেতর রাজপুত্র বলল, 'হে বোয়াল, যদি তুমি সত্যিকারের মাছ হও তো আমাকে একটি শামুক করিয়া ফেলিয়া দাও।' বোয়াল রাজপুত্রকে শামুক করে ফেলে দিল। এইভাবেই আমরা দেখি প্রকৃতি, জীবজন্তুর সঙ্গে নিবিড় সখ্যতা রূপকথার জগতের ঘনিষ্ঠ অনুষঙ্গ। রূপকথার চরিত্রগুলি প্রকৃতি, গাছপালা, ফুল-ফল, নদ-নদী, পাখি, জীবজন্তু সব কিছুর সঙ্গে মানবিক সম্পর্কে আবদ্ধ। প্রকৃতির বুকে এই যে আশ্রয় এই যে নিরাপত্তা তা আজকের শিশু কল্পনা করতে পারে না। কারণ আজকের যন্ত্রসভ্যতায় (Industrialisation) অভ্যস্ত যান্ত্রিক জীবন পদ্ধতিতে শিশুরা বয়স্ক মানুষের মতো হয়ে উঠেছে। আকাশ-ছোঁয়া ফ্ল্যাটের বাসিন্দা হয়েও তারা দেখতে পায় না নীল আকাশ, রামধনু-ওঠা। তাদের হাতছানি দেয় না তেপান্তরের মাঠ। নিঝুম দুপুরে ঘুমন্ত পরিবেশ তাকে ঘুমন্তপুরীর ইশারা দেয় না বা পাখি-পাখালির কণ্ঠস্বরে খুঁজে পায় না ব্যাঙ্গমা-ব্যাঙ্গমীর কণ্ঠস্বর।

তিনকড়ি দাসীর মুখে-শোনা রূপকথা শিশু রবীন্দ্রনাথকে নিয়ে যেত এক

মায়ার জগতে। দ্বারকানাথের আমলে একটা পুরোনো পালকি পড়ে থাকত খাতাঞ্চিখানার বারান্দার এক কোণে। রবিবারের ছুটির ফাঁকে সেই পালকির সওয়ার হয়ে শ্যামের কাছে শোনা গল্পের জালে জড়িয়ে কল্পনার আস্বাদ গ্রহণ করতেন রবীন্দ্রনাথ। প্রত্যেকটা শিশুর মধ্যেই অবদমিত হয়ে থাকে এক একটি বীরপুরুষ—

'তুমি বললে, যাস্ নে খোকো ওরে,
আমি বলি, দেখো না চুপ করে
ছুটিয়ে ঘোড়া গেলেম তাদের মাঝে
ঢাল তরোয়াল ঝনঝনিয়ে বাজে
কী ভয়ানক লড়াই হল মা যে
শুনে তোমার গায়ে দেবে কাঁটা। (বীরপুরুষ)[৫]

রূপকথার মুখ্যচরিত্রের শৌর্য প্রমাণিত হয় তার সম্ভাব্য শক্তির গুণে। 'বীরপুরুষ' কবিতায়ও কল্পযুদ্ধে প্রতিপক্ষ ডাকাতেরা পরাজিত হয় শিশুটির কাছে। কল্পনায় সে নিজেকে জানে রাজপুত্র বলে। এ কবিতায় প্রধান চরিত্র শিশু, রূপকথার রাজপুত্রের মতোই সে বিঘ্ন বিপদজয়ী বীরপুরুষ।

রূপকথার বিভিন্ন গল্পে ইচ্ছাপূরণের মধ্য দিয়ে মানুষের মনের গভীর আকাঙ্খাগুলি ফলবতী হয়ে উঠতে পারে। জাগতিক বিশ্বে প্রত্যাশাপূরণের সম্ভাবনা কম। ইচ্ছাপূরণ রূপকথারই অন্তর্গত। হান্স ক্রিশ্চিয়ান আন্ডারসনের গল্পে রাজপুত্র পেয়ে যায় আসল রাজকন্যাকে অথবা কদাকার হাঁসের ছানা দেখতে সুন্দর হয়ে ওঠে। (Hans Christian Anderson - The Ugly Duckling)। আমাদের বাংলা রূপকথাতেও বিজয়ী রাজপুত্রের রাজত্ব লাভ অতি-সাধারণ ঘটনা মাত্র— এইভাবেই রূপকথা জগতে ইচ্ছেগুলো ক্রমশ পৌঁছে যায় প্রাপ্তির লক্ষ্যে।

আধুনিক যুগের অনেকে রূপকথাকে আজগুবি বলে উড়িয়ে দিতে চান, রাক্ষস-খোক্কোস, ঝিনুকের মধ্যে রাজপুত্র— যতসব অবাস্তব জিনিস। আজকাল আমরা বড় কষ্টের সঙ্গে লক্ষ্য করি চারপাশের শিশুদের শৈশব বলে যেন কিছু নেই। নেই কল্পনা, রোমান্টিসিজম্, নেই আশেপাশে খুব চেনা পৃথিবীর সৌন্দর্যে বিস্ময়বোধ। তারা যেন কল্পনা-বিমুখ, বয়স্ক মানুষ। বর্তমান প্রজন্মের এই ছেলেমানুষীহীন ছেলেবেলা নিয়ে সারা বিশ্ব এখন চিন্তিত। সমাজতাত্ত্বিক, মনস্তাত্ত্বিকরা এখন সকলেই একমত যে বাস্তবের সঙ্গে অতি অল্প বয়সেই এখন সকলেই অত্যন্ত বেশি পরিচিত বলেই অকালে ঝরে যাচ্ছে তাদের শৈশব, বিকাশ ঘটছে না তাদের কল্পনার, হারিয়ে যাচ্ছে সৃজনশীলতা।

রূপকথার বাস্তবকে সম্পূর্ণতা দিতে প্রয়োজন হয় আপাত-অবাস্তব গহন অন্তর্লোকের এক বাস্তবতা। বাস্তব জগত এত বেশি জটিল যে তাকে তার সম্পূর্ণ রূপে প্রকাশ করার কোনো বাস্তব উপায় নেই। শুধু চোখ দিয়ে বা সম্পূর্ণ detouched হয়ে বাস্তবকে দেখা যায় না। চোখের সঙ্গে মন মিশে, কল্পনার স্মৃতির রঙ মিশে কোনো বস্তুকে পরিপূর্ণ রূপ দেওয়া যায়।

আধুনিক ভারতের শিক্ষাব্যবস্থায় মৌলিক দুর্বলতাগুলিই শিশুকে পরিপূর্ণ হয়ে উঠতে বাধা সৃষ্টি করছে। এই

শিক্ষা ব্যবস্থায় বিদ্যার সঙ্গে প্রাণের যোগ সাধিত হচ্ছে না। 'তোতাকাহিনি'র (রবীন্দ্রনাথ) মূর্খ পাখির মতো নবীন শিক্ষার্থীর স্বাভাবিক প্রাণের স্ফূর্তি প্রকাশে বাধা দিয়ে তাকে বিদ্যালয়ের খাঁচায় ভরা হচ্ছে। তাই স্বতঃস্ফূর্ত জীবনের সঙ্গে আনন্দের সঙ্গে শিশুদের যোগাযোগ ছিন্ন হচ্ছে। পৃথিবীর জটিল সমস্যা শিশুমনে স্থান পায় না। নানারকম সম্ভব-অসম্ভব আশা-আকাঙ্খার রঙীন কল্পনায় তার শিশুমন বুঁদ হয়ে থাকতে চায়। রূপকথার গল্প তার সামনে একটা দিগন্ত বিস্তৃত বাধা বন্ধনহীন কল্পনা রাজ্যের দ্বার খুলে দেয়। তার সংসারানভিজ্ঞ মনে মুক্তির বার্তা এনে দেয়।

''পৃথিবীর আর সকলে টাকা খুঁজছে, নাম খুঁজছে, আরাম খুঁজছে আর যে আমাদের রাজপুত্তুর সে দৈত্যপুরী থেকে রাজকন্যাকে উদ্ধার করতে বেরিয়েছে। তুফান উঠল, নৌকা মিলল না, তবু সে পথ খুঁজছে; এইটেই হচ্ছে মানুষের সব গোড়াকার রূপকথা আর সব শেষের। পৃথিবীতে যারা নতুন জন্মেছে দিদিমার কাছে তাদের এই চিরকালে খবরটি পাওয়া চাই যে, রাজকন্যা বন্দিনী, সমুদ্র দুর্গম, দৈত্য দুর্জয়, আর ছোটো মানুষটি একলা দাঁড়িয়ে পণ করছে, বন্দিনীকে উদ্ধার করে আনব''।[৬]

এবারে একটু বড়দের কথায় আসা যাক। ঠাকুরমার ঝুলির রূপকথাগুলির মধ্যে ধরা পড়ে সমাজ বিন্যাসের নানা খুঁটিনাটি। সে কেমন সমাজ? নারীদের স্থানই বা কোথায়? এ বিষয়ে প্রাবন্ধিক শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়ের কয়েকটি কথা স্মরণ করা যেতে পারে। তিনি বাংলাদেশের সামাজিক ব্যবস্থা ও বিচারের একটা সম্পূর্ণ ছবি প্রতিফলিত হতে দেখেছেন রূপকথার মধ্যে। এবং তাঁর মতে, ''আমাদের সামাজিক ব্যবস্থার দৃঢ়ীকরণ সমাপ্ত হইবার পর ইহার জন্ম। সমস্ত রূপক ও বর্ণনা-বাহুল্যের অন্তরালে আমাদের বঙ্গদেশের পরিবার ও সমাজের একটি নিখুঁত ছবি ইহার মধ্যে পাওয়া যায়। আমাদের বহুবিবাহ, আমাদের গৃহের সপত্নীবিরোধ, সপত্নী পুত্রের প্রতি বিমাতার অত্যাচার, রূপসী প্রণয়িনীর মোহ ও পরিশেষে সেই মোহভঙ্গ, আমাদের শঠতা ও বিশ্বাসঘাতকতা ইত্যাদি আমাদের পারিবারিক জীবনের প্রধান প্রধান ঘটনাগুলি কল্পনার উজ্জ্বল বর্ণে চিত্রিত হইয়া আমাদের সম্মুখে দেখা দেয়''[৭] (রূপকথা)।

রূপকথা তাই শিশুপাঠ্য হয়েও বড়দের কাহিনির সঙ্গে পরতে পরতে জড়িয়ে থাকে। গ্রামীণ সমাজে প্রচলিত এইসব রূপকথাগুলিতে আছে সামন্তপ্রথার নানা শৃঙ্খলা। ড. দিব্যজ্যোতি মজুমদার এর সুন্দর বিশ্লেষণ করেছেন। তাঁর মতে, ''আগেকার দিনে নারীত্বের পূর্ণ বিকাশের আগেই মেয়েদের যেতে হত পরগৃহে। শ্বশুরবাড়িতে একান্নবর্তী গ্রামীণ পরিবারে শাশুড়ি, ননদ, জায়েদের খবরদারি শাসন-ঈর্ষা, ঘৃণা, রূপকথার বড় রানিদের প্রতিরূপ হয়ে দেখা দেয়।''[৮]

প্রাচীন রূপকথাগুলি গ্রাম্য জীবননির্ভর এবং সেই জীবন কৃষিভিত্তিক বাংলার গ্রাম্যজীবনকে কেন্দ্র করেই গড়ে উঠেছে। প্রাচীন রূপকথায় দেখি ঐশ্বর্যের ছড়াছড়ি। রাজকীয় চরিত্র, রত্নালঙ্কার, রাজকীয় যানবাহন, মূল্যবান পোশাক-আশাক সবকিছু থাকলেও তা যে সামন্ততন্ত্র গ্রাম্য অর্থনীতির উপর ভিত্তি করে উঠেছিল তাতে কোন সন্দেহ নেই। তাই একটু লক্ষ্য করলেই দেখা যায় যে, অঙ্গ মার্জনের জন্য ঘরে খৈল গামছা রাখতে হয়। তাদের অনেক পরিশ্রমও করতে হয়। রাজপুত্রের রাখালবন্ধুও সম্ভ্রান্ত সমাজের একজন হয়ে ওঠে।

ঠাকুরমার ঝুলিতে রাক্ষস-খোক্কস দৈত্য দানোর আনাগোনা। এ সবের কার্যকলাপ শিশুদের কাছে ভীষণ আকর্ষণীয় হয়ে ওঠে। কিন্তু এই অদ্ভুত চরিত্র কল্পনা কেন? এ নিয়ে অনেক মতামত আছে। তা যে প্রতীক বা সংকেত-রূপে আসে সে বিষয়ে সন্দেহ নেই। সেগুলি প্রকৃতপক্ষে কী ধরনের? 'রাক্ষস-খোক্কস, দৈত্য, দানো, ডাইনি, পেত্নি-এর গোষ্ঠীর (এবং অবশ্যই ব্যক্তিরও) মনের অন্তঃশীলা স্তরে অশুভ বা ক্ষতিকারক বা অমঙ্গলসূচক বলে যা প্রতিভাসিত হয়, তাদেরই বহিরাঙ্গিক স্তরের ভাবনার প্রতীক স্বরূপ।[৯]

আবার এক নতুন দৃষ্টিকোণ থেকে রাক্ষসীদের দেখেছেন আধুনিক সমালোচক শিবাজী বন্দ্যোপাধ্যায়, ''ঠাকুরমার ঝুলির গল্পগুলিতে দেখতে পাই রাক্ষসীরা সংসারের অভ্যন্তরে ঢুকে পড়ে একেবরে উলোট-পালট ঘটিয়ে দেয়। রাজা ছদ্মবেশী রানিকে দেখে মোহিত এবং কাণ্ডজ্ঞানহীন হয়ে পড়েন। অনেক কাণ্ড ঘটালেও কিন্তু রাক্ষসীদের শেষ পর্যন্ত প্রাণ দিতে হয় কোন না কোন রাজপুত্রের হাতে। সাধারণ মানবীর সাথে তাদের কোনো তুলনা চলে না। একেবারে শেষে তারা যখন স্বমূর্তি ধারণ করে তখন তাদের কুশ্রী রূপটা ধরা পড়ে যায় সবার কাছে, কিন্তু ঐ রানিরা বার বার কেন চিত্রিত হন রাক্ষসী হিসেবে? বহিরাগত হিসেবে?' প্রশ্ন তুলেছেন সমালোচক শিবাজী বন্দ্যোপাধ্যায়, 'এমন কি ভাবা যায় না, যারা সামাজিক বিধিনিষেধের গভীর সীমানা ছাড়িয়ে যেতে চায়, উপেক্ষা করতে চায়, বহু যুগ যাপিত নারী-পুরুষ সম্বন্ধের ন্যায় সংগতি, তারাই বহিরাগত, চিরকেলে রীতিনীতি ওল্টাতে চায় যারা তাদেরই এক অতিকৃত সংস্করণ ঐ রাক্ষসীরা?'[১০]

মা কল্যাণময়ী আবার মায়ের মধ্যে প্রকাশ পায় ভয়ঙ্করী রূপ। 'Mother archetype' ....এর শিশু যখন মায়ের গর্ভে থাকে, তার অন্ধকার, গর্ভস্থ থাকার কষ্ট তার মনে মায়ের সম্বন্ধে এক ভয়ঙ্কর রূপের জন্ম দেয়। তাই ভাল-মন্দ (রাক্ষসী) দুই মায়েরই সাক্ষাৎ রূপকথার গল্পে পাওয়া যায়।

এইসব নানা ভাবনা রূপকথার গল্পের মধ্যে প্রশ্রয় পেলেও রূপকথায় সরল সাদা ভঙ্গিতে সরাসরি কিছু কিছু সামাজিক বোধ ও নৈতিক শিক্ষার প্রসঙ্গ থাকে যা সরল শিশুমনকে স্পর্শ করে এবং অনুপ্রাণিত করে তোলে।

'সুখু দুখু' গল্পটা, সেখানে প্রথমে দুখুর কথাই বলি। দুখু সে খুব ভালো মেয়ে। সে কাউকে হিংসে করে না। সে কোনো লোভ করে না, নিঃস্বার্থ। সে সবাইকে সাহায্য করে, কর্তব্য করে এবং সে যখন ফিরে আসে চাঁদের বুড়ির কাছ থেকে, তখন কিন্তু সে এক অসম্ভব জীবনের, জয়ের পথ আবিষ্কার করে এবং অনেক কিছু পায়। আর সুখু, সে একটা স্বার্থপর, হিংসুটে, কাউকে সম্মান করতে পারে না, লোভী একটা মেয়ে। যে যখন ফিরে আসে তারপর দেখা যায় যে অজগর তাকে গিলে খেয়েছে। আসলে রূপকথার মধ্যে থাকে আশ্বাস। একটা বিশ্বাস, জীবনে যদি কিছু ভালো কাজ করা যায়, তাহলে সে পাবে সত্যিকারের কিছু। আমাদের এই বিশ্বাসের জায়গাটা তৈরি করে রূপকথা। তাই রূপকথার মধ্যে একটা বড়ো কিছু সন্ধান বা একটা দিশা পেতে পারে শিশু। তার জীবনে চলার পাথেয় হতে পারে রূপকথার শিক্ষা।

রূপকথা শিশুকে ভাবতে শেখায় যে সে একা নয়, সে একটা বড়ো কিছুর সঙ্গে সংযুক্ত, একটা বিরাট, একটা

প্রাচীনকাল, একটা আবহমানতার সাথে সে যুক্ত। একটা শিকড়ের সন্ধান দেয়, কারণ রূপকথার মধ্যে আমরা দেখছি প্রত্ন-চৈতন্যের একটা প্রতিভাস। যেটা বারবার গল্পের মধ্যে ফিরে আসে, সেটা বলা যায় আর্কিটাইপ। ইয়ুং এর মতে সুপ্রাচীন কাল থেকে বিভিন্ন দেশের সাহিত্যের ভাণ্ডারে সঞ্চিত মিথগুলি সমষ্টিগত 'মগ্ন চৈতন্যের'ই সৃষ্টি। দেশ-বিদেশের লোককথাগুলির ভিতরেও প্রায়শই অনুভব করা যায় ভাব ও রূপের সাম্য; এই সমধর্মী মিথগুলিই সব দিক দিয়ে সম্পূর্ণ আলাদা মানব শ্রেণির যাবতীয় ভিন্নতার আড়ালে এক সর্বজনীন প্রত্নচৈতন্যের আভাস নিয়ে আসে। আর্কিটাইপ অসংখ্য মিথের মধ্যে বারবার ফিরে আসে। আর্কিটাইপের মূল অর্থ 'আদিরূপ বা আদিকল্প'। এই আর্কিটাইপগুলোর মধ্যে দিয়ে একটা শিশু পরিপূর্ণভাবে নিজেকে আবিষ্কার করতে পারে, নিজেকে খুঁজে পেতে পারে।

আজকের শহরাঞ্চলগুলোতে আমরা দেখছি, বিশেষত আমাদের নিউক্লিয়ার ফ্যামেলি, একটা কি দুটো ছেলেমেয়ে, আর্থিক স্বচ্ছলতা, আমাদের সভ্যতা থেকে পিছিয়ে দিচ্ছে, আমাদের সংস্কৃতি থেকে আমাদের ছিন্ন করে দিচ্ছে, আমাদের ঠাকুমা-দিদিমা যাঁরা আমাদের মধ্যে আর নেই তাঁরা অপাংক্তেয় হয়ে গেছেন বলেই আমাদের শিশুরা এখন আর রূপকথা শুনতে পায় না।

যখন হ্যারি পটারের (জে.কে.রাউলিং-এর) এক একটা খণ্ড বেরোয়— ক্রশ-ওয়ার্ড, ল্যান্ডমার্ক, অক্সফোর্ড-এ প্রথমদিন ৮০০-৯০০ টাকা দিয়ে আমার মেয়ে বা ছেলে কিনছে। সেটা একটা স্ট্যাটাস সিম্বল হয়ে গেছে। ওটাও আজগুবি কথা, ওটাও তো ম্যাজিক ওয়ার্লড। তবে কেন আমরা মাত্র আশি টাকা দামের ঠাকুরমার ঝুলি কিনে না দিয়ে ঝোঁক করি হ্যারি পটারের? ইংরেজি মোহগ্রস্ত সমাজে সেটাই, আমাদের গর্বের জায়গা হয়ে যায়। এইভাবেই কিন্তু আমরা আমাদের সংস্কৃতি থেকে দূরে সরে যাচ্ছি। দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার গ্রাম থেকে সংগ্রহ করেছিলেন কথাগুলো। এবং আমার মনে হয় যে আজকেও গ্রামেই কিন্তু রূপকথা বা ঠাকুরমার ঝুলি অনেক বেশি করে প্রচলিত, বেশি করে চলে। এই আবহমানতার কারণ সেখানে এখনও কিন্তু ঠাকুমা-দিদিমারা ততটা অপাংক্তেয় হয়ে পড়েন নি। আমাদের এই শহরে যন্ত্র-নির্ভর পদ্ধতি, কম্পিউটার আমাদের আরও অনেক কিছু শিখিয়েছে। কিন্তু আমাদের শিশুর মনের বিকাশের, শৈশব ফিরিয়ে আনার যে মন্ত্র ঠাকুমার ঝুলি দেয় তার মতো কিছু শেখায়নি। দায়িত্ব আমাদেরও রয়েছে, প্রতিটি পরিবারেই রয়েছে। আমরা কেনই বা স্বপ্ন দেখব না যে, রাজপুত্রের মতন বাধা-বিঘ্নকারী অদম্য সাহসী, প্রচণ্ড শক্তিতে ভরপুর কোনো রাজপুত্র এসে আমাদের এই ক্লান্ত অবসাদগ্রস্ত অবক্ষয়ী সমাজে প্রাণের সঞ্চার করবে? আজকের শৈশবের পথ চলা আবার নতুন সম্ভাবনায় জেগে উঠবে।

তথ্যসূত্র—

১. ঠাকুরমার ঝুলি, দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার, ভূমিকা, মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রাঃ লিঃ ২০০৭. পৃ: ১২১
২. ঐ (লালকমল নীলকমল)
৩. ঐ (শীতবসন্ত)
৪. ঐ (সোনার কাঠি রূপোর কাঠি)

৫. বীরপুরুষ— রবীন্দ্রনাথ ঠাকুর
৬. রূপকথা— লিপিকা, রবীন্দ্রনাথ ঠাকুর, পশ্চিমবঙ্গ (ড. সুকুমার সেন) ১৩৬৮।
৭. রূপকথা— শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়, একালের সমালোচনা সঞ্চয়ন, কলকাতা বিশ্ববিদ্যালয়।
৮. রূপকথা— ছোটদের পাঠ বড়দের পাঠ, দিব্যজ্যোতি মজুমদার, সম্পাদনা ৬. সত্যবতী গিরি, প্রবন্ধ সঞ্চয়ন, রত্নাবলী , ২০০৬, পৃ: ১২৮
৯. রূপকথা— লোকসংস্কৃতির সীমানা ও স্বরূপ, পল্লব সেনগুপ্ত, পুস্তক বিপণি, ২০০২ পৃ: ১৪০
১০. গোপাল রাখাল দ্বন্দ্ব সমাস - শিবাজী বন্দ্যোপাধ্যায়, কারিগর।

গল্পগুচ্ছের কয়েকটি চরিত্র : মেঘ ও রৌদ্রের মাঝখানে

উপাসনা ঘোষ,
অ্যাসোসিয়েট প্রফেসর,
বাসন্তী দেবী কলেজ, কলকাতা - ২৯
upasona.deghosh@gmail.com

সারসংক্ষেপ

রবীন্দ্রনাথের ছোটোগল্পের চরিত্রের জগতে চোখ ফেললে দেখা যাবে কিশোর বয়স্ক পাত্র পাত্রীর সংখ্যা নিতান্ত কম নয়। কিশোরবয়স বা বয়ঃসন্ধিকালের চরিত্রগুলির ভাবনা-চিন্তা, সুখ-দুঃখের উন্মোচন ঘটিয়েছেন তিনি, প্রত্যেকটি চরিত্রের মনোগহনে আত্মপ্রক্ষেপ ঘটেছে লেখকের। অধিকাংশ চরিত্রের পটভূমিকায় রয়েছে এক নিদারুণ নিঃসঙ্গতা। পরিবার, সমাজের পরিপ্রেক্ষিতে তাদের অবস্থান অনুসন্ধানের এক নিবিড় কাহিনি হয়ে ওঠে এক একটি গল্প। অনেকের মাঝখানে থেকেও নিজেকে খোঁজার এক অবিরাম প্রচেষ্টা যেন সমার্থক হয়ে ওঠে চরিত্রগুলির সঙ্গে।

আধুনিক সাহিত্য সমালোচনায় বিভিন্ন দৃষ্টিকোণ, বিভিন্ন স্তরের দিক থেকে রবীন্দ্রনাথের সৃষ্ট গান, কবিতা, গল্প এবং উপন্যাসের আঙ্গিক - চরিত্র - ভাষা বিচার বিশ্লেষণ করা হচ্ছে দীর্ঘদিন। বিশেষত মনস্তত্ব-বিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে রবীন্দ্রসৃষ্ট চরিত্রের বিচার বিশ্লেষণ আধুনিক পাঠকের কাছে আজ আগ্রহের বিষয়। মনোবিজ্ঞানী এরিকসনের তত্ত্বের আলোকে রবীন্দ্রনাথের সৃষ্ট কিশোরবয়স্ক চরিত্রগুলির মনোগহনে, তাদের আচার-আচরণে আলো ফেলে দেখার চেষ্টা করা হয়েছে বর্তমান প্রবন্ধে। আধুনিক মনস্তত্বের জটিল ব্যাখ্যা যেন মূর্ত হয়ে উঠেছে এক একটি চরিত্রের মধ্য দিয়ে। বিশেষ বয়সের হাসি-কান্না, বিশেষ চাওয়া, বিশেষ আত্ম-পরিচিতি গড়ে নেবার চেষ্টার জন্য পাঠকের কাছে চিরকালীন হয়ে আছে রতন, ফটিক, মৃণ্ময়ী চরিত্রগুলি। জীবনের আলো-আঁধারির মধ্যে থাকা কিশোরবয়স্ক চরিত্রগুলিকে নতুন করে দেখার চেষ্টা করা হলো।

সূচক শব্দ : কিশোর মনস্তত্ত্ব, রবীন্দ্র ছোটোগল্পের কিশোর চরিত্র

শেক্সপিয়ের ''অ্যাজ ইউ লাইক ইট'' নাটকে জাক (Jaques)-এর সংলাপে মানবজীবনের সাতটি স্তর বা পর্যায়ের (Seven Ages of Man) উল্লেখ করেছেন। অপরদিকে মনস্তত্ত্ববিদ এরিক এইচ এরিকসন মানবজীবনের আটটি পর্যায়ের নির্দেশ করেছেন। প্রত্যেক ব্যক্তির একটি মাত্র নির্দিষ্ট জীবনের জীবৎকালে প্রায় স্পষ্ট কতগুলি পর্যায় আছে — শৈশব, কৈশোর বা বয়ঃসন্ধিকাল, যৌবন, প্রৌঢ়ত্ব এবং বার্ধক্য। নির্দিষ্ট বছরে যে পর্যায়গুলি শুরু না হলেও শারীরিক, মানসিক বিকাশ এবং সক্ষমতার নিরিখে প্রতিটি পর্যায় সম্পূর্ণ পৃথক। মনস্তত্ব-বিজ্ঞানের বিচার অনুযায়ী এরিকসন মানবজীবনের যে বিভাজন করেছেন, তার মধ্যে পঞ্চম হলো বয়ঃসন্ধিকাল।[১] মোটামুটি ভাবে মানুষের জীবনের এগারো-বারো বছর বয়স থেকে

আঠেরো-কুড়ি পর্যন্ত এর ব্যাপ্তি। কেউ কেউ শুরুর বয়সটিকে পিছিয়ে তেরো বছরে নিয়ে গিয়েছেন।[২] বয়ঃসন্ধিকালের সর্বাপেক্ষা বড় বৈশিষ্ট্য এটি মানবজীবনের একটি সংক্রান্তি-পর্যায় (transitional period)।[৩] শৈশব ও যৌবনের মধ্যবর্তী সেতু, কিংবা বলা যায়, মানবজীবনে শৈশব থেকে পরবর্তী পর্যায়ের এটি একটি স্পষ্ট বিভাজন রেখা তৈরি করে যা, কারুর এক জীবনেই আর এক জন্মের সৃষ্টি করে। শুরু হয় এক বিরাট পরিবর্তন, শরীরে এবং মনে।

শারীরিক পরিবর্তন, বিবর্তন এবং ধীরে ধীরে তার বিকাশ যেমন ঘটে, মানসিক দিক থেকেও ইন্দ্রিয়জ কামনা-বাসনার বিরাট আধিপত্য অনুভব করা যায়।[৪] একদিকে নিজস্ব লিঙ্গ-পরিচিতি সম্পর্কে সচেতনতা, অপরদিকে বিপরীত সেক্সের প্রতি আকর্ষণ-বোধ এই সময়ের এক স্বাভাবিক প্রবণতা। অভূতপূর্ব শারীরিক ও মানসিক পরিবর্তনের জন্যই এটি আত্মপরিচয় অনুসন্ধানের কালও বটে। শুধু পরিবার নয়, সামাজিক অবস্থানটিও বুঝে নেবার সময় এই বয়ঃসন্ধি। পরিবার সমাজ প্রভৃতির সঙ্গে মতাদর্শের সংঘাত শুধু নয় নিজের মধ্যেই ক্রমাগত দ্বন্দ্ব চলতে থাকে। "The crisis between identity and identity confusion reaches its ascendence during this stage. From this crisis of identity versus identity confusion emerges fidelity, the basic strength of adolescence.[৫] বস্তুত এই সময়ের আত্মানুসন্ধান বা আত্মজিজ্ঞাসা, নিজেকে নিয়ে সচেতনতা ক্রমশ ব্যক্তির নিজস্ব দৃষ্টিভঙ্গি, ব্যক্তিত্ব গড়ে তোলে। "They (adolescent) seek to establish a clear self-identity to understand their own unique traits and what's really of central importance to them."[৬] বয়ঃসন্ধির বিভিন্ন বৈশিষ্ট্য সম্পর্কে মনস্তত্ত্ববিদেরা আলোচনা করেছেন, সাহিত্যেও তার প্রকাশ প্রচুর। সাহিত্য চিরকালই মানবজীবন অনুগামী। মানবমনের গহীন প্রদেশ তার অন্যতম উপজীব্য। সাহিত্যের সঙ্গে মনস্তত্ত্ববিদ্যার সম্পর্ক আজ ঘনিষ্ঠ। মনস্তত্ত্বের বিভিন্ন তত্ত্বের আলোকে আজ সাহিত্য আলোচনা শুরু হয়েছে দেশে বিদেশে।

রবীন্দ্রনাথের গান কবিতা কথাসাহিত্যে মানবমন ও জীবনের বিভিন্ন সাধারণ আবার একই সঙ্গে জটিল অনুভব-উপলব্ধির পরিচয় মেলে। এবং তার সূত্রপাত তাঁর রচনার সূচনা পর্ব থেকেই। হিতবাদী, সাধনা-ভারতী পর্বে, রবীন্দ্রনাথের বেশ কিছু ছোটোগল্পে তাঁর শৈশব কৈশোরের স্মৃতি-অনুভব-অভিজ্ঞতার নিদর্শন পাওয়া যায়। এই গল্পগুলি যেমন সরাসরি তাঁর বয়ঃসন্ধিকালের ভাবনা-অনুভূতি প্রকাশ করেছে, আবার দ্যোতিত হয়েছে সেই অনুভূতিগুলিকে নির্বিশেষ মানবজীবনে স্থিত করে দেখার চেষ্টা। 'গিন্নি' গল্পের আশুর যে অপমান এবং 'ছুটি' গল্পের ফটিকের স্কুলের গণ্ডিবাঁধা পরিবেশ সম্পর্কে যে বিতৃষ্ণা, সে যে রবীন্দ্রনাথের শৈশব-কৈশোরের তিক্ত স্মৃতিরই প্রতিফলন, 'জীবনস্মৃতি'র পাঠকমাত্রেই জানেন। এই গল্পগুলিতে তাঁর ব্যক্তিগত জীবনের স্মৃতি আছে, আছে নির্বিশেষ কিশোরের অপমানবোধ, বেদনানুভব। আবার কিছু গল্পের মূল ভিত্তিভূমিই গড়ে দিয়েছে কৈশোরের বেদনাবিধুর স্মৃতি। যেমন 'একরাত্রি' গল্প। সুরবালা এবং গল্প-কথকের কৈশোরের বিভিন্ন স্মৃতি তাদের রূপ-রস-গন্ধ নিয়ে আচ্ছন্ন করে রেখেছিলো গল্প-কথকের না-পাওয়ার ভারাক্রান্ত দিনগুলিকে। সেই বেদনা যেন ঝরে পড়েছিলো ঘন-ঘোর বর্ষা হয়ে। বর্ষা-প্লাবিত রাতে ক্ষণিকের প্রাপ্তি যে গল্প-কথকের ''তুচ্ছ জীবনের একমাত্র চরম সার্থকতা'' হয়ে উঠতে পেরেছিলো তার সম্ভাবনার বীজ নিহিত ছিলো ঐ কৈশোরক স্মৃতিতে। আবার 'নিশীথে' গল্পের

দক্ষিণাচরণের অপরাধবোধের গভীরে আছে প্রথমা স্ত্রীর সঙ্গে অল্পবয়সের স্মৃতি। গল্পগুচ্ছের চরিত্রগুলির অনেকের মধ্যেই রবীন্দ্রনাথের অনুভব আরোপিত হলেও, এই পর্বের ছোটগল্পের বয়ঃসন্ধিকালের উল্লেখ্য চরিত্রগুলি কেউই জোড়াসাঁকোর এলিট পরিবারের মতো পরিবার থেকে উঠে আসে নি। অর্থাৎ পারিবারিক সামাজিক আর্থিক পার্থক্যের জন্য জীবনের মৌল অনুভবের তারতম্য ঘটে না—এই সত্যটি রবীন্দ্রনাথের সমর্থন পেয়েছে।

রবীন্দ্রনাথ যখন গল্প লেখা শুরু করেন, বাংলা গল্প-উপন্যাসে নায়িকাদের বয়স খুব বেশি হলেও সতেরো-আঠেরো; সাধারণত এর বেশি পরিকল্পনা করা হতো না। ধীরে ধীরে তাদের বয়োপ্রাপ্তি ঘটেছে সাহিত্যে। রবীন্দ্রনাথের প্রথম দিকের গল্পে বারো-তেরো বা চোদ্দো-পনেরোর কিশোরীর সংখ্যাই বেশি। অবশ্য সংখ্যায় কম হলেও কিশোরও কম নয়। যদিও রবীন্দ্রনাথ প্রায় সর্বত্রই এদের বালক-বালিকা বলেই উল্লেখ করেছেন। 'পোস্টমাস্টার' গল্পের রতন, 'ছুটি' গল্পের ফটিক, 'সমাপ্তি' গল্পের মৃণ্ময়ী, 'অতিথি' গল্পের চারুশশী এবং তারাপদ, 'আপদ' গল্পের নীলকান্ত প্রভৃতি চরিত্রগুলিতে বয়ঃসন্ধির লক্ষণ-বৈশিষ্ট্য যতোখানি সুপরিস্ফুট বা বেশি জায়গা পেয়েছে অন্যান্য চরিত্রে হয়তো ততো নয়; তবু আমাদের মনে পড়বে 'মধ্যবর্তিনী' গল্পের শৈলবালা, 'খাতা' গল্পের উমা, 'হৈমন্তী' গল্পে হৈমন্তীকে। এছাড়া উল্লেখ্য 'মেঘ ও রৌদ্র' গল্পের গিরিবালা, 'মানভঞ্জন' গল্পের গিরিবালা; এবং গল্পগুচ্ছের তৃতীয় খণ্ডের কয়েকটি চরিত্র— 'বেণুগোপাল' (মাস্টারমশায়), 'কালীপদ' (রাসমণির ছেলে), 'কল্যাণী' (অপরিচিতা), 'রসিক' (পণরক্ষা), 'সুবোধ' (ভাইফোঁটা), 'সনৎ' (পাত্র ও পাত্রী,) এবং 'বলাই' (বলাই)-কে।

২

বয়ঃসন্ধিকাল চায় চারপাশের মানুষের মনোযোগ, স্বীকৃতি; বিশেষত প্রিয়জনের। 'দেনাপাওনা' গল্পের নিরুপমার স্বল্পকালীন জীবনে কোনো প্রিয়জনের আশ্রয় জোটে নি। নিরুপমা যখন অপমানে, অভিমানে ধীরে ধীরে আত্মহননের পথ বেছে নেয়, শ্বশুরবাড়ির অবজ্ঞা, খারাপ ব্যবহার শুধু নয়, বয়ঃসন্ধির তীব্র আত্মর্যাদাবোধ, স্বীকৃতির অভাব তাকে চালিত করেছিলো। আমাদের মনে পড়বে, পরে লেখা 'হৈমন্তী' গল্পের হৈমন্তীকে। শাশুড়ির শেখানো মিথ্যে কথা সে বলতে চায় নি। সতেরো বছর বয়স কমিয়ে নিজেকে নীচে নামাতে তার অনীহা দেখা দিয়েছিলো। তার সততা, আত্মমর্যাদাবোধ ছিল তার আশ্রয়। তার ক্ষেত্রেও দেখা যায়, ধীরে ধীরে মৃত্যুকে ডেকে নিয়েছিলো সে এক কঠিন অভিমানে। 'মানভঞ্জন' গল্পের গিরিবালার পরিণতি একটু অন্যরকম। কৈশোর-তারুণ্যে স্বামীর দীর্ঘ অনাদরের প্রতিশোধ নিয়েছে, থিয়েটারের আলোকবৃত্তে নিজেকে হারিয়ে দিয়ে। মনস্তত্ত্ববিদ এলিজাবেথ বি. হারলক এই জন্যই বয়ঃসন্ধিকালকে এক ভয়ানক সময় (a dreaded age)[৭] বলে উল্লেখ করেছেন; যখন ধ্বংসাত্মক সিদ্ধান্ত অনায়াসেই নেওয়া যায়।।

বয়ঃসন্ধিকাল এক সমস্যাসঙ্কুল সময়, যখন নিজের অস্তিত্বের সংকট তীব্র হয়ে ওঠে, চাহিদা সম্পর্কে স্পষ্ট ধারণা গড়ে ওঠে না। ফলে অন্যান্যদের সঙ্গে ব্যক্তিত্বের সংঘাত প্রায়শই অবশ্যম্ভাবী হয়ে ওঠে। 'মধ্যবর্তিনী' গল্পের শৈলবালা তার স্বামীগৃহের যাবতীয় মনোযোগের একমাত্র কেন্দ্রবিন্দু হয়ে উঠেছিলো। স্বামী এবং সতীনের কাছ থেকে অত্যধিক প্রশ্রয় পেয়ে পেয়ে তার জগৎ ছিল আত্মকেন্দ্রিক। সীমাছাড়া ছিল তার অসহিষ্ণুতা।

দিনে দিনে সে এক অবাস্তব পৃথিবী মনের মধ্যে গড়ে নিয়েছিলো। যখন সে ধরে নিল সবার সমস্ত স্নেহ যত্ন একমাত্র তার জন্যই কিন্তু কারুর জন্যই কোনোরকম ত্যাগস্বীকার তাকে করতে হবে না। তার স্বার্থে সামান্যতম বাধা দিলেই সে হিংস্র হয়ে উঠতো। তার আচরণের গভীরতর কারণ বোঝার ক্ষমতা তার স্বামী নিতান্ত এক সাধারণ মানুষ নিবারণের ছিলো না।

'অতিথি' গল্পের চারুশশী চরিত্রটিকে তারাপদর মনে হয়েছিলো একটি প্রহেলিকা। তার দুরন্ত জেদ, অন্যায় আবদার, সবার ওপরে কর্তৃত্ব করার প্রবণতা, স্বাধীনতাবোধের মধ্য দিয়ে প্রতিফলিত হয়েছে বয়ঃসন্ধির বিশেষ বৈশিষ্ট্য— "A strong desire for independence develops in early adolescene and reaches a peak as this period draws to a close. This leads to many clashes with parents and other adults in authority."[৮] সমাপ্তি গল্পের মৃণ্ময়ীর জীবনের প্রথমাংশেও এই বৈশিষ্ট্য লক্ষ করা যাবে। চারুশশী এবং মৃণ্ময়ী—দুজনের জীবনেই প্রিয় মানুষের সংস্পর্শে এসেছে নারীহৃদয়ের পূর্ণতা। যদিও চারুশশীর নয় থেকে এগারো বছর বয়সের কাহিনিই গল্পে জানা গেছে। লেখক তার সম্পর্কে জানিয়েছেন—''বালিকাবস্থাতেও নারীদের অন্তররহস্য ভেদ করা সুকঠিন, চারুশশী তাহার প্রমাণ দিল"। গল্পের কেন্দ্রীয় চরিত্র তারাপদর প্রতি তার বিরাগ ক্রমশ অনুরাগে পরিণত হয়েছে। এর সঙ্গে যুক্ত হয়েছিলো তার অধিকারবোধ। প্রথমাবস্থাতে তারাপদর প্রতি তার বাবা-মায়ের স্নেহ চারুশশী সহ্য করে নি। তারাপদর কোনো রকম গুণের স্বীকৃতি তার কাছে ছিলো না। ''কেবল তারাপদ মধ্যাহ্নে যখন নদীতে স্নান করিতে নামিত, পরিপূর্ণ জলরাশির মধ্যে গৌরবর্ণ সরল তনুদেহখানি নানা সন্তরণভঙ্গিতে অবলীলাক্রমে সঞ্চালন করিয়া তরুণ জলদেবতার মতো শোভা পাইত, তখন বালিকার কৌতূহল আকৃষ্ট না হইয়া থাকিত না; সে সেই সময়টির জন্য প্রতীক্ষা করিয়া থাকিত।" 'অত্যন্ত উপেক্ষাভরে কটাক্ষে' এই স্নানদৃশ্য দেখার মধ্য দিয়ে প্রকাশ পেয়েছে, নবীন কিশোরের পুরুষত্বের প্রতি কিশোরী চারুশশীর আকর্ষণ, ইন্দ্রিয়জ কামনা।

অপরদিকে তারাপদ নিস্পৃহ, অনাসক্ত ছিল বলে সবার সঙ্গেই সমান নৈকট্যে মিশতে পারতো; সমান দূরত্বে স্থিত থাকতে পারতো; ''কোথাও তাহার প্রকৃত কোনো বন্ধন ছিল না বলিয়াই এই বালক আশ্চর্য সত্বর ও সহজে সকলেরই সহিত পরিচয় করিয়া লইতে পারিত।" বন্ধন-অনুভূতিহীন এই কিশোরটিরও দুবছর সময়ের মধ্যে অনেক পরিবর্তন হলো। জমিদার মতিলালবাবুর লাইব্রেরির ইংরেজি ছবির বই তাকে আকর্ষণ করতো। ছবির জগৎ তার মনে নতুন এক কল্পলোকের উদ্বোধন ঘটালো। তার অলক্ষিতে তার মধ্যে ঘটেছে নতুন এক তারাপদর নির্মাণ। এর সঙ্গে ছিল চারুশশীর সতেজ সংস্পর্শ। চারুশশী তারাপদর পড়ার ঘরে ঢুকে ''কখনও রাগ, কখনও অনুরাগ, কখনও বিরাগের দ্বারা তাহার পাঠচর্যার নিভৃত শান্তি অকস্মাৎ তরঙ্গিত করিয়া তুলিত।" চঞ্চল প্রাণের দীপ্ত স্পর্শে ''এই নির্লিপ্ত মুক্তস্বভাব ব্রাহ্মণবালকের চিত্তে মাঝে মাঝে ক্ষণকালের জন্য বিদ্যুৎস্পন্দনের ন্যায় এক অপূর্ব চাঞ্চল্য-সঞ্চার হইত।" মাঝে মাঝেই তারাপদ ''দিবাস্বপ্ন জালের মধ্যে জড়ীভূত হইয়া পড়ে।" এবং, ''নিজের এই গূঢ় পরিবর্তন, এই আবদ্ধ আসক্ত ভাব নিজের কাছে এক নূতন স্বপ্নের মতো মনে হইতে লাগিল।" যদিও অচিরেই অচেনা স্বপ্নের জাল ছিঁড়ে ''এই ব্রাহ্মণবালক আসক্তিবিহীন উদাসীন জননী বিশ্বপৃথিবীর" কাছে চলে যায়। চরিত্রটিতে স্বয়ং রবীন্দ্রনাথের আত্মপ্রক্ষেপণ অত্যধিক। তারাপদ

যেন কিশোর রবীন্দ্রনাথের 'ইচ্ছে হয়ে ছিলি মনের মাঝারে'। তারাপদ একাদিক্রমে পাঁচালি, জিমন্যাস্টিক্ প্রভৃতি দলে অনায়াসে ভিড়ে গিয়েছিল। পিতা দেবেন্দ্রনাথ ঠাকুরের অনুচর কিশোরী চাটুর্জের পাঁচালি দলের ক্রমাগত প্রশংসায় প্রলুব্ধ রবীন্দ্রনাথের উক্তিটি উল্লেখযোগ্য— ''পাঁচালির দলে ভিড়িয়া দেশদেশান্তরে গান গাহিয়া বেড়ানোটা মহা একটা সৌভাগ্য বলিয়া বোধ হইত।" ('প্রত্যাবর্তন'/জীবনস্মৃতি)। এই চরিত্রটির মধ্যে দিয়ে সর্বজনীন মানব-প্রেমের বন্ধন-বৃত্ত গড়ে তোলা এবং আবার ছিঁড়ে ফেলার প্রবণতাটিকে ইঙ্গিত করা হয়েছে, যা রবীন্দ্রনাথ নিজের মধ্যে অনুভব করেছেন। সেই পরিপ্রেক্ষিতে স্বীকার করতে হয়, তারাপদ অপরাপর কিশোরের তুলনায় স্বতন্ত্র। চারুশশীর মধ্যে যে রাসায়নিক পরিবর্তন হয়েছিলো, তারাপদর মধ্যে তা ক্ষণিকের মোহজাল সৃষ্টি করলেও তার চরিত্রগত ব্যাপক কোনো পরিবর্তন ঘটে নি। স্বীকার করতেই হয়, পৃথিবী-জননীর সন্তান হিসেবে সৃষ্ট হওয়ার জন্য চরিত্রটির নির্মাণে কিছু উদ্দেশ্যমূলকতা কাজ করেছে।

৩

কৈশোরক অনুভূতি চায় স্বীকৃতি—একথা আগেই বলা হয়েছে। পোস্টমাস্টার গল্পের বারো-তেরো বছরের অনাথ কিশোরী রতনের ছিল আত্মজন-সংকট সমস্যা। এই বিরাট পৃথিবীতে নিঃসহায় মেয়েটি, উলাপুর গ্রামের পোস্টমাস্টার—তার দাদাবাবুকে কেন্দ্র করে শ্রেণিবোধহীন অসম্ভব এক নির্ভরতার সম্পর্কের আবেগে আচ্ছন্ন হয়েছিলো। একসময় তাকে সম্পূর্ণ নির্বান্ধব করে পোস্টমাস্টার যখন নিজের বাড়ির উদ্দেশে কলকাতা রওনা দিলেন, সামাজিকভাবে যে শূন্যতায় রতন নিমজ্জিত হয়েছিল, সে বিষয় থেকে গল্পের পরিসমাপ্তিতে প্রাধান্য পেয়েছে 'পৃথিবীতে কে কাহার'—এই তত্ত্বের দার্শনিকতা। কিভাবে তার পরবর্তী দীর্ঘ জীবন অতিবাহিত হবে তার কোনও হদিস আমরা পাই না। তার একাকীত্ব, তার নৈঃশব্দ্যের মধ্যে তাকে নিক্ষিপ্ত করেন লেখক। পোস্টমাস্টার যাবার সময় তাকে কিছু অর্থ সাহায্য করতে চাইলে রতন পোস্টমাস্টারের দু-পা জড়িয়ে ধরে কেঁদে বলে—''আমার জন্যে কাউকে কিছু ভাবতে হবে না।" 'আমার' এবং 'কাউকে' শব্দ দুটি এখানে গভীর তাৎপর্যপূর্ণ। 'আমার' শব্দটিতে কিশোরীর জাগ্রত আত্মসচেতনতা প্রতিমূর্ত হয়েছে; প্রতিহত বেদনার প্রকাশ ঘটেছে। 'কাউকে' শব্দটি ইঙ্গিত করে, যাকে বিশ্বাস করা গিয়েছিলো, সহজ মনে হয়েছিলো—সেই মানুষ এখন তার কাছে তৃতীয় ব্যক্তিতে রূপান্তরিত।

পোস্টমাস্টারকে কেন্দ্র করে রতনের ভাবনা-উপলব্ধিতে বিবর্তনের একটি রেখা চোখে পড়ে। গল্পের প্রথম দিকে, পোস্টমাস্টার যখন তার স্বল্প-পরিচিত, তার আত্মসচেতনতার পরিচয় একরকম। ''ঘরের কোণে একটি ক্ষীণশিখা প্রদীপ জ্বালিয়া পোস্টমাস্টার ডাকিতেন—'রতন'। রতন দ্বারে বসিয়া এই ডাকের জন্য অপেক্ষা করিয়া থাকিত কিন্তু এক ডাকেই ঘরে আসিত না।" রবীন্দ্রনাথের তীক্ষ্ণ পর্যবেক্ষণে ধরা পড়েছে, এই ব্যবহার শৈশবের সরল একমুখী ব্যবহার নয়; কৈশোরের উদ্ভিন্ন আত্মসচেতনতার জন্য একদিকে দ্বিধা আবার একই সঙ্গে আকর্ষণ-অনুভব জনিত রতনের এই আচরণ। এক বছরের মধ্যেই তার মধ্যে পরিবর্তন সূচিত হতে থাকে। পোস্টমাস্টারের বাড়ির গল্প শুনে শুনে তাঁর পরিবারের মধ্যে রতন কল্পনায় নিজেকে স্থিত করে নেয়। পোস্টমাস্টারের মা-ভাই-দিদির সঙ্গে সে নিজেও যেন একজন পারিবারিক সদস্য হয়ে উঠেছিলো। কৈশোরের নবীন বিশ্বাসে, নির্ভরতায় বিশেষ কোনো ব্যক্তি প্রিয়জন হয়ে ওঠে, যাকে অবলম্বন করে মনের

কোমল অনুভূতিগুলি স্ফটিকঘন রূপ ধরতে থাকে। রবীন্দ্রনাথের জীবনে জ্যোতিদাদা এবং কাদম্বরী বৌঠানের যে ভূমিকা দেখা যায় রতনের মনোগহনে এমনই মূর্তি (attachment figure) গড়ে উঠেছিলো পোস্টমাস্টারকে কেন্দ্র করে।[৯]

কিন্তু কৈশোরের স্বপ্ন-আশা-কল্পনার জগৎ যে নিটোল থাকে না, স্বপ্ন মানেই স্বপ্নভঙ্গ—রতনের কল্পনার জগতের আবহ ভেঙে দিয়ে রবীন্দ্রনাথ সেই অমোঘ সত্যটিকে নির্দেশিত করেন। এভাবেই অনুভব-বিবর্তনের পথ ধরে কিশোরী রতন এগিয়ে চলে। রতনের জীবনের এক বিশেষ সন্ধিক্ষণে পোস্টমাস্টার বিশেষ খবর নিয়ে এসেছিলেন; যখন বালিকা আর বালিকা থাকে না।[১০] বিশেষ করে পোস্টমাস্টারের অসুস্থতায় সেবা, তার ভিতরের নারীকে জাগিয়ে তুলেছিলো। পোস্টমাস্টারের প্রতীকে রতনের জীবনে শুরু হয়েছিল বয়ঃসন্ধিকালের আয়নায় আত্মানুভব, আত্মপরিচয় সন্ধান এবং নিঃসঙ্গতাবোধের উপলব্ধি।

পোস্টমাস্টার গল্প রতনের সামাজিক অবস্থান উপলব্ধিরও গল্প। অক্ষর-পরিচয়হীন রতন পোস্টমাস্টারের দাক্ষিণ্যে বাংলা যুক্তাক্ষর পড়তে শিখেছিলো। 'মেঘ ও রৌদ্র' গল্পে শশিভূষণের কাছে গিরিবালা যে বিদ্যাশিক্ষা অর্জন করেছিল, তাতে তার মানসজগতের ব্যাপ্তি ঘটেছিলো। রতনের সেই ধরনের মানস-বিস্তৃতি না ঘটলেও, সেও তার পরিচিত জগতের বাইরে অন্য একটি জগতের স্বাদ পাচ্ছিলো ঐ সামান্য বিদ্যার মাধ্যমেই। হয়তো নিজের কাছেই নিজের গুরুত্ব বেড়েছিলো। কিন্তু রতন যখন পোস্টমাস্টারকে অনুরোধ করে তাঁর বাড়িতে তাকেও নিয়ে যেতে এবং স্বাভাবিক ভাবেই পোস্টমাস্টার উত্তর দেন—''সে কি করে হবে''—সে মুহূর্তটি রতনের জীবনের এক চরম ক্ষণ। সে উপলব্ধি করে তার দাদাবাবুর সঙ্গে এতদিনের সহজ গল্প, দৈনন্দিনতা—সবই দাদাবাবুর সময় কাটানোর উপকরণ মাত্র। সে মুহূর্তেই তার অবস্থান সমস্ত পৃথিবীর কাছে শুধু নয়, তার নিজের কাছেও স্পষ্ট হয়ে যায়।

৪

ছিন্নপত্রাবলীর ২৪ সংখ্যক চিঠিতে আছে 'ছুটি' গল্পের খনিজ সূত্র, যেখানে তিনি জানিয়েছেন কাঠের গুঁড়ি নিয়ে অল্পবয়সী ছেলে মেয়েদের খেলার কথা। তাদের খেলার আনন্দের ছবি নিয়ে ছুটি গল্পটি শুরু। অনেকেই এই গল্পে রবীন্দ্রনাথের শিক্ষাবিষয়ক ভাবনাচিন্তার প্রকাশ খুঁজে পেয়েছেন। তার গভীরে আছে তাঁর ব্যক্তিগত জীবনের স্মৃতি। নর্মাল স্কুলের ভয়াবহ স্মৃতি যেমন আছে, আছে বয়ঃসন্ধিকালের একাকীত্বের যন্ত্রণা, নারীর কাছ থেকে স্নেহ পাবার দুর্মর বাসনা।

উদার আকাশ, খোলা মাঠ নদী-ঘেরা গ্রামের ছেলে ফটিক ভেবেছিলো কলকাতায় সে তার স্বপ্নের জগৎ খুঁজে পাবে। তার মামা তাকে কলকাতা যাবার প্রস্তাব করতেই সে সঙ্গে সঙ্গে রাজি হয়ে যায়। কলকাতায় আসার পরই শুরু হয় তার আশাভঙ্গের কাহিনি। একদিকে স্কুলের প্রাণহীন পরিবেশ, অপরদিকে মামী এবং মামাতো ভাইদের শুষ্ক কঠিন ব্যবহার। তার সামাজিক অবস্থানের উন্মোচন ঘটলো কলকাতায় এসে। জীবনস্মৃতির 'প্রত্যাবর্তন' শীর্ষক রচনায় রবীন্দ্রনাথ কৈশোরে কোনো কিশোরের নারীর স্নেহপ্রাপ্তি সম্পর্কে লিখেছেন—''যখনকার যেটি সহজপ্রাপ্য তখন সেটি না জুটিলে মানুষ কাঙাল হইয়া দাঁড়ায়।'' ফটিকের সেই অবস্থা

হলো। মাকে ছেড়ে এসে মামীর অনাত্তরিক ব্যবহারে তার অন্তরাত্মা আশ্রয়হীন হলো। ফটিকের মধ্যে লেখক দেখিয়েছেন স্নেহ না-পাবার যন্ত্রণা। ফটিকের শারীরিক বর্ণনার মধ্যে মা-হারা চোদ্দ বছরের রবীন্দ্রনাথ যেন নিজেকে খুঁজে পেয়েছেন। তিনি বলছেন—''বিশেষত তেরো-চৌদ্দ বৎসরের ছেলের মতো পৃথিবীতে এমন বালাই আর নাই। শোভাও নাই, কোনো কাজেও লাগে না। স্নেহও উদ্রেক করে না, তাহার সঙ্গসুখও বিশেষ প্রার্থনীয় নহে। তাহার মুখে আধো আধো কথাও ন্যাকামি, পাকা কথাও জ্যাঠামি এবং কথামাত্রই প্রগলভতা। হঠাৎ কাপড়চোপড়ের পরিমাণ রক্ষা না করিয়া বেমানানরূপে বাড়িয়া উঠে; লোকে সেটা তাহার একটু কুশ্রী স্পর্ধাস্বরূপ জ্ঞান করে। তাহার শৈশবের লালিত্য এবং কণ্ঠস্বরের মিষ্টতা সহসা চলিয়া যায়।'' বয়ঃসন্ধিকালের কিশোরের এমন নিখুঁত বর্ণনা বাংলাসাহিত্যে বিরল। অবহেলিত কিশোর নিজেকে কিভাবে পর্যালোচনা করে সে সম্পর্কে রবীন্দ্রনাথ লিখেছেন—''সেও সর্বদা মনে মনে বুঝিতে পারে, পৃথিবীর কোথাও সে ঠিক খাপ খাইতেছে না; এইজন্য আপনার অস্তিত্ব সম্বন্ধে সর্বদা লজ্জিত ও ক্ষমাপ্রার্থী হইয়া থাকে। অথচ এই বয়সেই স্নেহের জন্য কিঞ্চিৎ অতিরিক্ত কাতরতা জন্মায়।.....অতএব এমন অবস্থায় মাতৃভবন ছাড়া আর কোনো অপরিচিত স্থান বালকের পক্ষে নরক। চারিদিকের স্নেহশূন্য বিরাগ তাহাকে পদে পদে কাঁটার মতো বিঁধে। এই বয়সে সাধারণত নারীজাতিকে কোনো এক স্বর্গলোকের দুর্লভ জীব বলিয়া মনে ধারণা হইতে আরম্ভ হয়, অতএব তাঁহাদের নিকট হইতে উপেক্ষা অত্যন্ত দুঃসহবোধ হয়।'' ফটিকের আচরণে একদিকে যেমন নিজ ব্যক্তিসত্তার পরিচিতি (Igo Identity) সন্ধান দেখা গেছে, দেখা গেছে সামাজিক ক্ষেত্রে তার ভূমিকা বা পরিচয় সম্পর্কে বিভ্রান্তি (Role Confusion)।[১১] তেমনই দেখা গেছে বিপরীত লিঙ্গ-পরিচিতির মানুষের কাছ থেকে বিশেষ স্নেহ পাবার আকাঙ্ক্ষা। যা রতনের কাহিনিতেও দেখা গেছে পোস্টমাস্টারকে কেন্দ্র করে।

ফটিকের জীবনের করুণ অসহায় পরিণতির জন্য কলকাতা, তার স্কুল বা মামাবাড়ির কঠিন অনাদরের পরিবেশের যেমন দায় রয়েছে, তার থেকেও বেশি গুরুত্বপূর্ণ ভূমিকা আছে তার কৈশোরক অনুভূতির, অভিমানের। জীবনের যে পর্যায়ে এলে সব অনাদর অগ্রাহ্য করা যয়, অস্বীকার করা যায়; সে পর্যায়ে উন্নীত হবার আগেই ফটিকের জীবন-কাহিনি শেষ হয়ে গেছে। শৈশবে যেমন দুঃখ গাঢ় হয় না, যৌবনের প্রাণশক্তিও পারে গভীরতর বেদনাকে অতিক্রম করতে। কিন্তু যখন মানুষের কোমল অনুভূতিগুলি গাঢ় হতে থাকে অথচ ভাবনাশক্তি অপরিণত থাকে, জীবনের সে পর্যায়ে আঘাত সহ্য করার মনের জোর অনেক কিশোর কিশোরীরই থাকে না। রবীন্দ্রনাথের বেশ কিছু ছোটোগল্পে আছে নবীন প্রাণ ঝরে যাবার কাহিনি। হয়তো পারিবারিক ক্ষেত্রে কিছু মৃত্যুর স্মৃতি, সেগুলিকে কেন্দ্র করে ব্যক্তিগত উপলব্ধি এই চরিত্রগুলির পরিণতি-নির্মাণে কাজ করেছে। বিশেষত কিশোর-চরিত্রগুলির তীব্র অভিমানে হয়তো খুব-নিকট কারুর ছায়াপাত ঘটেছে।

৫

আপদ গল্পের কিশোর নীলকান্তেরও ছিল ফটিকের মতোই 'স্নেহের জন্য কিঞ্চিৎ অতিরিক্ত কাতরতা'। পিতৃমাতৃহীন নীলকান্ত এক আকস্মিক ঘটনার অভিঘাতে অভিজাত পরিবারের বধূ কিরণময়ীর কাছে আশ্রয় পায়। তার এই সময়ের চেহারার বর্ণনা দিয়েছেন লেখক—''ছেলেটির লম্বা চুল, বড়ো বড়ো চোখ, গোঁফের রেখা এখনও উঠে নাই।'' 'যাত্রার দলের ছোকরাটি' সম্পর্কে আরও জানিয়েছেন তিনি—''নীলকান্তের ঠিক

কত বয়স নির্ণয় করিয়া বলা কঠিন; যদি চৌদ্দ-পনেরো হয় তবে বয়সের তুলনায় মুখ অনেক পাকিয়াছে বলিতে হইবে, যদি সতেরো-আঠারো হয় তবে বয়সের অনুরূপ পাক ধরে নাই। হয় সে অকাল-পক্ক, নয় সে অকাল-অপক্ক।" ধীরে ধীরে নিজের মধ্যে সে অন্যতর এক অস্তিত্ব অনুভব করতে লাগলো। তার পরিবর্তনের লক্ষণ হিসেব লেখক জানাচ্ছেন, আগে যে গান সে অভ্যাস-অনুসারে গাইত, ক্রমশ ''সেই গানের সুরগুলো তাহার মনে এক অপূর্ব চাঞ্চল্য সঞ্চার করে।" ফলে ''সে যেন সহসা লোকান্তরে জন্মান্তরে উপনীত হইত; তখন চারিদিকের অভ্যস্ত জগতটা এবং তাহার তুচ্ছ জীবনটা গানে তর্জমা হইয়া একটা নূতন চেহারা ধারণ করিত।" শুরু হচ্ছে তার মনোগহনে নতুন জগতের উদ্ভাসন। যদিও অতীত - নীলকান্ত একেবারে হারিয়ে যায় নি; তা সত্ত্বেও সম্পূর্ণ অচেনা এক জগতের উপলব্ধিতে সে বিহ্বল হয়ে পড়লো। সেই নতুন জগতে কিরণময়ীর ছিল অপ্রতিরোধ্য ভূমিকা—''গানের সুরের মধ্যে এই যাত্রার দলের ছেলেটি আপনাকে এবং আপনার জগতটিকে একটি নবীন আকারে সৃজন করিয়া তুলিত—জলের ধ্বনি, পাতার শব্দ, পাখির ডাক, এবং যে লক্ষ্মী এই লক্ষ্মীছাড়াকে আশ্রয় দিয়াছেন তাঁহার সহাস্য স্নেহ - মুখচ্ছবি, তাঁহার কল্যাণমণ্ডিত বলয়বেষ্টিত বাহুদুইখানি এবং দুর্লভসুন্দর পুষ্পদলকোমল রক্তিম চরণযুগল কী-এক মায়ামন্ত্রবলে রাগিণীর মধ্যে রূপান্তরিত হইয়া যাইত।" এক কিশোরের কল্পনার রঙিন অথচ সত্য ভুবন যেন মূর্ত হয়ে উঠেছে। এখানেও আমরা দেখছি, নারী স্বর্গলোকের দূতী হয়ে উঠেছে এক কিশোরের ধ্যানলোকে। আমাদের মনে পড়বে, তেরো-চোদ্দ বছর বয়সে রবীন্দ্রনাথের লেখা মালতী-পুঁথির প্রথম সর্গের কয়েকটি পংক্তি—

অনন্ত প্রণয়ময়ী রমণী তোমরা
পৃথিবীর মন্দিরের অধিষ্ঠাত্রী দেবী।
তোমাদের স্নেহধারা যদি না বর্ষিত
হৃদয় হইত তবে মরুভূমি সম
স্নেহদয়া প্রেমভক্তি যাইত শুকায়ে।
তোমরাই পৃথিবীর সংগীত, কবিতা।।

গল্পটি রচনার (ফাল্গুন ১৩০১) কিছু আগে লেখা 'সোনার তরী' কাব্যের 'অচলস্মৃতি' কবিতার কয়েকটি পংক্তিও এখানে উল্লেখ্য—

যেখানে চরণ রেখেছে সে মোর
মর্ম গভীরতম —
উন্নতশির রয়েছে তুলিয়া
সকল উচ্চ মম।
মোর কল্পনা শত
রঙিন মেঘের মতো
তাহারে ঘেরিয়া হাসিছে কাঁদিছে
সোহাগে হতেছে নত।।

আমাদের সামনে স্পষ্ট হয়ে উঠছে ভ্রাতৃবধূ - দেবর - সম্পর্কের প্রোটোটাইপ। যদিও নীলকান্তের মানসবিশ্বের নিশ্চিন্ত আশ্রয়টিও ভেঙে যায়। কিরণময়ীর প্রকৃত দেবর সতীশের আগমনে স্পষ্ট হয় নীলকান্তের সামাজিক অবস্থান—সে উপলব্ধি করে কিরণময়ীর পরিবারে সে একজন আশ্রিত মাত্র। সে কিরণময়ীর ক্ষণিক আমোদের উপকরণ—এই সত্যটি মেনে নিতে তার কষ্ট হয়েছিল। এই জন্য সতীশের সাধের দোয়াতদানটি লুকিয়ে নষ্ট করার বাসনা ছিলো তার। কৈশোরের আহত যন্ত্রণা তাকে করেছে প্রতিশোধপরায়ণ। যখন কিরণময়ীর চোখে তার অনিচ্ছাকৃত চুরি ধরা পড়ে যায়, তার যন্ত্রণা আরও বেশি। চুরির উদ্দেশ্যে সে চুরি করেনি; কিন্তু সে কি করে বোঝাবে, ''সে চোর নয়! তবে সে কী। কেমন করিয়া বলিবে সে কী।'' কিরণময়ীর সন্দেহ তার কাছে 'নিষ্ঠুর অন্যায়'—পরদিন সকালে নীলকান্তকে যে কারণে আর দেখা যায় না। রবীন্দ্রনাথ গল্পটি শেষ করেছেন নীলকান্তের পোষা গ্রাম্য কুকুরের বেদনাহত আচরণের বর্ণনায়—যে কি না ''আহার ত্যাগ করিয়া নদীর ধারে ধারে ঘুরিয়া ঘুরিয়া, খুঁজিয়া খুঁজিয়া, কাঁদিয়া কাঁদিয়া বেড়াইতে লাগিল।'' ঘটনাস্রোতে ভেসে আসা নীলকান্ত আবার ভেসে গেল জীবনের অনিশ্চয়তার পথে; শুধু তার বেদনাটুকু ধরা রইল আশ্রয়হীনের ঐ শব্দদ্বৈতগুলির মধ্যে।

৬

'সুভা' গল্পের সুভার জীবনের পরিণতিও সুখদায়ক নয়। তার নিস্তব্ধতা তো ছিলই, উপরন্তু সারা জীবন ধরেই তাকে রবীন্দ্রনাথ নিক্ষেপ করেছেন এক চরম একাকীত্বে। কিন্তু নিঃশব্দ সুভার জীবনে স্বপ্ন ছিলো; সেও চেয়েছিলো, ''কাহার প্রেমের বেদনায় আমার মূল্য আছে''। গ্রামের প্রতিবেশী অকর্মণ্য ছেলে প্রতাপের সঙ্গে কোনো অনুরাগের সম্পর্ক না থাকলেও প্রতাপের জন্য প্রতিদিন একটি করে পান সুভা পুকুরঘাটে সাজিয়ে আনতো। অনেকক্ষণ বসে বসে প্রতাপের মাছ-ধরা দেখতে দেখতে সুভার খুব ইচ্ছে করতো, প্রতাপের ''একটা কোনো কাজে লাগিতে, কোনো মতে জানাইয়া দিতে যে, এই পৃথিবীতে সেও একজন কম প্রয়োজনীয় লোক নহে।'' সুভার মনের মধ্যে গড়ে ওঠে তার নিজস্ব কল্পনার জগৎ—নিজেকে কেন্দ্র করে চারপাশে পছন্দের মানুষজনকে নিয়ে সুখী মুহূর্ত কল্পনা যে জগতের প্রধান কাজ। মনস্তত্ত্ববিদেরা বলেন, বয়ঃসন্ধিকালের অন্যতম বৈশিষ্ট্য, যেখানে থাকে নিজেকে কেন্দ্র করে কাহিনি এবং দর্শক - শ্রোতা নির্মাণ — "Elkind refers to this self-consciousness as the imaginary audience, a conceptualized 'observer' who is as concerned with a young person's thoughts and behaviour as he or she is."[১২] শুরু হয় নিজেকে বিভিন্ন সত্তায় খণ্ডিত করে নিয়ে আত্মআলাপন। যেমন, সুভা কল্পনা করেছে—''মনে করো, সুভা যদি জলকুমারী হইত, আস্তে আস্তে জল হইতে উঠিয়া একটা সাপের মাথার মণি ঘাটে রাখিয়া যাইত; প্রতাপ তাহার তুচ্ছ মাছ ধরা রাখিয়া সেই মানিক লইয়া জলে ডুব মারিত; এবং পাতালে গিয়া দেখিত, রূপার পালঙ্কে—কে বসিয়া? আমাদের বাণীকণ্ঠের ঘরের সেই বোবা মেয়ে সু— আমাদের সু সেই মণিদীপ্ত গভীর নিস্তব্ধ পাতালপুরীর একমাত্র রাজকন্যা।'' বিশেষ মানুষকে নিয়ে অসম্ভব এক কল্পনার জগতে আশ্রয় খুঁজে নেয় কিশোরী সুভা।

সুভা এবং 'সমাপ্তি' গল্পে মৃণ্ময়ীর মধ্যে বয়ঃসন্ধিকালের ক্রমপরিণতি বর্ণিত হয়েছে। সুভা গল্পে সুভার শারীরিক

মানসিক বয়স বেড়ে চলার সঙ্গে রবীন্দ্রনাথ সুকৌশলে প্রকৃতির সৌন্দর্য মিলিয়ে দিয়েছেন। তার আত্মোপলব্ধি প্রসঙ্গে রবীন্দ্রনাথ লিখেছেন—''ক্রমে সে যেন আপনাকে আপনি অনুভব করিতে পারিতেছে। যেন কোনো একটা পূর্ণিমাতিথিতে কোনো একটা সমুদ্র হইতে একটা জোয়ারের স্রোত আসিয়া তাহার অন্তরাত্মাকে এক নূতন অনির্বচনীয় চেতনাশক্তিতে পরিপূর্ণ করিয়া তুলিতেছে। সে আপনাকে আপনি দেখিতেছে। ভাবিতেছে, প্রশ্ন করিতেছে এবং বুঝিতে পারিতেছে না।" মনস্তত্ত্ববিদেরা কৈশোরক মনের এই অবস্থাকেই বলেছেন—"The core conflict of adolescene is the tension between role confusion and identity."[১৩] এই সমস্যা রতন, ফটিক, নীলকান্তের মধ্যেও দেখা গেছে। কিন্তু সুভার মধ্যে এর সঙ্গে যুক্ত হয়েছে 'রোমান্টিক এ্যাগনি' (romantic agony)। ফলে ধীরে ধীরে পৃথক হয়ে যাচ্ছে একদিকে তার শৈশব এবং অপরদিকে তার আগত যৌবন; অন্ত্য-বয়ঃসন্ধিকাল যাকে সূচিত করেছে। ঘটেছে তার নূতন এক জন্মান্তর।

'সমাপ্তি' গল্পটিও মৃণ্ময়ীর জন্মান্তরের কাহিনি। এই প্রসঙ্গে ছিন্নপত্রাবলীর ২৬ সংখ্যক চিঠি (৪ জুলাই ১৮৯১)-র কথা মনে পড়বে। ''ছেলেদের মতো আত্মসম্বন্ধে সম্পূর্ণ অচেতন ভাব এবং তার সঙ্গে মাধুরী মিশে ভারী নতুন রকমের একটি মেয়েকে" দেখে রবীন্দ্রনাথ মৃন্ময়ীকে গড়ে তুলেছেন। সেই মেয়েটিকে শ্বশুরবাড়ি যেতে দেখে রবীন্দ্রনাথের উক্তি—''সকাল বেলাকার একটা অত্যন্ত হতাশ্বাস করুণ রাগিণীর মতো মনে হল, সমস্ত পৃথিবীটা এমন সুন্দর অথচ এমন বেদনায় পরিপূর্ণ। ..... বিদায়কালে এই নৌকো করে নদীর স্রোতে ভেসে যাওয়ার মধ্যে আরও একটু বেশি করুণা আছে। অনেকটা যেন মৃত্যুর মতো—তীর থেকে প্রবাহে ভেসে যাওয়া।" মৃণ্ময়ীর জীবনেও দেখি আদি-বয়ঃসন্ধিকালের সত্তার সমাপ্তি ঘটে সে নূতন এক মৃণ্ময়ীতে রূপান্তরিত হয়েছে। তার এই স্পষ্ট দুটি সত্তার নির্মাণ—যা রবীন্দ্রনাথের মতে সম্ভব হয়েছে হাসির রূপোর কাঠি এবং বেদনার সোনার কাঠির ছোঁয়ায়, সৃজন-কৌশলের সূক্ষ্মতায়, যা পাঠককে মুগ্ধ করে।

যদিও এই দুটি সত্তার পার্থক্যের ক্ষেত্রে কালগত হিসেব একেবারেই দীর্ঘ নয়। মৃণ্ময়ীর বয়ঃসন্ধিকাল চাপল্যের বিবরণ যেমন লেখক বিস্তৃতাকারে দিয়েছেন; তার অবসানের ছবিটিও কম বিস্তারিত নয়। আমাদের বুঝতে অসুবিধে হয় না, তার বয়ঃসন্ধিকাল সময়ের বিচারে তখন শেষ না হলেও দেশীয় যুগগত সামাজিক সংস্কৃতিও যে বয়ঃসন্ধিকালে পরিবর্তনের ক্ষেত্রে সক্রিয় ভূমিকা নেয়, রবীন্দ্রনাথ সে দিকে ইঙ্গিত করেছেন। অর্থাৎ বয়ঃসন্ধির বিভিন্ন ভাবভঙ্গিমা প্রকাশের জন্য স্থান-কাল-পাত্রের পার্থক্যও কাজ করে।

অপূর্বর কলকাতায় ফিরে যাবার পর মৃণ্ময়ীর বয়ঃসন্ধিকালের দ্বিতীয় সত্তার সূচনা হলো। তাকে পিতৃগৃহে রেখে অপূর্ব কলকাতায় চলে গেলে—''মৃণ্ময়ীর হঠাৎ মনে হইল, যেন সমস্ত গৃহে এবং সমস্ত গ্রামে কেহ লোক নাই। যেন মধ্যাহ্নে সূর্যগ্রহণ হইল।" রবীন্দ্রনাথ অসাধারণ কাব্যিক ভাষায় মৃণ্ময়ীর মনস্তত্ব ব্যাখ্যা করেছেন—''কাল সে জানিত না যে, জীবনের যে অংশ পরিহার করিয়া যাইবার জন্য এত মন-কেমন করিতেছিল তৎপূর্বেই তাহার সম্পূর্ণ স্বাদ পরিবর্তন হইয়া গিয়াছে। গাছের পক্ক-পত্রের ন্যায় আজ সেই বৃন্তচ্যুত অতীত জীবনটাকে ইচ্ছাপূর্বক অনায়াসে ছুঁড়িয়া ফেলিল।" মৃণ্ময়ীর আত্ম-উপলব্ধির মধ্যে অতীত জীবন ছুঁড়ে-ফেলার পূর্ব ইতিহাস রবীন্দ্রনাথ আগেই সৃষ্টি করেছিলেন, যদিও সে সচেতন ছিলো না। কনে দেখে ফেরার সময় নির্জন পথে মৃণ্ময়ীকে বন্দী করে অপূর্ব গভীর ভাবে তাকে দেখতে থাকে, ''এবং অত্যন্ত

ধীরে ধীরে মুষ্টি শিথিল করিয়া যেন যথাকর্তব্য অসম্পন্ন রাখিয়া বন্দিনীকে ছাড়িয়া দিল।" এই অপরূপ নীরব শাস্তির অর্থ মৃণ্ময়ী সে মুহূর্তে উপলব্ধি করে নি, কিন্তু কবির ভাষায় 'বঁধূ কোন আলো লাগলো চোখে'। তার যৌনচেতনার উন্মেষ শুধু নয়, অপূর্বর প্রতি নীরব আকর্ষণের সূত্রপাতও ঐ মুহূর্ত থেকেই।

এর পরে অপূর্বর সংস্পর্শে, কুশীগঞ্জে মৃণ্ময়ীর বাবার ছোট ঘরে একত্র বাসকালে তার হৃদয়ানুভব বিকশিত হচ্ছিলো। অলক্ষ্যে, গভীরে। এর সঙ্গে পেয়েছিল কুশীগঞ্জে নদীর তীরে 'অবাধ স্বাধীনতা'—যা বয়ঃসন্ধির কিশোরীর সব চাইতে প্রিয়। শ্বশুরবাড়ির বন্দী জীবনের পরিপ্রেক্ষিতে এই মুক্তি এবং প্রিয় মানুষের সঙ্গ—মৃণ্ময়ীকে দিয়েছিলো দ্বৈত জীবনের স্বাদ।

প্রায়-অরণ্যবালিকা থেকে প্রেমিকা মৃণ্ময়ীর উদ্বোধন ধীরে ধীরে ঘটেছে। কিন্তু অপূর্বর কলকাতা চলে যাওয়া, মৃণ্ময়ীর মনে ঘটে-যাওয়া বিরাট পরিবর্তনের ক্ষেত্রে দ্রুত অনুঘটকের কাজ করেছে। এই পরিবর্তন, রবীন্দ্রনাথ বিধাতার হাতের সূক্ষ্ম তরবারির সাহায্যে সংঘটিত বলে বর্ণনা করেছেন—"কখন তিনি মৃণ্ময়ীর বাল্য ও যৌবনের মাঝখানে আঘাত করিয়াছিলেন সে জানিতে পারে নাই; আজ কেমন করিয়া নাড়া পাইয়া বাল্য-অংশ যৌবন হইতে বিচ্যুত হইয়া পড়িল এবং মৃণ্ময়ী বিস্মিত হইয়া ব্যথিত হইয়া চাহিয়া রহিল।" মৃণ্ময়ীর কাছে তার পূর্ব পরিচয় অতীত ইতিহাস হয়ে রইলো মাত্র, নিজের মধ্যে সে উপলব্ধি করলো বেদনার সৌন্দর্যে পরিপূর্ণ আর এক মৃণ্ময়ীকে;—"এই যে একটি গম্ভীর স্নিগ্ধ বিশাল রমণীপ্রকৃতি মৃণ্ময়ীর সমস্ত শরীরে ও সমস্ত অন্তরে রেখায় রেখায় ভরিয়া উঠিল, ইহাতে তাকে যেন বেদনা দিতে লাগিল।" বয়ঃসন্ধিকালের এই পরিপূর্ণতা যেন আষাঢ়ের শ্যামসজল নবীন মেঘের আসন্ন সৃষ্টির পরিপূর্ণতা।

বিরহবেদনার সজল ছোঁয়ায় সম্পূর্ণ হয়েছে মৃণ্ময়ীর উপলব্ধির আবিশ্ব। নতুন যৌবনের বেদনায় তার মন এবং আচরণের সদ্য অতীতের স্মৃতি তাকে ক্রমাগত লজ্জা দিতে লাগলো। অভিমানী মৃণ্ময়ী অপূর্বকে অভিযোগ করার জন্য নিজের মনের মধ্যে অপূর্বকে সৃজন করে—অর্থাৎ তারই একটি সত্তা অপূর্ব হয়ে উঠলো, নিবিড় এক কল্পনার জগতে এবং তার সঙ্গে শুরু হলো মৃণ্ময়ীর কথোপকথন। তার আক্ষেপ হলো—"অপূর্ব তাহাকে যে দুরন্ত চপল অবিবেচক নির্বোধ বালিকা বলিয়া জানিল, পরিপূর্ণ হৃদয়ামৃত ধারায় প্রেমপিপাসা মিটাইতে সক্ষম রমণী বলিয়া পরিচয় পাইল না, ইহাতেই সে পরিতাপে লজ্জায় ধিক্কারে পীড়িত হইতে লাগিল।" অর্থাৎ মৃণ্ময়ীর মধ্যে শুরু হয়েছে 'নির্বোধ বালিকা' বনাম 'সক্ষম রমণী'র দ্বন্দ্ব। তার অসমাপ্ত চুম্বন অতীত স্মৃতিকে আঁকড়ে ধরে পরিতৃপ্তির পথ খুঁজে চললো। যৌন-আকর্ষণ এবং প্রেম-পিপাসা দুই এখানে মিলেছে এক বিন্দুতে। অন্ত্য-বয়ঃসন্ধির শারীরিক মানসিক পরিবর্তন, বেদনাবোধ তাকে চিরকালের মতো নতুন জীবন দিলো, সমাপ্তি ঘটলো তার শৈশবের।

৮

মৃণ্ময়ী তার বিবাহিত জীবনের গোড়ায় সর্বাপেক্ষা অপছন্দ করেছে তার শ্বশুরবাড়িকে। উনিশ শতকের শেষার্ধে দেশীয় প্রথা অনুযায়ী বাঙালি মেয়েদের যে বয়সে বিয়ে হতো তাদের পক্ষে সবচেয়ে ভীতিজনক ছিল তাদের শ্বশুরবাড়ি। সম্পূর্ণ ভিন্ন একটি পরিবেশে নিজের ইচ্ছা-অনিচ্ছা বিসর্জন দিয়ে বারো-তেরো-চোদ্দ বা

আরও ছোট মেয়েটিকে শৈশব ভুলে বড় হবার চেষ্টা করতে হতো; মনোবিদের ভাষায় যাকে বলা যায়—"One of the most diffficult developmental tasks of adolescene relates to social adjustments. These adjustments must be made to members of the opposite sex in a relationship that never existed before and to adults outside the family."[১৪] এই কথাগুলি উনিশ শতকের বাঙালি মেয়েদের জীবনের ধ্রুব সত্য। এই সমস্যা আমরা দেখতে পাই 'খাতা' গল্পের উমার জীবনে। তার জীবনকথায় বাংলাদেশের বিজয়ার সুর লেগেছে। 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ আক্ষেপ করেছেন—''হরগৌরীর কথায় আমাদের বাংলাদেশের একটা বড় মর্মের কথা আছে। কন্যা আমাদের গৃহের এক মস্ত ভার। ..... একান্নবর্তী পরিবারে আমরা দূর ও নিকট, এমনকি নামমাত্র আত্মীয়কেও, বাঁধিয়া রাখিতে চাই; কেবল কন্যাকেই ফেলিয়া দিতে হয়।" উমাকেও কৈশোর শুরুর আগেই পিতৃগৃহ পরিত্যাগ করেছিলো।

নয় বছর বয়সে বিবাহিত জীবন শুরু করার সময় উমা সঙ্গে পেয়েছিলো তার প্রিয় খাতাটি, যা তার নিভৃত মনের সুখ দুঃখের বিশ্বস্ত বন্ধু—''এই খাতাটি তাহার পিতৃভবনের একটি অংশ; তাহার অতিক্ষণিক জন্মগৃহবাসের স্নেহময় স্মৃতিচিহ্ন, পিতামাতার অঙ্কস্থলীর একটি সংক্ষিপ্ত ইতিহাস, অত্যন্ত বাঁকাচোরা কাঁচা অক্ষরে লেখা। তাহার এই অকাল গৃহিণীপনার মধ্যে বালিকাস্বভাবরোচক একটুখানি স্নেহমধুর স্বাধীনতার আস্বাদ।" তার আত্মপ্রকাশের সেই 'স্নেহমধুর স্বাধীনতার আস্বাদ' সে বেশিদিন উপভোগ করতে পারলো না, তিন ননদিনীর কৌতূহল এবং স্বামী প্যারীমোহনের শাসনের জন্য। বাংলাদেশের অনেক কিশোরীকে একসময় তার স্বামীগৃহে মনের সুকুমার বৃত্তিগুলিকে চিরদিনের মতো বিনষ্ট করে পরিবারের ছাঁচে নিজেকে তৈরি করার সাধনায় ব্রতী হতে হতো। অর্থাৎ বয়ঃসন্ধিকালের আত্মপ্রকাশের ভাব-ইচ্ছা-অনিচ্ছাগুলিও পরিবার-সমাজ এবং দেশীয় সংস্কৃতির অনুমোদনের অপেক্ষা রাখে, গল্পকারের ইঙ্গিত সেদিকেই। আর উনিশ শতকে সমাজের এই শাসন প্রধানত ছিলো পরিবারের কিশোরী বধূটির জন্য; একইসঙ্গে সংসারে সবার মাঝে থেকেও সে বন্দী থেকে যায় তার নিঃসঙ্গতাবোধের বৃত্তে।

৯

কৈশোরের স্মৃতি অধিকাংশ ক্ষেত্রেই এক অক্ষয় সম্পদ, অমূল্য সঞ্চয়। পরবর্তী জীবনের ব্যক্তিত্বের ছাঁচ গঠনের জন্য এই স্মৃতির ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ব্যক্তিমানুষের আবেগীয় জগতের অনেকখানি গড়ে ওঠে এই স্মৃতির সহায়তায়। 'মেঘ ও রৌদ্র' গল্পের গিরিবালার মানসবিশ্ব গঠনে কাজ করেছে তার কৈশোরের স্মৃতি। গল্পটির কাহিনিবৃত্তে আছে তার জীবনের দীর্ঘ পর্যায়। সূচনা তার শৈশব-কৈশোরে। গ্রামে যুবক শশিভূষণের সঙ্গে ছিল তার অসমবয়সী বন্ধুত্ব। রবীন্দ্রনাথ জানিয়েছেন— ''গ্রামের মধ্যে আর সকলেই দলাদলি, চক্রান্ত, ইক্ষুর চাষ, মিথ্যা মোকদ্দমা এবং পাটের কারবার লইয়া থাকিত, ভাবের আলোচনা এবং সাহিত্যচর্চা করিত কেবল শশিভূষণ আর গিরিবালা।" গিরিবালার কৈশোরে এই 'ভাবের আলোচনা এবং সাহিত্যচর্চা' তার মনোগহনে দুভাবে কাজ করেছে—একদিকে শশিভূষণের প্রতি তার গভীর আকর্ষণ এবং শ্রদ্ধাবোধ গাঢ়তর হয়েছে, অপরদিকে তার নিজের মনোজগতের ঊর্ধ্বায়ন ঘটেছে—গ্রামের কুশ্রী পরিবেশে সুন্দর সম্পর্কের যে স্নিগ্ধ শ্যামলতার এবং জ্ঞানের বৃহত্তর জগতের যে আস্বাদন সে পেয়েছিলো, তার পরবর্তী

জীবনে ও গল্পের উপসংহারে দেখি তারই সক্রিয় প্রবর্তনা। অল্প বয়সের সেই মধুর স্মৃতিটুকুই তার বাকি পথের একমাত্র অবলম্বন।

রবীন্দ্রনাথ শশিভূষণকে বারবার উল্লেখ করেছেন 'ক্ষীণদৃষ্টি' বা 'অন্ধ যুবাপুরুষ' নামে—তার দৃষ্টির অল্পতাতো ছিলোই, এছাড়াও ছিলো নারীচরিত্র সম্পর্কে তার অজ্ঞতা। কৈশোরেও যে নারীর হৃদয়রহস্য অপরিসীম কৌতূহলের, অজানা মণির নূতন খনি তা শশিভূষণের বোধের বাইরে ছিলো। রবীন্দ্রনাথ লিখেছেন—''এই বালিকা কেন যে একদিন বা রাগ করে, একদিন বা অপরিমিত স্নেহ প্রকাশ করিতে থাকে, কোনোদিন বা দৈনিক বরাদ্দ (জাম) বাড়াইয়া দেয়, কোনোদিন বা দৈনিক বরাদ্দ একেবারেই বন্ধ করে, তাহার কারণ খুঁজিয়া পাওয়া সহজ নহে। এক-একদিন যেন তাহার সমস্ত কল্পনা ভাবনা এবং নৈপুণ্য একত্র করিয়া যুবকের সন্তোষ সাধনে প্রবৃত্ত হয়, আবার এক-একদিন তাহার সমস্ত ক্ষুদ্র শক্তি, তাহার সমস্ত কাঠিন্য দ্বিগুণ বাড়িয়া উঠে; কৃতকার্য হইলে সে কাঠিন্য অনুতাপের অশ্রুজলে শতধা বিগলিত হইয়া অজস্র স্নেহধারায় প্রবাহিত হইতে থাকে।" বয়ঃসন্ধিকালের নারী-স্বভাবের এত সুন্দর পরিচয়—একইসঙ্গে নিজেকে সংগুপ্ত রাখার ও প্রকাশিত করার চেষ্টা—এও বাংলাসাহিত্যে বিরল।

শশিভূষণের কাছে গিরিবালা লেখাপড়া শিখতে শুরু করেছিলো। রবীন্দ্রনাথ জানিয়েছেন—''এই মাস্টারটি তাহার ক্ষুদ্র ছাত্রীকে কেবল যে অক্ষর বানান এবং ব্যাকরণ শিখাইত তাহা নহে—অনেক বড়ো বড়ো কাব্যের তর্জমা করিয়া শুনাইত এবং তাহার মতামত জিজ্ঞাসা করিত। বালিকা কি বুঝিত তাহা অন্তর্যামীই জানেন, কিন্তু তাহার ভালো লাগিত সন্দেহ নাই। সে বোঝা-না-বোঝায় মিশাইয়া আপন বাল্য-হৃদয়ে নানা অপরূপ কল্পনাচিত্র আঁকিয়া লইত।" গিরিবালার মনোজগতে আনন্দের সহযোগে এই যে বিস্তার, এই যে উন্মোচন ঘটলো তা দীর্ঘস্থায়ী প্রভাব ফেলেছিলো। শশিভূষণের ওপর ক্রমশ সে অধিকারবোধ অনুভব করেছে। কিন্তু গল্পে যখন, ব্যক্তিজীবনের সঙ্গে সামাজিক ঘটনার দ্বন্দ্বে শশিভূষণ তার প্রতি উদাসীন, গিরিবালা অভিমানে তার চারুপাঠ ছিঁড়ে পথে ছড়িয়ে দিয়েছিল; একদিন সে-ই আবার বকুলফুল তুলে মালা গেঁথে শশিভূষণের তক্তপোষের উপর রেখে চলে গিয়েছিলো। তার বিবাহ যেখানেই হোক না কেন, সে বরণ করে নিয়েছিল শশিভূষণকেই। শশিভূষণের কাছে যে স্লেট-বই নিয়ে সে লেখাপড়া শিখেছিলো, সেগুলি ছিল তার পরম আদরের ধন; কৈশোরের সেই স্মৃতিচিহ্নগুলি এবং শশিভূষণের সমস্ত বই গিরিবালা পরম মমতায় যত্নে সংরক্ষণ করেছে। কৈশোরের বিশেষ মানুষের স্মৃতি-আশ্লিষ্ট সঞ্চয়গুলি তার বেঁচে থাকার বড় আশ্রয় ছিলো।

১০

গল্পগুচ্ছের তৃতীয় খণ্ডের কৈশোরক কালের যে কটি চরিত্র আছে অধিকাংশই কিশোর; 'হৈমন্তী' গল্পের হৈমন্তী এবং 'অপরিচিতা' গল্পের কল্যাণী ব্যতিক্রম। এই গল্পগুলি, বিশেষ কোনো আদর্শ, বক্তব্য বা তত্ত্বকথা মুখ্য হয়ে ওঠার কারণে চরিত্রের উপর আলোকপাতের তুলনায় কোথাও বা ঘটনামুখ্য কোথাও বা ভাবমুখ্য হয়ে উঠেছে। একমাত্র 'বলাই' গল্পটি বলাই চরিত্রকে ঘিরে গড়ে উঠেছে।

'মাস্টারমশায়' গল্পের কেন্দ্রীয় চরিত্র 'হরলাল'। তার ছাত্র বেণুগোপালের শৈশব থেকে কৈশোর অবস্থার কিছু

ঘটনা গল্পের অভিমুখ গড়ে দিয়েছে; যদিও তার চরিত্র গল্পে বিস্তৃতাকার পায় নি। শৈশব-কৈশোরে হরলাল ছিলো বেণুগোপালের সর্বাপেক্ষা প্রিয় মানুষ। এই বয়স পছন্দের শিক্ষককে যেভাবে আঁকড়ে ধরে সেও তা-ই করেছিল। শুধু অতি নির্ভরতা নয়, ধনী পরিবারের সন্তান বেণুগোপাল জানত নিরীহ ছা-পোষা নিতান্ত ভদ্র মানুষ হরলাল তার পক্ষে সব চাইতে নিরাপদ। সেজন্য হরলালের অফিসের টাকা অনায়াসে চুরি করে বিদেশে পাড়ি দিতে সে দ্বিধাবোধ করে নি। এই বয়স যে অনেক সময়ই অপরিণামদর্শী, বেণুগোপাল তা প্রমাণ করলো।

'রাসমণির ছেলে' গল্পে 'কালীপদ'র স্বল্পায়ু জীবনকাহিনি বর্ণিত হয়েছে। মা রাসমণির শিক্ষায়, সে অতি অল্প বয়স থেকেই তাদের দারিদ্র্য সম্পর্কে সচেতন হয়ে উঠেছিলো। তার অতি কাঙ্ক্ষিত মোমের পরি, মাত্র এক দিনের জন্য দু-টাকা ভাড়ার বিনিময়ে সে যখন পেলো, সেই ''একদিনের মিলনের সুখস্মৃতি অনেক দিন তাহার মনে জাগরূক হইয়া রহিল, তাহার কল্পনালোকে পাখা চলার আর বিরাম রহিল না।'' তবে তার শৈশব-কৈশোর দারিদ্র্যের কাঠিন্যে বাঁধা ছিলো বলে কল্পনার রঙিন আবেশ খুব তাড়াতাড়িই তাকে কাটিয়ে উঠতে হয়েছিলো। পরিবর্তে সে উজ্জীবিত হয়ে উঠলো আরও বড় এক স্বপ্নে, শপথে— লেখাপড়া শিখে সে তার উপার্জনে পরিবারের দারিদ্র্য দূর করবে।

যদিও তার স্বপ্নও স্বপ্নভঙ্গেরই ইতিহাস। তার পরিণতি পাঠককে ভারাক্রান্ত করে রাখে। এই গল্পটিতে জমিদার পরিবারের দলিল-চুরি এবং জ্ঞাতি-শত্রুতা-ভালোবাসার প্রেক্ষাপটে কৈশোর-তারুণ্যের দু-ধরনের ছবি পাশাপাশি রেখেছেন রবীন্দ্রনাথ। একদিকে দারিদ্র্যলাঞ্ছিত কালীপদ'র একনিষ্ঠতা, অপরদিকে তাদেরই সম্পদে ধনী-হওয়া তার জ্ঞাতি আত্মীয় শৈলেনের উচ্ছৃঙ্খলতা-বিলাসব্যসন ও পরিশেষে প্রায়শ্চিত্ত সম্পাদন। ঠাকুর-পরিবারের আত্মীয় পরিবেশে এই গল্পের চরিত্রগুলির সমগোত্রীয় চরিত্র সম্ভবত রবীন্দ্রনাথ দেখে থাকবেন। যেন এক বিশেষ উদ্দেশ্য নিয়ে চরিত্রগুলিকে খুব দ্রুততার সঙ্গে চিত্রিত করেছেন। তবে কালীপদ-চরিত্রের একমুখিতা তাকে করুণ করে তুলেছে।

'পণরক্ষা' গল্প দুই অসমবয়সী সহোদরের গল্প। বংশী তার ভাই রসিককে অত্যধিক আদরে প্রশ্রয়ে বড় করার জন্য সে এক বাস্তবসম্পর্কহীন পৃথিবীর অধিবাসী হয়ে ওঠে। একইসঙ্গে রসিকের ছিল বহুমুখী প্রতিভা। গ্রামেরই মেয়ে সৌরভীর সঙ্গে তার একটি রোমান্টিক সম্পর্কের অবকাশ সৃষ্টি করেছেন রবীন্দ্রনাথ। রসিক যখন পুতুল গড়তো, সৌরভীর দেখতে দেখতে ইচ্ছা করতো ''রসিক তাহাকে একটা কিছু ফরমাশ করে। কাজ করিতে করিতে পান চাহিবে জানিয়া সৌরভী তাহা যোগাইয়া দিবার জন্য প্রতিদিন প্রস্তুত হইয়া আসিত।'' সুভার কথা এখানে মনে পড়া অস্বাভাবিক নয়। কিন্তু এখানে রবীন্দ্রনাথ গল্পটি গড়ে তুলেছেন কিশোরটিকে কেন্দ্র করে।

সৌরভীর প্রতি রসিকেরও ছিল বিশেষ মমতা—নিজের হাতে তার বানানো পুতুল থেকে বেছে সৌরভীকে দিতো সে। কিন্তু দাদার স্নেহ, নিজের স্বপ্নের জগৎ এবং সৌরভীকে কেন্দ্র করে তার আকর্ষণ, ভবিষ্যত জীবনের পরিকল্পনা—সমস্ত ছিন্ন করে একসময় সে, নিজে উপার্জন করে সাইকেল কিনবে এই প্রতিজ্ঞায়

গ্রামত্যাগ করে। তার আহত কৈশোরক অনুভূতিতে সে এই প্রতিজ্ঞা করলেও গল্পের শেষে 'দ্য প্রডিগাল সন' (The Prodigal Son) নামক বাইবেলের বিখ্যাত নীতি গল্পটি মনে পড়ে; সে যখন গ্রামে ফিরে আসে। যদিও তার সমস্ত সুখের সম্ভাবনা শেষ হয়েছে তখন।

'ভাইফোঁটা' গল্পের সুবোধ চরিত্রটি সাত বছর বয়সে মা-হারা হয়েছিলো; বাবাকে হারিয়েছিলো আরও আগে। তার সম্পর্কে লেখক লিখেছেন—''সমস্তটা জড়াইয়া তার কেমন - একটি ক্ষণিকতার ভাব, পৃথিবী যেন তাকে পুরা পরিমাণ স্তন্য দিতে ভুলিয়া গেছে।'' সে আশ্রয় পেয়েছিলো তার মায়ের কৈশোরের বিশেষ পরিচিত গল্প-কথকের কাছে। কিন্তু সমাদরের পরিবর্তে তার ভাগ্যে জুটেছিলো অপরিসীম অবহেলা আর শারীরিক মানসিক অত্যাচার। অসহনীয় পরিবেশে যে নবীন প্রাণ বাঁচে না, ফটিকের মতোই মৃত্যুর মধ্য দিয়ে সুবোধ তা প্রমাণ করে গেলো।

'অপরিচিতা' গল্পের সতেরো বছরের কল্যাণীর বিবাহ-সম্বন্ধ ভেঙে গেলে সে মেয়েদের শিক্ষাদানের ব্রত গ্রহণ করেছিলো। পরাধীন ভারতের নারীশক্তির জাগরণ তার মধ্যে দ্যোতিত হয়েছে সন্দেহ নেই। তবে কিশোর বয়স যে মা কিংবা বাবাকে আদর্শ হিসাবে গ্রহণ করে, বিশেষত তিনি যদি ব্যক্তিত্বশালী হন, তা কল্যাণীর আচরণে প্রতিফলিত হয়েছে। পিতা শম্ভুনাথ সেনের আদর্শ কল্যাণীকে প্রভাবিত করেছিলো।

'পাত্র ও পাত্রী' গল্পটি কেন্দ্রীয় চরিত্র 'সনৎকুমারের' দীর্ঘ জীবনকাহিনি। গল্পের প্রথমাংশে দেখা যায়, যুগীয় প্রথা অনুযায়ী কৈশোরেই তার বিবাহ-সম্বন্ধ হতে থাকে। ফলে তার মনে হয়—''আমি যে পূজনীয় সে কথাটা সেই চোদ্দ বছর বয়সে আমার পুরুষের রক্তে গাঁজিয়ে উঠল।'' তার কল্পনার স্মৃতির মধ্যে আছে তার বাবাকে অনুকরণের স্পৃহা, একজন কিশোরের পক্ষে যা অত্যন্ত স্বাভাবিক—পারিবারিক স্মৃতির মধ্য দিয়ে গড়ে ওঠে ব্যক্তির মানসিক গঠন। তার মনে ''গার্হস্থ্যের যে চিত্রগুলি স্পষ্ট রেখায় জেগে উঠল'' সেগুলি তার ভাষায় ''আমার পৈতৃক ইতিহাসে ঠিক এই রকম ঘটনাই পূর্বে একদিন ঘটেছিল, এই কল্পনার মধ্যে আমার ওরিজিন্যালিটি কিছুই নেই।''

'বলাই' চরিত্রটি রবীন্দ্রনাথের বিশেষ ভাবনাপ্রসূত। তিনি বিশ্বাস করতেন প্রকৃতির সঙ্গে মানুষের নিবিড় সম্পর্ক আছে। ছিন্নপত্রাবলীর বিভিন্ন চিঠিতে তার পরিচয় আছে। জীবনের প্রতিটি পর্যায়ে তাঁর সেই বিশ্বাস অক্ষুণ্ণ ছিলো। ১৩৩৫ (১৯২৮) এ লেখা এই গল্পটিতে তিনি এমন একটি চরিত্র সৃষ্টি করলেন যে বাস্তবিকই প্রকৃতির সন্তান, প্রকৃতির আনন্দসুধা পান করে যে বড় হয়ে উঠেছিলো। বলাই তার বন্ধুত্ব স্থাপন করেছিলো একটি শিমূল গাছের সঙ্গে, তার একান্ত ভালোবাসা বিশ্বাসের জগৎ গড়ে উঠেছিলো গাছটিকে কেন্দ্র করে। এখানেও রবীন্দ্রনাথ কোমল মানসিকতার আবহ তৈরি করে ভেঙে দিলেন; কিশোরকালের ভাঙাগড়াকে যা নিশ্চিতভাবে ইঙ্গিত করে।

গল্পগুচ্ছের তৃতীয় খণ্ডের কিশোর চরিত্রগুলির রূপায়ণে তাদের মানসিকতা কিংবা আচরণের সূক্ষ্মতা বা জটিলতা উন্মোচনে রবীন্দ্রনাথ বিশেষ ভাবিত ছিলেন না। বরং কোনো বিশেষ ভাবনা কিংবা মতাদর্শ জ্ঞাপনই তাঁর উদ্দেশ্য ছিলো। প্রথম দিকের গল্পগুলিতে বিভিন্ন চরিত্রের মনোগহনের এবং আচরণের যে বিস্ময়কর

সূক্ষ্মাতিসূক্ষ্ম কাব্যিক প্রকাশ পাঠককে মুগ্ধ করে রাখে, তা ভাষা এবং প্রকাশভঙ্গির পার্থক্যের কারণে পরের দিকের গল্পে সুলভ নয়। তবু হৈমন্তীর বেদনাবোধের গভীরতা এবং কল্যাণী চরিত্রের আত্মগৌরবের সতেজতা মন ছুঁয়ে যায়।

চতুর্থ খণ্ডের 'মুসলমানীর গল্প'-এর 'কমলা' চরিত্রে প্রেমোদ্দামের মধ্য দিয়ে চবিত্রটির পরিচিতি ঘটে। বিস্তারিত বিবরণ রবীন্দ্রনাথ দেননি, হয়তো তাঁর ক্লান্তি ছিলো; মৃত্যুর মাত্র দু'মাস আগে লেখা গল্পে হিন্দু-মুসলমানের তুলনামূলক পার্থক্য গুরুত্ব পেয়েছে।

মনস্তত্বের সংজ্ঞা বা ব্যাখ্যা অনুসারে রবীন্দ্রনাথ গল্প লেখেন নি। কিন্তু তাঁর গল্প-সাহিত্য আজ মনস্তত্ব-বিচারের অন্যতম উপকরণ। তাঁর গল্পে আমরা নিঃসঙ্গ মানুষের দেখা বারবার পেয়েছি। কৈশোর থেকেই তাঁর চরিত্রেরা অধিকাংশই নিঃসঙ্গ। এক তীব্র অভিমানে এরা যেন মাটির পৃথিবীতে প্রকৃতই ক্ষণিকের অতিথি। কিংবা নিঃসঙ্গ না হলেও তাদের বেদনাবোধের গভীরতা আমাদের আপ্লুত করে, ভাবিত করে। তাদের মনোগহনে ডুব দিতে অনুপ্রাণিত করে। বিদেশে মনস্তত্বের বিভিন্ন বিষয়ে শেক্সপিয়েরের নাটকগুলি উপকরণ হিসেবে আলোচিত হয়। বাংলাসাহিত্যেও রবীন্দ্রনাথের কথাসাহিত্যের মনস্তত্বের সংজ্ঞা-তত্ত্ব অনুযায়ী আলোচনা শুরু হয়েছে, তবে তা সীমিত। আশা করি, এই দৃষ্টিভঙ্গি ক্রমশঃ গুরুত্ব পাবে।

ঋণস্বীকার : নীরাজনা ঘোষ, অধ্যাপক, দি নেওটিয়া ইউনিভার্সিটি।
শ্রীমতী মুখার্জি, অধ্যাপক, প্রেসিডেন্সি ইউনিভার্সিটি।

তথ্যসূত্র

১. Eriction, Eric H. 1950 Childhood and Society, p-235, Paladin Grafton Books, London, 1977.

২. Ciccarelli, Sundra., Meyer, G. 2006, Psychology, P-293 Pearson - Longman. (Adolescence is the period of life from about age 13 to the early twenties.)

৩. Hurlock, Elizabeth. B. 1981, Developmental Psychology; A Life - Span Approach, 5th Edition, p-223, Tata - Mcgraw - Hill Publishing Company Limited.

৪. The clearest sign of the beginning of adolescene is the onset of puberty, the physical changes in both primary sex characteristics (growth of actual sex organs such as the penis or the uterus) and secondary sex characteristics (changes in the body such as sexual development) reaches its peak. Ciccarelli, P-293.

৫. Feist, J & Feist, G. J, 2009, Theories of Personality, P-256, Mcgraw - Hill

৬. Baron, Robbert. A. 2008, Psychology, 5th Edition, p-336, Pearson Prentice Hall

৭. Hurlock, p-225.

৮. Do, P-230.

৯. Bowlby, J. (1980). Attachment and Loss, volume 3, Sadness and Depression, New York; Basic Book.

১০. ''যদিও গল্পের 'নাম পোস্টমাস্টার', কিন্তু আসলে এটি একটি পল্লীবালিকার বয়ঃসন্ধিলগ্নে হৃদয় - উন্মীলনের বেদনাবিধুর কথাশিল্প।'—ঘোষ, তপোব্রত। রবীন্দ্র-ছোটগল্পের শিল্পরূপ (২০০১), পৃ : ৫৪, দে'জ পাবলিশিং।

১১. The new psychosocial dimension which appears during adolescence has a sense of ego identity at the positive end and a sense of role confusion at the negative end. — Zeigler, Daniel J & Hjelle, Larry A. Personality Theories : Basic Assumptions, Research and Application. (1976) P-125, Mcgraw - Hill 1992.

১২. Papalia, Diane E, Olds, Sally. W, Feldman, R. Duskin, 2006. Human Development, p-407. Tata - Mcgraw.

১৩. Morgan, King, Weisz, Schopler, 1993, Introduction to Psychology, 7th Edition. p-472.

১৪. Hurloc, P-230.

হিত-অহিতের রাজনীতি এবং *হিতোপদেশ*—এর গল্প : একটি বিশ্লেষণ

সৌম্যদীপ বসু, অতিথি-অধ্যাপক, বাসন্তী দেবী কলেজ
soumyadipbose7145@gmail.com

সারসংক্ষেপ

হিতোপদেশ-এর গল্প ভারতীয় 'কথা' ধারায় এক উল্লেখযোগ্য সংযোজন। সংরূপ বিচারে এসব কথা 'নীতিকথা'-র গোত্রভুক্ত। আপাত-দর্শনে 'নীতিকথা' হলেও উদ্দেশ্যে এবং অন্তর্বয়নের দিক থেকে এরা যথেষ্ট রাজনৈতিক। সমকালের আর্থ-রাজনৈতিক-সামাজিক বিন্যাসের অনেকানেক জটিল সূত্র এইসব পাঠের গহনে প্রচ্ছন্ন রয়েছে। 'হিতোপদেশ' বলতে সরলার্থে যাকে সর্বসাধারণের হিত বা মঙ্গলের জন্য প্রদেয় উপদেশ ভাবি, তা কী আদৌ শ্রেণি-নির্বিশেষে সকলের হিতের কথা বলে? নাকি, বিশেষ কোনও অংশের হিতার্থেই এইসব উপদেশের প্রয়োগ। *হিতোপদেশ* সংকলনের নির্বাচিত কয়েকটি গল্পকে ছুঁয়ে ঘনিয়ে ওঠা তেমন কিছু প্রশ্নের মোকাবিলা করাই বর্তমান পরিসরে আমাদের সন্ধান।

সূচক-শব্দ : শ্রেণি, তোষণ, বৈষম্য, নিম্নবর্গ, ছলনা, আকাঙ্ক্ষা, রাজনীতি

১

হিতোপদেশ— এর গল্পের চরিত্র প্রধানত নীতিমূলক। সাধারণভাবে পশুপাখিকে উপলক্ষ করে অথবা রূপক হিসেবে গ্রহণ করে এবং কখনও কখনও পশুপাখি ছাড়াই কেবলমাত্র মানুষকে নিয়ে গড়ে ওঠা নীতিজ্ঞানপ্রদায়ী যে কথা, তাই 'নীতিকথা' বা 'fables' শিরোনামে বিশ্ববন্দিত। এক্ষেত্রে নীতিনির্দেশনার উদ্দেশ্য ঘোষিতভাবে (যদিও ঘোষণাটাই কী সব?) সামাজিক হিতনির্ভর। এইজাতীয় নীতি-আখ্যানের গঠনসৌষ্ঠব বিশ্লেষণ প্রসঙ্গে লোকসংস্কৃতিবিদ মযহারুল ইসলাম জানচ্ছেন :

> নীতিবাচক লোককাহিনী কলেবরে অপেক্ষাকৃত ক্ষুদ্র, পশুপাখি, কীটপতঙ্গ, বৃক্ষলতা গুল্ম ইত্যাদি এর চরিত্র হিসেবে বিদ্যমান— মাঝে মাঝে এদের সঙ্গে মানুষও থাকে। মানুষ ছাড়া আর যেসব চরিত্র থাকে তারাও মানুষের মতোই আচরণ করে এবং কথা বলে। আরেকটি বিশেষ লক্ষণ এই যে, কাহিনির শেষে থাকে একটি নীতিকথা এবং সমগ্র কাহিনী যেন এই নীতিবাক্যটিকে প্রতিপন্ন করবার জন্যেই প্রথম থেকে তৈরি হতে থাকে।... নীতিবাচক লোককাহিনীতে কোনো জটিলতা থাকেনা, কাহিনী সহজ ও সরল। দুইটি পক্ষ থাকে, কিন্তু তাদের দ্বন্দ্ব ও সংঘাত ভয়ানক কোনো রূপ ধারণ করে না— বিরোধটি ব্যাপক পরিসর নয়।... একটি ছোট প্রাঙ্গণে এর জন্ম এবং সেই প্রাঙ্গণেই এর স্থিতি ও পরিণতি ঘটে। এর ক্রিয়াশীলতা থাকে অপরিবর্তনীয়।[১]

বলতেই হচ্ছে, নীতিকথার চারিত্রলক্ষণ নিয়ে বলা কথাগুলোর সবকটিকেই আক্ষরিকভাবে মেনে নেওয়া সম্ভব নয়। বর্তমান পরিসরেই নীতিকথা সম্পর্কিত উক্ত স্বতঃসিদ্ধের অনেকাংশ খণ্ডিত হবে। এখানে তাঁর দু'একটি নমুনা পেশ করা যেতে পারে। যেমন,

১। নীতিকথার প্লট ও কাহিনী অংশটি সব অবস্থাতেই জটিলতামুক্ত, এমন নয়। গল্পে অবস্থানরত দুই পক্ষের দ্বৈরথে ক্ষেত্রবিশেষে থাকতেই পারে সমাজদ্বন্দ্বের কূট ইশারা। আপাত-সরল কাহিনির অন্তর্লোকেও অনেকসময় থেকে যায় চোরাগোপ্তা সব ভাঁজ, গূঢ় তাৎপর্যের ইঙ্গিত। তবে এ ব্যাপারটি অবশ্যই কাহিনিবিশেষে পরিবর্তনীয়, এর কোনও একরৈখিক সহজসিদ্ধান্ত নেই।

২। নীতিকথার শেষে নীতিবাক্যের উপস্থিতি মোটেই সর্বত্রদৃষ্ট নয়। এমন অনেক কথা আছে যেখানে গল্পের শেষে আলাদা করে কোনও নীতিনির্দেশক বাক্য জোড়া হয়না। বিশেষ একটি নীতি বা মূল্যবোধের প্রতি সমর্থন থাকে কাহিনী-কাঠামোর অন্দরেই। ওই নৈতিক আদর্শের অভিমুখে কাহিনীটি এমনিতেই এগোয়। মাননীয় নরেশচন্দ্র জানা তাঁর সম্পাদনায় প্রকাশিত *ইশপের গল্প সমগ্র*-এর ভূমিকায় লিখেছেন, ''ইশপ তাঁর গল্পে কোথাও নীতি-উপদেশ নির্দেশ করেননি। পরবর্তীকালে সংকলকেরা নিজেরা নীতি-উপদেশ জুড়ে দেন।''[২]

বাংলার কথাধারায় নীতিকথার ভাঁড়ার শূন্য। সেখানে প্রাপ্ত পশুপাখিকথা অথবা রঙ্গকথা গোত্রের কাহিনিতে অনেকসময় নৈতিক অভিমুখ থাকে। কিন্তু জ্যঁর হিসেবে 'নীতিকথা' যাকে বলে, তেমন অমিশ্র কোনও একক সংকলন বাংলার লোককথার লিখিত ঐতিহ্যে পাওয়া দুরূহ।[৩] ভারতীয় কথাধারায় অবশ্য এর রমরমা উপস্থিতি। এদেশে সংস্কৃত কথার প্রাচীনতম সংকলন *পঞ্চতন্ত্র* থেকে শুরু করে *হিতোপদেশ*-এর গল্প— সবই প্রবণতার দিক থেকে নীতি-আখ্যানের প্রতিনিধত্বমূলক।

২

হিতোপদেশ পঞ্চতন্ত্র-এর রচনারীতির আদর্শে মূল গল্পের মধ্যে প্রাসঙ্গিকভাবে ছোটো ছোটো গল্পের সমাবেশ সংকলিত একপ্রকার নীতিনির্দেশক কথামালা। এর ৪৩ টি গল্পের মধ্যে ২৫ টি গল্প পঞ্চতন্ত্র থেকে আর অবশিষ্ট গল্প সেইকালে প্রচলিত অন্য একটি বিখ্যাত গল্পগ্রন্থ *কামন্দকীয় নীতিসার* থেকে আহৃত। মিত্রলাভ, সুহৃদ্‌ভেদ, বিগ্রহ ও সন্ধি - এই চারভাগে বিভক্ত *হিতোপদেশ*— এর গল্পগুলি মৌখিক পরম্পরায় বাহিত লোককথা হলেও এর সংকলক হিসেবে নারায়ণ নামে জনৈক ব্যক্তির নাম পাওয়া যায়, যিনি নিজেকে রাজা ধবলচন্দ্রের সভাকবি হিসেবে পরিচয় দিয়েছেন। ধবলচন্দ্রের ঐতিহাসিকত্ব আজও অনির্ণীত। কাজেই গ্রন্থ সংকলনের সময় নিয়েও বিতর্ক দানা বেঁধেছে। শুধু বলা যায়, *হিতোপদেশ পঞ্চতন্ত্র*-এর পরবর্তী সময়ে সংকলিত। এই গ্রন্থের প্রাচীনতম যে পুথিটি আবিষ্কৃত হয়েছে, তার তারিখ ১৩৭৩ খ্রিস্টাব্দে। কিন্তু এই পুথি তো মূল পুথির নকল কিংবা নকলের নকলও হতে পারে। এ থেকে কালনির্ণয় করা সম্ভব নয়। আবার অন্যমতে, ধবলচন্দ্র ১৩৭৩ খ্রিস্টাব্দের পূর্ববর্তী। সুতরাং তার পূর্বেই গ্রন্থটির উদ্ভবকাল। ভারততত্ত্ববিদ Witernitz *হিতোপদেশ*-এ 'ভট্টারকবার' শব্দটির উল্লেখ দেখে মন্তব্য করেছেন ৫০০ খ্রিস্টাব্দের পূর্ববর্তী ভারতীয় শিলালেখে এই শব্দটির প্রয়োগ নেই। সুতরাং, খ্রিস্টীয় নবম শতকের পর থেকে চতুর্দশ শতকের শেষার্ধের

মধ্যবর্তী কোনও এক সময়েই নারায়ণ শর্মার আবির্ভাবকাল। আবার, কেউ কেউ বলেছেন, তিনি চতুর্থ-পঞ্চম শতকের মানুষ।[৪] গবেষক A.N.D Haksar জানিয়েছেন :

It has been conjectured that the Hitopadesa was composed in eastern India. Its manuscripts have been found in Nagari, Newari and Bengali scripts. ...its origin during the last phase of the Pala empire. Which dominated eastern India at the turn of the millennium?[৫]

হিতোপদেশ-এর প্রস্তাবিকার কাহিনিটি *পঞ্চতন্ত্র*-এর আদলে তৈরি। পাটলিপুত্রের রাজা সুদর্শন তাঁর নিত্য-উন্মার্গগামী ও শাস্ত্রপাঠে বিমুখ ছেলেদের নীতিশাস্ত্রের জ্ঞান দিয়ে শিক্ষিত করে তোলার অভিপ্রায়ে পণ্ডিতদের সভা ডাকলেন। এমন কে আছেন যিনি রাজার অপোগণ্ড ছেলেদের শিক্ষিত করে তোলার দায়িত্ব নিতে পারেন? সভামধ্যে উপস্থিত সকল শাস্ত্রে সুপণ্ডিত বিষ্ণুশর্মা (অন্যমতে, নারায়ণ) সানন্দে রাজার ছেলেদের শিক্ষার ভার গ্রহণ করলেন ঠিকই; কিন্তু সঙ্গে সঙ্গে উচ্চারণ করলেন এমন কতকগুলি বাক্য, যা কেবল রাজাকেই সন্তুষ্ট করেনা, সেই সঙ্গে সমাজের কেন্দ্রে থাকা প্রভু শ্রেণির হেজিমনিকেও স্পষ্টভাষায় চিহ্নিত করে। শত চেষ্টা করলেও যেমন বককে শুকপাখির মতো শেখানো যায় না কিংবা পদ্মরাগমণির খনিতে কাঁচের উদ্ভব হয়না, তেমনই রাজার বংশে কখনও গুণহীন পুত্র জন্ম নিতেই পারে না।[৬] এখানে বিশেষভাবে খেয়াল করবার বিষয় হল, রাজারে ছেলে গুণী হোক বা নির্গুণ, শিক্ষিত বা অজ্ঞান তাতে আদৌ কিছু যায় আসে না। আসল কথা হল, জন্মসূত্রে তারা 'রাজকুলের' প্রতিনিধি, অতএব 'রক্তেই' তদের অপার সম্ভাবনা। ছয়মাসের মধ্যেই তারা যে শাস্ত্রবিদ্যায় নিশ্চিত পারঙ্গম হয়ে উঠবে, এটা যেন একটা পূর্বনিরূপিত সত্য। শেখানোর আগেই পণ্ডিত কী এক আশ্চর্য উপায়ে জেনে গিয়েছেন যে রাজার ছেলেরা শিক্ষায় সফল হবেই! বুঝতে অসুবিধা হয়না, এই দৃঢ়নিশ্চয়তা কার্যত প্রতিষ্ঠানকে মান্য করে চলা এমন এক তোষণসর্বস্ব মনোভাব, যা চিরদিন রাজপণ্ডিতদের মতো উমেদার, চাটুকারবর্গকে ক্ষমতাতন্ত্রের অনুগত করে রাখে। কথামুখের এই অংশটি থেকেই *হিতোপদেশ* সংকলনের প্রকৃত 'ধাত' বুঝে নেওয়া যায়। *প্রাচীন ভারতে শূদ্র* (বাংলা অনুবাদ) গ্রন্থের ''রাষ্ট্রীয় নিয়ন্ত্রণ ও দাসবর্গ'' শীর্ষক অধ্যায়ে রামশরণ শর্মা দেখিয়েছেন যে, কৌটিল্যের অর্থশাস্ত্র অনুসারে রাজার আসন ও অনুরূপ উচ্চ রাজপদগুলিকে উচ্চ তিনবর্ণের জন্য বিশেষভাবে সংরক্ষণ করা হতো। পরাক্রান্ত ও নীচ জাতির রাজার চেয়ে অভিজাত রাজাকেই লোকে দুর্বল হলেও স্বভাবতই মান্য করবে। অতএব রাজার মহাকুলীন হওয়া উচিত।[৭]

৩

হিতোপদেশ-এর গল্পগুলির অভ্যন্তরীণ গঠন-কাঠামো লক্ষ করলে এমন কতকগুলি প্রবণতা চিহ্নিত করা যাবে, যা মার্কসীয় পদ্ধতির নিরিখে লোককথায় প্রতিফলিত শ্রেণিচেতনার পূর্বপরিচিত বিন্যাসের (Pattern) সমধর্মী নয়। যেমন :

১। কাহিনীর অন্তিমে দুর্বলের জয় অনেকক্ষেত্রেই সম্ভব হয় নি। *পশুরাজের আহার, বাবুই ও বাঁদর, বাঁদরের রুটি ভাগ* প্রভৃতি গল্প এ প্রসঙ্গে দ্রষ্টব্য।

২। নিম্নবর্গের প্রতিনিধি চরিত্র (Subordinate class) কখনও তথাকথিত উচ্চবর্গের চরিত্রের (dominant class) প্রতি অনৈতিকভাবে আক্রমণাত্মক হয়েছে অথবা নির্বুদ্ধিতার কারণে (এমনকি আদর্শগত বা নীতিগত স্খলনের ফলেও) নিজের ভাগ্যবিপর্যয়ের পথ প্রশস্ত করেছে। উদাহরণস্বরূপ *নীলরঙা শেয়াল* এবং *বাঘের বুদ্ধি* গল্পদুটির কথা ভাবা যায়।

৩। লোককথায় শ্রেণিচেতনার প্রতিফলন প্রসঙ্গে সাধারণভাবে উচ্চবর্গের (dominant class) নিম্নবর্গকে (Subordinate class) শোষণের যে প্রক্রিয়া পরিদৃষ্ট হয়, আমাদের নির্বাচিত নীতিকথাগুলিতেও তার স্বরূপ কিছুটা ভিন্নরকমের। যেমন— *ইঁদুর যখন বাঘ, ধোপার গাধা, রাজা শূদ্র ও বীরবর, এক ব্রাহ্মণ ও তাঁর বেজি* প্রভৃতি গল্পের ক্ষেত্রে শ্রেণিশোষণের অন্যরূপ লক্ষ করা গেছে।

হিতোপদেশ-এর গল্পের সমাজ-পরিবেশ রাজতন্ত্র এবং সামন্ততন্ত্রের সময়কার। জনশ্রুতি অনুসারে, রাজা সুদর্শনের বালক পুত্রদের শিক্ষাদানার্থে মৌখিক পরম্পরায় প্রবাহিত এই ধরনের নীতিসম্বলিত ন্যারেটিভ কথা বলার ছলে (''কথাচ্ছলেন বালানাং নীতিস্তদিহ কথ্যতে'') পরিবেশিত হয়েছিল। সাধারণভাবে মনে করা হত এই নীতিমূলক কথামালা শিক্ষার্থীদের চরিত্রগঠনের উপযোগী হয়ে তদের 'হিতসাধন' করবে। যদিও এই 'হিতসাধনের' প্রসঙ্গটিকে ঘিরেই ব্যাসকূট তৈরি হয়েছে। এটা অনুমেয় 'হিতার্থে' পরিবেশিত হত বলেই সংকলন-ধৃত কথাগুলিকে *হিতোপদেশ*-এর গল্প বলা হয়। হিতোপদেশের সাধারণ অর্থ হিত বা মঙ্গলের জন্য প্রদেয় উপদেশ। এখন প্রশ্ন হল, এই হিত বা মঙ্গলের সঙ্গে কাদের সম্বন্ধ জড়িত, কী উপায়ে সেই হিতের ধারণাকে ফলবান করে তোলা সম্ভব এবং প্রদেয় উপদেশগুলি আদৌ সমাজের সংখ্যাগরিষ্ঠ মানুষের নির্বিশেষ হিতসাধনের পক্ষে কতখানি উপাদেয়? খুঁটিয়ে পড়লে এবং তলিয়ে ভাবলে দেখা যাবে অধিকাংশ গল্পের মধ্যে নীতির সমর্থন থাকলেও নীতিগুলি বেশিরভাগ ক্ষেত্রেই পরিকল্পিত হয়েছিলো উচ্চবর্গ তথা রাজন্যমণ্ডলীর স্বার্থপূরণ এবং অস্তিত্বরক্ষার প্রশ্নটিকে মাথায় রেখেই। যার ফলে আজকের শিক্ষার্থী তথা ভবিষ্যতের রাজা অথবা মন্ত্রী-সান্ত্রীরা (উচ্চবর্গের অন্যান্য অংশ) সমাজশাসনের প্রয়োজনীয় কৌশলগুলি (tricks) নীতিগতভাবেই আয়ত্ত করতে পারে। নীতিগুলিকে এমনভাবেই প্রতিটি গল্পে প্রয়োগ করা হয়েছে, যার ফলে নীতির প্রশ্নেই উচ্চবর্গ নিম্নবর্গকে সময় বিশেষে নিয়ন্ত্রণ করতে পারে। একথা ভুললে চলবে না, নীতি কিন্তু এক অর্থে সামাজিক নিয়ন্ত্রণের (social control) হাতিয়ারও বটে। নীতিপ্রণেতারা একথা জানতেন বলেই রাজনতিক-অর্থনৈতিক-সামাজিক শক্তির মূলাধার (source) যে dominant class, তাদের হিতের সমর্থনেই গল্পগুলিতে নীতিনির্দেশনা করেছেন। তবে কোথাও কোথাও সাধারণ মনুষ্যসমাজের পক্ষে অপরিহার্য মহত্ত্বপূর্ণ নীতি-উপদেশগুলি গল্পে (*চার বন্ধু ও এক ব্যাধ, চালাকির খেসারত, হাতি ও খরগোশ*) অন্তঃশীল থেকেছে। এইসব ক্ষেত্রে বিশেষ কোনও শ্রেণির প্রতি পক্ষপাত নেই বললেই চলে। বলা বাহুল্য, শ্রেণি-নিরপেক্ষভাবেই এই নীতিগুলি কেন্দ্র-প্রান্ত নির্বিশেষে সমস্ত মানুষের হিতসাধনের ফলপ্রসূ। তবে, নিশ্চয়ই সেটা প্রধান প্রবণতা নয়।

৪

আমাদের নির্বাচিত গল্পগুলিকে অন্তর্গত বৈশিষ্ট্যের নিরিখে কয়েকটি বর্গে বিভক্ত করা যেতে পারে :

যা-খুশি তাই করতে পারো / গায়ের জোরে রাখো মারো :

বেশ কিছু গল্পে সবল পক্ষ ("great tradition") দুর্বল পক্ষকে ("little tradition") নির্লজ্জভাবে গ্রাস করেছে।[৮] যেমন— *পশুরাজের আহার, বাঁদরের রুটি ভাগ, সাপের চালাকি, সিংহ ও বলদ* প্রভৃতি গল্পের কথা মনে পড়তে পারে। *পশুরাজের আহার*[৯] গল্পে কাক, শিয়াল ও বাঘের ঐক্যবদ্ধ চক্রান্তে dominant class-এর প্রতিনিধি পশুরাজ সিংহ [এক্ষেত্রে সিংহকে 'পশুরাজ' সম্বোধনের নেপথ্যবর্তী সত্যটি লক্ষ করার মতো। আমরা জানি, পশুপাখির রূপকের আড়ালে এ গল্প আসলে জীবনের কথা বলে, সমাজের শোষণের ছবি তুলে ধরে। স্বৈরাচারশাসিত রাজতান্ত্রিক আবহাওয়ায় পরিপুষ্ট বলেই কি ক্ষমতাবান শাসক শ্রেণির প্রতিভূ 'রাজা'র পরোক্ষ অভিব্যক্তি ঘটেছে। সিংহকে 'পশুরাজ' সম্বোধনে?] Subordinate class-এর প্রতিনিধি উটকে আহারে পরিণত করেছে। কাক, শিয়াল ও বাঘের অবস্থান এ গল্পে উচ্চবর্ণের সহায়ক শক্তি (helping power) হিসেবে। নিজেদের নিরাপত্তা রক্ষার কারণেই হোক অথবা স্বার্থপূরণের অভিপ্রায়েই হোক, এরা ক্ষুধার্ত পশুরাজকে প্ররোচিত করেছে আশ্রিত উটটিকে ভক্ষণের জন্য। পক্ষান্তরে, বিশ্বাসী উটটিও ভালো সাজার অভিপ্রায়ে বাঘ, কাক এবং শিয়ালের পাতা ফাঁদে (trap) পড়ে সিংহের গ্রাসে পরিণত হয়েছে। এখানে কাক, শিয়াল ও বাঘের চরিত্রে মার্কস-কথিত সুবিধাভোগী বুর্জোয়া (Bourgeoisie) মধ্যবিত্তের প্রতিবিম্বন দেখি, যাদের শ্রেণিগত অবস্থান উচ্চবর্গ ও নিম্নবর্গের মধ্যবর্তী স্তরে হলেও অস্তিত্বরক্ষার তাগিদে এরা dominant class-এরই শ্রেণি-অভিমুখী। এরই ফলশ্রুতিতে কাহিনির অন্তিমে উটটি মারা যাবার পর পশুরাজ সিংহ তার মাংস দিয়ে ভোজন সারে আর কাক, শিয়াল ও বাঘ মাংসের উচ্ছিষ্ট পাওয়ার আশায় বসে থাকে। এ অংশটিও শাসকগোষ্ঠীর পদলেহনকারী মধ্যশ্রেণির তোষণসর্বস্ব মানসিকতাকে নির্লজ্জভাবে চিনিয়ে দেয়।

আবার *সিংহ ও বলদ*[১০] গল্পে পশুরাজ সিংহ (dominant class) তার দুই মন্ত্রী শিয়ালের উস্কানিমূলক প্ররোচনায় নিরীহ বলদের (Subordinate class) সঙ্গে অহেতুক সংগ্রামে জড়িয়ে পরিণামে মৃত্যুবরণ করেছে। এখানেও নিম্নবর্গের প্রতিনিধি বলদের মৃত্যুতে প্রভুশ্রেণির স্বার্থসংরক্ষণকারী সুবিধাভোগী মধ্যবিত্তের ভূমিকা কাজ করেছে। এই ধরনের শ্রেণিদ্বন্দ্বের (class-conflict) পরিস্থিতিতে মধ্যশ্রেণির চরিত্র শিয়ালের পক্ষ থেকে উচ্চবর্গীয় সিংহের প্রতি একধরনের শ্রেণি-সহযোগিতার (class-cooperation) মনোভাব লক্ষ করা যায়, যা একভাবে মধ্যবিত্তের শ্রেণিগত উর্ধ্বায়নের (upward mobility) আকাঙ্ক্ষাকে চিনিয়ে দেয়। অন্যদিকে, শিয়ালের এই সুবিধাজনক অবস্থানই অন্য অর্থে তাঁকে পরিণত করেছে বলদের শ্রেণিশত্রুতে।

বাঁদরের রুটি ভাগ[১১] গল্পে অপেক্ষাকৃত কম ক্ষমতাসম্পন্ন বেড়াল দুটি; যারা কার্যত 'low culture'-এর প্রতিভূ, অধিকতর ক্ষমতাবান বা তথাকথিত 'high culture'-এর প্রতিনিধি বাঁদরের দ্বারা প্রতারণামূলক উপায়ে পরাজিত হয়েছে। নিরীহ বেড়াল দুটি রুটির দুটি টুকরো সমানভাগে ভাগ করতে না পেরে বাঁদরের শরণাপন্ন হয় আর বাঁদরও এদের বোকা পেয়ে রুটি ভাগের ছলে ডান এবং বাম হাতের টুকরোদুটি সমান করবার নাম করে কামড়াতে কামড়াতে পুরোটাই সাবাড় করে ফেলে। একইভাবে *সাপের চালাকি*[১২] গল্পে মস্ত পোড়ো বাড়িতে একাকী বাসরত এক সাপ পুকুরপাড়ে গিয়ে ছল করে ব্যাঙের সঙ্গে বন্ধুত্ব জমায়। তার বন্ধুত্ব পাতাবার কৌশলটি এইরকম :

সাপ বলে তার মন খারাপের কারণ। এক ব্রাহ্মণের ছেলেকে সেদিন কামড়ে দিয়েছিল। ছেলে হারিয়ে শোকে পাগলের মতো হয়ে যায় ব্রাহ্মণ। অভিশাপ দেয় সাপকে। সাপের প্রিয় খাবার ব্যাং। সেই ব্যাং খাওয়াই এখন বারণ। ব্রাহ্মণ শাপ দিয়ে বলে দিয়েছে, ব্যাঙেদের বয়ে বেড়াতে হবে। ঘাড়ে মাথায় ঘুরে বেড়াবে। তবু তদের খাওয়া যাবে না।[১৩]

এই কথায় আশ্বস্ত হয়ে যেখানে যত ব্যাঙ ছিল সবাই ছুটে এসে সাপেড় ঘাড়ে, পিঠে এমনকি ফণার ওপর উঠেও নির্ভয়ে লাফাতে শুরু করে। এই মজার খেলা অনেকদিন চলার পর দেখা গেল পুকুরে ব্যাঙের সংখ্যা কমতে কমতে একটিও ব্যাঙ আর রইল না। এমনকি সাপ যাকে বন্ধু বলেছিল, শেষমেশ সেও গেল সাপেরই পেটে। এখানেও "litle tradition" ব্যাঙ "great tradition" সাপের কাছে নতি স্বীকার করেছে। বলা বাহুল্য, subordinate class-এর প্রতিবাদী স্বরগুলিকে দমন করার জন্য এ একধরনের রাজনৈতিক প্রতারণা (political conspiracy) ছাড়া অন্য কিছু নয়। একথা ঠিক যে, মার্কসীয় পদ্ধতিতে লোককথা বিশ্লেষণের পরিচিত ধরন অনুসারে কাহিনিগুলিতে সাব অলটার্নদের জয় সুনিশ্চিত হয়নি। ফলে লোককথার অন্তর্লোকে নিম্নবর্গের আকাঙ্ক্ষা পূরণের যে আভাস থাকে, তাও একপ্রকার খারিজ হয়ে গেছে। নীতিকথার সাধারণ ধর্ম হিসেবে এগুলিতে দুর্বৃত্তের সমালোচনা উঠে এসেছে ঠিকই, কিন্তু আদপে তা উচ্চবর্গের নির্মম শ্রেণিশোষণেরই বাস্তবানুগ উপস্থাপনা। সুতরাং লোককথা এসব ক্ষেত্রে যৌথ নির্জ্ঞানপ্রসূত কোনও শিল্প কিংবা বাস্তবের 'বিপরীত' নির্মাণ নয়, বরং বাস্তবের-ই সত্য এবং বিশ্বস্ত রূপায়ণ (true and faithful representation of reality) বলা যায়।

মস্ত-বড়োর লোভে শেষে / মস্ত ফাঁকি জোটে এসে :

এখানে 'দ্বন্দ্ব' (Conflict) যত বেশি না 'দুর্বল-সবলের' অথবা 'উচ্চবর্গের সঙ্গে নিম্নবর্গের', তার চেয়েও বেশি 'সৎ' বনাম 'অসৎ'-এর। শ্রেণি-উন্নয়নের আকাঙ্ক্ষায় "little tradition" যখন অনৈতিকভাবে "great tradition"-এর বিরুদ্ধে দাঁড়িয়েছে, তখন সর্বজনীন হিতের প্রশ্নেই কাহিনির অন্তর্কাঠামোয় subordinate class-এর পরাজয় হয়েছে কখনও কখনও দুর্বল পক্ষ নিজের শক্তির সীমাবদ্ধতা জানা সত্ত্বেও তা উল্লঙ্ঘন করবার প্রয়াস দেখিয়ে নিজেরাই পরাস্ত হয়েছে। যেমন, *বোকা কচ্ছপ*[১৪] গল্পে। এখানে বিপদকালীন পরিস্থিতিতে উত্তেজনা পরিহার করে ধীরস্থিরভাবে লক্ষ্যে পৌঁছোনোর আদর্শ উচ্চারিত হয়েছে। বলা বাহুল্য, নীতির দিক থেকে এ শিক্ষাও প্রশংসনীয় এবং সমাজের পক্ষে হিতকারী।

নীলরঙা শেয়াল[১৫] গল্পে অপেক্ষাকৃত কম ক্ষমতাসম্পন্ন শেয়াল (little tradition) অধিক ক্ষমতাসম্পন্ন পশুরাজ সিংহের (great tradition) কাছে পরাস্ত হয়েছে। আসলে নিজের শক্তির সীমা জানা সত্ত্বেও শেয়াল নীলরঙ গায়ে মেখে প্রতারণামূলক উপায়ে ভয়ঙ্কর জন্তু সেজে বাঘ, সিংহ প্রভৃতি বলবান পক্ষকে পর্যুদস্ত করতে গিয়ে নিজেই মৃত্যুবরণ করেছে। এ গল্পে শেয়ালের বাঘ, সিংহ সহ অন্যান্য পশুদের নিজের নিয়ন্ত্রণাধীন করার অভিপ্রায়ের মধ্যে নিম্নবর্গের ইচ্ছাপূরণের আকাঙ্ক্ষা প্রকাশিত হয়েছে। কিন্তু, আকাঙ্ক্ষাপূরণের পথটি একান্তভাবে অনৈতিক হওয়ায় নীতিবিগর্হিত কাজের ফল হিসেবে তাকে শাস্তি পেতে হয়েছে। আসলে দুর্বল

পক্ষ সবল পক্ষকে নিয়ন্ত্রণাধীন করে রাখার অভিপ্রায়ে যদি অসৎ পথ অবলম্বন করে, তবে নীতিগল্পে কখনোই তার সমর্থন মেলেনা। কারণ তাহলে নীতির মাধ্যমে সামাজিক পুনর্গঠনের প্রকল্পও ব্যাহত হতে বাধ্য।

বাঘের বুদ্ধি[১৬] গল্পেও দেখা যাচ্ছে লোভী পথিক (subordinate class) নিজের ক্ষমতার সীমা সম্পর্কে অবগত হয়েও বাঘের (dominant class) প্ররোচনায় ছলনার স্বীকার হয়ে তার গ্রাসে পরিণত হয়েছে। এখানে নিম্নবর্গের নীতিহীন লালসাপরায়ণতা সমালোচিত হয়েছে। সবলের হাতে দুর্বলের এহেন পরাজয় মর্মান্তিক হলেও নীতির প্রশ্নে তা সামাজিক হিতসাধনের অনুকূলবর্তী।

চিরদিন টানবে পিছে, চিরদিন রাখবে নীচে :

রাজা শূদ্রক ও বীরবর[১৭] গল্পে পরার্থে আত্মদানের মাহাত্ম্য ঘোষণা আছে ঠিকই, কিন্তু এর সমান্তরালে চলেছে শ্রেণিশোষণের এক অতিসূক্ষ্ম রাজনীতি। subordinate class-এর প্রতিনিধি বীরবর dominant class-এর প্রতিভূ রাজার প্রাণরক্ষার্থে নিজের স্ত্রী, সন্তান এমনকি নিজের প্রাণও বিসর্জন দিয়েছে। পদমর্যাদার দিক থেকে বীরবর রাজদরবারের সামান্য দ্বারী। রাজার এবং রাজমহলের সুরক্ষাকল্পে নিযুক্ত। শ্রেণি-অবস্থানের নিরিখে রাজার সঙ্গে বীরবরের আর্থ-সামাজিক ক্ষমতার যোজন দূরত্ব। অথচ রাজার প্রাণরক্ষার জন্য কেন সর্বমঙ্গলা দেবীর আদেশে বীরবরের পুত্র শক্তিধরকেই বলি দিতে হবে? পাঠকমনে এ প্রশ্ন জাগলেও জাগতে পারে; কিন্তু পাঠের চরিত্রদের মনে নৈব নৈব চ। অনুমান করা যায়, তেমন কোনও 'অস্বস্তি' হয়ত জেগেছিল 'অবচেতনে', কিন্তু প্রকাশ করতে পারেননি তারা। পারেননি ক্ষমতার ভয়ে, প্রতিষ্ঠানের প্রতি নিষ্প্রশ্ন আনুগত্য দেখানোর বাধ্যতামূলক শর্তে। অথবা হয়ত জাগেনি, কারণ উচ্চবর্গের 'ভালোর' জন্য, 'হিতের' জন্য, 'সুরক্ষার' জন্য নিম্নবর্গের মানুষ নিজেকে নিঃশেষে বিলিয়ে দেবে; এমনকি 'প্রণের বিনিময়ে' হলেও— 'আত্মত্যাগের' এমন একটা অলিখিত অঙ্গীকার সাবঅলটার্নদের শ্রেণিচৈতন্যে বদ্ধমূল বলেই তারা একে স্বাভাবিকভাবেই গ্রহণ করেছে। আমরা এই প্রাণদানের সিদ্ধান্তকে 'নিম্নবর্গের স্বাভাবিক শ্রেণি-আচরণ' বলতে পারি, যা যুগ যুগ ধরে dominant class-এর হোমড়া-চোমড়াদের নেতৃত্বে subordinate মানুষদের মজ্জায় মজ্জায় চারিয়ে দেওয়া হয়েছে। একটা গোটা শ্রেণিকে বিশ্বাস করতে শেখানো হয়েছে তারা সর্বাবস্থাতেই 'অন্নদাতার' নিরাপত্তার জন্য বলিপ্রদত্ত। তা না হলে এত সহজে প্রাণত্যাগের সিদ্ধান্ত নেওয়া সম্ভব ছিল না। গল্পে একা শক্তিধর নয়, বীরবরের সম্পূর্ণ পরিবারটিই রাজার মৃত্যু আটকানোর জন্য প্রাণাহুতি দিয়েছে। রাজা শূদ্রকও বীরবরের এহেন আত্মদানে বিস্মিত হয়ে মৃত্যুবরণ করতে উদ্যত হয়েছেন আর এই বিন্দুতেই গল্পে লেগেছে অলৌকিকত্বের ছোঁয়া। সর্বমঙ্গলা দেবীর প্রসাদে মৃতদের পুনর্জীবনপ্রাপ্তিও ঘটেছে। শুধু এত কিছু ভালোর মধ্যে একটাই খটকা থেকে যায়— কেন "little tradition"-এর মানুষেরাই কেবল "great tradition"-এর হিতার্থে 'নির্দ্বিধায়' প্রাণোৎসর্গে প্রস্তুত থাকে অথবা দৈবনির্বন্ধে তাদের 'নৈতিকভাবে' প্রস্তুত করা হয়? এই প্রেক্ষিতে দেবীর অবস্থানও তীব্রভাবে রাজনৈতিক মনে হয়। তাঁর প্রদত্ত আদেশ বা নির্দেশগুলি স্বাভাবিক মানবধর্মকে যতই লঙ্ঘন করুক, তাতে উচ্চবর্গের লাভ হল কিনা, সেটাই একমাত্র বিবেচ্য। আসলে দেবীর মুখ দিয়ে বলিয়ে নিলে তাকে অমান্য করার আর কোনও প্রশ্নই ওঠেনা। তখন যে কোনও অ-মানবিক

সিদ্ধান্তও সাধারণজনের কাছে অবশ্য পালনীয় হয়ে ওঠে। রাজতন্ত্রের আমলে যে কোনও ধর্মীয় প্রতিষ্ঠানই যেভাবে রাজার পক্ষে রায় দেয়, এখানেও তেমনটাই ঘটেছে। এর একটি মোক্ষম দৃষ্টান্ত আছে গল্পের শেষে, যেখানে আরোগ্য লাভের পর রাজা বীরবর শূদ্রক ও তার পরিবারের প্রাণবিসর্জনের খবর পেয়ে নিজেও প্রাণত্যাগ করতে চেয়েছেন। আর তখনই দেবী আবির্ভূত হয়ে রাজাকে নিরস্ত করে শূদ্রক সহ তার পরিবারের প্রাণসঞ্জীবন করলেন। এমনটা কী মনে হয়না, রাজা নিজের প্রাণ উৎসর্গ করতে এলেন বলেই দেবীও রাজার প্রাণরক্ষণের স্বার্থে প্রকট হলেন। আচ্ছা, রাজা যদি আদৌ প্রাণ বিসর্জন দিতে না আসতেন, তাহলেও কী দেবী হিউম্যানিজমের পক্ষে থেকে কোনও নৈতিক অবস্থান নিতেন? শূদ্রকরা যখন আত্মাহুতি দিল, দেবী তো তখনও তাঁর লীলা প্রদর্শন করতে পারতেন। কিন্তু, তা তো তিনি করেন না। এর একটাই যুক্তি রাজার প্রাণ শূদ্রক ও তার পরিবারের চেয়ে অনেক বেশি 'মূল্যবান'। কাজেই, যে কোনও মূল্যে তাকে টিকিয়ে না রাখলে প্রতিষ্ঠানের ভিতটাই নড়বড়ে হয়ে যাবে! 'ধর্ম'-ও যে সময়ে সময়ে চরম রাজনৈতিক আচরণ করে শুধুমাত্র ক্ষমতা আর ব্যবস্থার স্বার্থে, এখানেই তার প্রমাণ মিলেছে। বলতে বাধা নেই, উচ্চবর্গের পারস্পেকটিভ থেকে এ কথার পরিকল্পনা বলেই বোধহয় নীতিদানের ছলে এমন 'কু'নীতিও প্রশ্রয় পেয়েছে। সুকুমারী ভট্টাচার্য তাঁর ''সংস্কৃত সাহিত্যে শূদ্র ও নারীর চিত্র'' প্রবন্ধে লিখেছেন :

> শূদ্রের ক্ষেত্রে ধর্মসূত্র থেকে ধর্মশাস্ত্র ও স্মৃতিগ্রন্থ পর্যন্ত সকলেই একবাক্যে বলেছে যে তার স্থান অন্য তিন বর্ণের নিচে এবং তার একমাত্র কর্তব্য হল সর্বতোভাবে এদের সেবা করা। পরবর্তীকালে জন্মান্তরবাদ ও কর্মবাদের দ্বারা এই মতকে দৃঢ় করা হয়েছে এই বলে যে পূর্বজন্মের দুষ্কৃতির ফলে শূদ্রজন্ম, এবং এজন্মে যথোপযুক্তভাবে দ্বিজসেবা করলে পরজন্মে সে উচ্চতর বর্ণে জন্মাবে; এজন্মে দ্বিজসেবায় ত্রুটি ঘটলে সে আরও হীন পশুযোনি প্রাপ্ত হবে। এইসব মত চালু থাকার ফলে শূদ্রের স্থান ছিল ত্রিবর্ণের পাদপীঠে। সব শূদ্র দাস নয়, শূদ্রদের মধ্যে অভাগ্যতর যারা তারাই দাস, অন্যরা বৃত্তিজীবী।[১৮]

এক ব্রাহ্মণ ও তাঁর বেজি[১৯] গল্পে নিম্নবর্গ তথা ক্ষুদ্রশক্তির প্রতীক বেজি উচ্চবর্গের প্রতিনিধি ব্রাহ্মণের অর্থহীন হঠকারিতায় মৃত্যুমুখে পতিত হয়েছে। এক্ষেত্রে উপকারীর উপকারের প্রতিদানে (বেজি) উপকৃত ব্যক্তির (ব্রাহ্মণ) দ্বারা উপকারীর ভাগ্যেই (বেজি) সংকট ঘনিয়ে এসেছে। ব্রাহ্মণের নির্দেশমত বেজি নিদ্রিত সন্তানের নিরাপত্ত রক্ষার্থে কেউটে সাপটিকে হত্যা করলেও বিনিময়ে ব্রাহ্মণ অবিবেচকের মতই ভুল বুঝে তাকে হত্যা করেছে। এখানেও নিম্নবর্গের (subordinate class) প্রতি ক্ষমতাসীন উচ্চবর্গের (dominant clas) হঠকারিতা, অবিশ্বাস শোষণ-প্রক্রিয়ার মধ্যে প্রতিভাত। আসলে নিজেদের খেয়ালখুশিমত ''great tradition'' ''little tradition''-কে পরিচালনা করে; 'ভরসা' তো করেই না, উপরন্তু মুহূর্তের উত্তেজনায় অকারণে 'হত্যা'ও করে— সমাজবাস্তবের এই নির্মম সত্য কাহিনির অন্তর্বয়নে প্রকাশমাধ্যম খুঁজে নিয়েছে।

ইঁদুর যখন বাঘ[২০] dominant class-এর প্রতিভূ মুনি subordinate class-এর প্রতিনিধি ইঁদুরটিকে প্রথমে বিড়াল, তারপর কুকুর এবং শেষে বাঘে পরিণত করে। কিন্তু বাঘরূপী ইঁদুর মুনিকেই হত্যা করতে উদ্যত হলে ক্ষমতাবান মুনি তাকে আবার ইঁদুরেই পর্যবসিত করে। গল্পে উচ্চবর্গের সঙ্গে নিম্নবর্গের শ্রেণিদ্বন্দ্বের চিত্রটি প্রতিফলিত হলেও ক্ষমতাপরায়ণ উচ্চবর্গ নিম্নবর্গকে তার উপযুক্ত সামাজিক স্থানটি চিনিয়ে দিয়েছে।

এখানে আর্থ-সামাজিক ক্ষমতার মূল চালকশক্তি উচ্চবর্গের দিক থেকে কথাটির পরিকল্পনা হয়েছে বলেই গল্পশেষে নীতিশিক্ষার দোহাই পেড়ে নিম্নশ্রেণিকে তার সমাজনির্দিষ্ট শ্রেণি-অবস্থানে পৌঁছে দেওয়া হয়েছে। উচ্চবর্গ ঠিক ততদিনই নিম্নবর্গকে উপরে উঠতে দেবে যতদিন dominant class-এর নিরাপত্তা বিঘ্নিত না হয়। শ্রেণিগত উর্ধ্বায়নের মাধ্যমে subordinate class-এর শ্রেণি-অবস্থান যখনই ত্বরান্বিত হয়ে dominant class-কে অতিক্রম অথবা অস্বীকার করতে চাইবে, তখনই তাদের পূর্বের অবস্থানে টেনে নামিয়ে আনা হবে। বলা বাহুল্য, এখানেও নীতির আড়ালে প্রচ্ছন্ন রয়েছে নিম্নবর্গকে উচ্চবর্ণের সমতুল্যতায় অথবা উচ্চতর অবস্থানে স্বীকৃতি না দেওয়ার পূর্বনির্ধারিত সামাজিক সিদ্ধান্ত। বর্ণবিভাজিত হিন্দুসমাজের কাঠামোর মৌল বৈশিষ্ট্যগুলি আলোচনা প্রসঙ্গে এস. সি. দুবে তাঁর *ভারতীয় সমাজ* (*Indian Society*-এর বাংলা অনুবাদ) গ্রন্থের ''বৈচিত্র্য ও ঐক্য'' অধ্যায়ে জানাচ্ছেন :

প্রথমত, সনাতন হিন্দু সমাজ বিশ্বাস করত, সামাজিক অবস্থান পূর্বনির্ধারিত। সোজা কথায় এর অর্থ, কে কোন জাত-কুলে জন্মেছে, তাই তার সামাজিক অবস্থান নির্ধারণ করে দেবে। কর্মসূত্রে দক্ষতা অর্জন করলেও তা সামাজিক অবস্থানে তারতম্য ঘটাবে না। চেষ্টা করে সামাজিক অবস্থান উন্নত করার নিজর ছিল না তা নয়, তবে তা ব্যতিক্রমী ঘটনা। সমাজের উপরতলায় ওঠার পথ ছিল কঠিন ও গতি খুবই শ্লথ।

দ্বিতীয়ত, হিন্দুসমাজ পদমর্যাদা অনুসারে স্তরবিন্যস্ত ছিল। সামাজিক কাঠামোর মূল স্তরগুলি উপর থেকে নিচে চতুবর্ণের উপর দাঁড়িয়ে। এছাড়া বর্ণকাঠামোর বাইরে ছিল আর এক ধাপ। প্রতিটি বর্ণের মধ্যে আবার একাধিক জাতিবর্ণের স্তরভেদ ছিল, এখনও আছে। এছাড়া বহু জাতি পরে এই কাঠামোর মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে। দেরিতে যুক্ত হওয়া জাতিগুলির আপেক্ষিক গুরুত্ব সম্পর্কে মতভেদ থাকলেও মূল চার বর্ণ স্তরের মধ্যেই তারা জায়গা করে নিয়েছে।[২১]

সমাজকাঠামোর এই শ্রেণিবিন্যাস আসলে এমন একটি আদর্শ মডেল কল্পনা, যেখানে মেধা ও বৃত্তির গুরুত্ব এবং তাদের মধ্যেকার অন্তরঙ্গ সম্পর্ক অনুযায়ী সমাজকে ভাগ করার চেষ্টা হয়েছে। কিন্তু সমাজব্যবস্থার জটিল বাস্তবচিত্রের প্রতিফলন তাতে ধরা পড়ে নি। যেমন, হিন্দু সমাজেরই অঙ্গ হওয়া সত্ত্বেও অস্পৃশ্য জাতিদের চতুর্বর্ণের মধ্যে জায়গা হয়নি। তাছাড়া এমন উদাহরণও আছে, যেখানে একটা গোটা জাতি তার বর্ণ-নির্দিষ্ট সামাজিক অবস্থান অনুযায়ী আচার-ধর্ম পালন না করায়, তাকে সমাজের নিচের তলায় নামিয়ে দেওয়া হয়েছে। এই বর্ণবিভক্ত সমাজ-কাঠামোয় উচ্চবর্গের আধিপত্যবাদ নিম্নবর্ণের মানুষের সামাজিক অবস্থান, সমাজজীবনের বিশেষ ক্ষেত্রে কর্তব্য, আচার-আচরণ এবং প্রত্যাশিত সামাজিক ভূমিকাটুকু নির্দিষ্ট করে দেয়। বর্ণপ্রথার এই অপরিবর্তনীয় ব্যবস্থার জন্য নিম্নবর্গের পক্ষ থেকে কখনও কখনও হয়ত প্রতিবাদী অভিব্যক্তি ধরা পড়েছে, কিন্তু বেশিরভাগ ক্ষেত্রেই সাবঅলটার্নদের সেই সব 'অন্যস্বর' (other voices)-কে দমিয়ে দেওয়া হয়েছে। ক্ষমতাসীন ব্রাহ্মণ্যতন্ত্র ''great tradition' হিসেবে সমাজব্যবস্থায় অস্তিত্ববান যাবতীয় ''little tradition''-কে নির্মূল করতে চেয়েছে। কখনও হিতসাধনের ছলে, কখনও আবার কৃতঘ্নতার অপরাধে প্রতিবাদী সুবিধাবঞ্চিত নিম্নবর্গকে আখ্যা দেওয়া হয়েছে 'দুর্নীতিকারী', 'বিশ্বাসঘাতক' হিসেবে। নীচ কুলে জন্মমাত্রেই

ব্যক্তি হীনমতি, স্বার্থান্ধ এবং ক্ষমতালিপ্সু হয়ে থাকে; তাকে উচ্চপদের অধিকার দিলেও সে তার মর্যাদা রক্ষা করতে জানেনা—নিম্নবর্গের প্রতি এমন একটা স্থির অনড় মনোভাব সমাজমনে ছড়িয়ে দিলে dominant class-এর পক্ষে subordinate class-কে নিয়ন্ত্রণে রাখতে সুবিধে হয় আর কী! এইসব আসলে অধীনস্থদের শাসনযন্ত্রের 'অভিমুখে' রাখবার, আরও বিশেষভাবে বললে তলায় থাকা মানুষদের চিরদিন 'অধীন' বানিয়ে রাখার বিশুদ্ধনীতির কৌশল। "little tradition"-কে সামাজিকভাবে ন্যুব্জ, বিকল করে দিয়ে তাদের নিয়ন্ত্রণের রাখার এই যে প্রভুত্বের ("Hegemony") দর্শন, এরই শৈল্পিক রূপায়ণ দেখি *ইঁদুর যখন বাঘ* গল্পে।

ধোপার গাধা গল্পে নিম্নবর্গের দুটি অংশ— গাধা এবং কুকুর। গল্পে গাধার প্রতি ধোপার সযত্ন পক্ষপাত কুকুরের মনে ধোপার প্রতি বিদ্বেষবিষ জাগিয়ে তুলেছে। ভারবহনকারী গাধা ধোপার স্বার্থরক্ষায় সহায়ক বলে সে মনিবের নেকনজরে পড়েছে। পক্ষান্তরে, কুকুরের ভাগ্যে আহার্যের উচ্ছিষ্ট বৈ আর তেমন কিছু জোটে না। অথচ রাত জেগে বাড়ি পাহারা দিতে তার পরিশ্রমও নেহাত কম হয় না। প্রাসঙ্গিক অংশটুকু উদ্ধারযোগ্য :

গাধা ধোপার সঙ্গে সঙ্গে থাকে, খাটুনিও খুব কম হয় না। মনিব সবই বোঝে। তাই তার যত্নআত্তিও করে। কুকুরটিকে কেউ-ই দেখতে পারেনা। ধোপার বউ এঁটোকাঁটা যা দেয়, তা-ই খেয়ে কোনোরকমে তার দিন কাটে। ...তার কথা কেউই ভাবে না। ওসব নিয়ে কুকুরের মনে রাগও আছে। দুঃখও আছে। কাউকেই সেসব বলেনা চেপে রাখে।[২২]

সম্পদের বিলিবণ্টনে অসাম্য যেমন শাসকের সঙ্গে শাসিতের সম্পর্কের অবনতি ঘটায়, তেমনি শাসিত পক্ষের এক অংশের সঙ্গে শাসকের সম্পর্কের আনুকূল্য অপর অংশকে শাসকবিরোধী আচরণে প্ররোচিত করে। ফলে ওই সুবিধাবঞ্চিত অংশেরও শাসকের স্বার্থরক্ষার কোনও দায় থাকে না। কুকুরের প্রতি মনিবের অবহেলা এবং অনাদর কুকুরকে প্রতিহিংসাপরায়ণ করে তুলে প্রকাশ্যে প্রভু ধোপার অধীন নিম্নবর্গের দুই অংশের (গাধা এবং কুকুর) মধ্যে পারস্পরিক প্রতিপক্ষতার আবহ তৈরি করেছে।

সিচ্যুয়েশন বা পরিস্থিতি এ গল্পের প্রধান নিয়ন্ত্রক। গভীর রাত্রে ধোপার বাড়িতে চোর চুরি করতে এলে কুকুর নিশ্চুপ থেকে কর্তব্যকর্মে অবহেলা করে গৃহস্বামীকে বিপদে ফেলতে চায়। তার সঙ্গে ধারাবাহিকভাবে ঘটে চলা অসাম্যের যোগ্য জবাব দেওয়ার আদর্শ সময় এটাই— অন্তত তার অস্তিত্বের গুরুত্ব বুঝিয়ে দেওয়ার পক্ষে এর থেকে ভালো সময় সে আর পাবে না। এই মানসিকতা চালিত হয়েই কুকুর কার্যত তার নিজের কাজে অনীহা দেখিয়েছে এবং সচেতনভাবেই নিশ্চুপতা অবলম্বন করে ধোপাকে তার কৃতকর্মের ফল দিতে চেয়েছে। আর এখানেই নিম্নবর্গের অন্য অংশ গাধার সঙ্গে তার বিরোধের সূচনা। গাধার মতে মনিবের প্রতি তার যত রাগ-ই থাক না কেন, এভাবে প্রতিশোধস্পৃহা চরিতার্থ করাটা নৈতিকভাবে অনুচিত। কারণ প্রভুর স্বার্থরক্ষার পূর্বশর্ত মেনেই সে কাজে বহাল হয়েছিল। নিজের কর্তব্যপালনে কুকুরের এই অনীহা দেখে গাধা শেষমেশ ধোপাকে জাগানোর দায়িত্ব নিজের কাঁধেই তুলে নিল। গাধার এই সিদ্ধান্তে বাধা দিয়ে কুকুর তাকে সতর্ক করে বলে, "এমন কাজ করতে যেও না। যার কাজ তারই করা উচিত। আমার কাজ তুমি করতে গেলে বিপদ ঘটতে পারে।"[২৩] যদিও প্রভুর প্রতি দায়বদ্ধ গাধা কুকুরের সতর্কবাণীতে বিন্দুমাত্র কর্ণপাত করে

না। প্রভুকে জাগানোর সৎ কর্তব্যপালনে সে বদ্ধপরিকর। তার বিকট গলার চ্যাঁচানিতে চোর পালাল বটে, কিন্তু সুখনিদ্রায় ব্যাঘাত ঘটানোর অপরাধে উত্তেজিত মনিব গাধাকে পিটিয়ে মেরে ফেলল। এই গল্পে ঘটে চলা প্রতিটি ক্রিয়া এবং প্রতিক্রিয়ার স্বতন্ত্র মনস্তাত্ত্বিক ব্যাখ্যা পাঠের অন্তর্বয়ন থেকে তুলে আনা সম্ভব। যেমন,

ক. কার্যক্ষেত্রে কুকুরের নিশ্চুপতার কারণ হল তার প্রতি এতদিন ধরে মনিবের অসম এবং অন্যায্য ব্যবহার। আকাঙ্ক্ষার অপূরণজনিত বেদনায় কুকুর ধোপার প্রতি এই বিরুদ্ধতা দেখিয়েছে।

খ. মনিবের কৃপাধন্য এবং প্রসাদপুষ্ট গাধার কুকুরকে তার কাজ সম্বন্ধে সচেতন করে তোলার কারণ হল গাধা মনিবের ভালো-মন্দের ব্যাপারে সদা সতর্ক।

গ. ধোপার অকারণ উত্তেজনাবশে নিরীহ গাধাটিকে হত্যা করে ফেলার কারণ হল দ্বিবিধ :

প্রথমত, গাধার ডাক শুনে ধোপা আর গাধার বউ ভেবেছিল ক্ষুধার্ত গাধা আহার্যের জন্য এত রাতে প্রভুকে ডেকে তুলেছে। তার এই আচরণে তারা গাধার প্রতি যারপরনাই বিরক্ত হয়েছিল।

দ্বিতীয়ত, বাড়িতে যে চোরের উপদ্রব হয়েছিল, এই ব্যাপারটি সম্পূর্ণরূপে ধোপার অজানা ছিল। তার জেগে ওঠার আগেই চোর পালিয়ে গিয়েছিল। ফলে গাধার অসময়ের ডাকের অর্থবহতা সে অনুধাবনই করতে পরেনি। কুকুর যে ধোপাকে না ডেকে তুলে তার সঙ্গে একপ্রকার বিশ্বাসঘাতকতাই করেছে; সেটা পাঠকমাত্রেই জানেন, অথচ ধোপার তা অজানা। অন্যথায় এমন নৃশংস মৃত্যু গাধার নয়, কুকুরের ভাগ্যেই জুটত।

সাধারণভাবে গল্পটি থেকে যে নীতি নিষ্কাশন করা হয় তা গাধার অবস্থান সাপেক্ষ। গাধা কুকুরের কাজে হস্তক্ষেপ করেছিল বলেই পরিণামে তার মৃত্যু হয়েছে। অর্থাৎ এই গল্প সমাজকে এই শিক্ষা দেবে যে, অন্যের কাজে খবরদারি করলে তার ফল ভালো হয়না। কিন্তু, আমাদের প্রস্তাবে ধোপার গাধা গল্পটি নীতিশিক্ষার এই একমাত্রিক দৃষ্টিকোণটিকেই চিনিয়ে দেয়না। এর অর্থবোধ পাঠের অনেক গভীরে সম্প্রসারিত হয়েছে। বর্তমান পাঠটির পরিপ্রেক্ষিত বহুকৌণিক এবং ঘাত-প্রতিঘাতময় বলেই এর গহনে সমাজতত্ত্বের কতকগুলি গুরুত্বপূর্ণ ইশারা খেয়াল করা যায়।

মার্কসীয় বীক্ষায় যিনি ধনতান্ত্রিক অর্থব্যবস্থার কেন্দ্রে আসীন পুঁজিপতি, পুঁজিবাদ-পূর্ব সামাজিক ব্যবস্থায় (রাজতন্ত্র অথবা আধা-রাজতন্ত্র, আধা-সামন্ততন্ত্রের যুগে) তারই পূর্বরূপ প্রতিফলিত হয়েছে ধোপার মধ্যে। রাজা কিংবা সামন্তপ্রভুর প্রতিনিধি ধোপার শ্রেণি-অবস্থান এ গল্পে ক্ষমতার শীর্ষে অধিষ্ঠিত "great tradition"-এ। গাধা এবং কুকুর দু'জনেই এখানে উর্ধ্বতন শাসকের ক্ষমতাধীন এবং করতলগত। শাসক এদের যথেচ্ছ ব্যবহার করবে এবং এরা প্রতিনিয়ত শাসকের স্বার্থরক্ষায় ব্যবহৃত ও তার প্রতি নিষ্প্রশ্ন আনুগত্য প্রদর্শনে বাধ্য থাকবে— এটিই কার্যত "little tradition"-ভুক্ত গাধা এবং কুকুরের ভবিতব্য। কাজেই নিম্নবর্গ এখানে ব্যবহারকারী শাসকের প্রয়োজনে ব্যবহৃত দুই তরফেই এরা মনিবের স্বার্থরক্ষাকারী। নিহিতার্থে

তাদের স্টেটাস একই; তবু স্বার্থভোগী ধোপার হীন মূল্যবোধে দু'জনের কাজের মধ্যে একটা মাত্রাগত সূক্ষ্ম ফারাক প্রতিবিম্বিত হয়েছে। আর সেকারণেই দু'জনের প্রতি ধোপার আচরণগত পার্থক্য গল্পের অন্তর্কাঠামোয় একই শ্রেণির অন্তর্গত দুই পক্ষের মধ্যে একটা বৈষম্যের পরিবেশ তৈরি করেছে।

গাধার কাজের গুরুত্ব নিত্যনৈমিত্তিক বলেই স্বার্থসজাগ ধোপা তার প্রতিদিনের জীবনে সেই প্রয়োজনীয়তা সহজভাবে উপলব্ধি করতে পেরেছে। তাই তার প্রতি বিশেষ খেয়াল দেখিয়েছে। অন্যদিকে, কুকুরের কাজের গুরুত্ব পরিস্থিতি-সাপেক্ষ। প্রতিদিন বাড়ি পাহারা দেওয়ার গুরুদায়িত্ব যদিও তার, তবু তেমন কোনও অঘটনা না ঘটলে তার ভূমিকার যথার্থতা প্রমাণ হয়না। ফলে, dominant class-এর স্বার্থপূরণের এই দড়িটানাটানি খেলায় কুকুরের পরাজয় তার প্রতি ধোপার যাবতীয় অনাদর এবং অবহেলার কারণ। বাড়িতে চোর ঢুকেছে জেনেও স্বেচ্ছায় নিঃশব্দ থেকে কুকুর বাহ্যত ধোপার ক্ষতিসাধনই করতে চেয়েছে। কিন্তু পাঠকমাত্রেই জানেন, এই নীরবতা আসলে এতদিন ধরে তার ওপর ধারাবাহিকভাবে ঘটে চলা অন্যায় আচরণের একটা যোগ্য উত্তর দেওয়ার চেষ্টা। উচ্চবর্গের খেয়ালখুশির উপকরণ হতে হতে তাদের পদতলে থেঁতলে যাওয়া অসহায় নিম্নবর্গের মানুষ হয়ত এভাবেই প্রতিবাদ, প্রতিরোধের জমি তৈরি করে। কুকুরের নৈঃশব্দপন্থা এখানে শাসকের বিরুদ্ধে ঘুরে দাঁড়ানোর একটা হাতিয়ার। একে যদি কালচার অব সাইলেন্স ভাবি, তাহলে পাঠের মর্মভেদ সম্ভব হবে না। এখানে subordinate class-এর প্রতিনিধি চরিত্র কুকুরের নিরুচ্চার অবস্থানের নেপথ্যে আকাঙ্ক্ষাপূরণের মনস্তত্ত্বের এক ঋজুরেখ চলনকে আবিষ্কার করা যায়, যা কিছুতেই অনৈতিক কোনও অবস্থান নয়, বরং এটাই উপদ্রুত সাবঅলটার্ণ-এর অস্তিত্ব জানান দেওয়ার একমাত্র মাধ্যম। এই নৈঃশব্দই তার প্রতিবাদের ভাষা। অনুমান করা যায়, একাজে সফল হলে পরদিন সকালে কুকুরের কপালে নিশ্চিত মৃত্যুই লেখা ছিল। কিন্তু সে ভবিষ্যতের তোয়াক্কা না করেই বর্তমানের ঝুঁকিটুকু নিয়েছিল। সেদিক থেকে প্রভুর শাসনক্ষমতার বিরুদ্ধে সাবভার্সন ঘটানোর এই চেষ্টা দেওয়ালে পিঠ ঠেকে যাওয়া বঞ্চিতজনের দুঃসাহসী পদক্ষেপ। শাসকের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়াবার এই ইপ্সিত ভঙ্গিটুকু এভাবেই লোককথার অন্দরে মুখ লুকিয়ে থাকে।

অন্যদিকে, কুকুরের এই প্রতিশোধ প্রক্রিয়ায় বাধ সাধল নিম্নবর্গের আরেক প্রতিনিধি গাধা। ধোপা তার প্রতি দেখানো অতিরিক্ত যত্ন-আত্তিকে সে মনিবের মমতা ভেবে ভুল করল। নির্বোধ গাধা বুঝতেই পারলনা যে তার প্রতি মনিবের সহৃদয় আচরণ আসলে তাকে দিয়ে কাজ হাসিল করে নেওয়ার একটা সুবিধাজনক কৌশলমাত্র। অর্থনীতির নিয়ন্ত্রক মালিকপক্ষ এভাবেই উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত কাঁচামালরূপ সাধারণজনদের নিজেদের প্রয়োজনে যথেচ্ছ কাজে লাগায়। উল্টোদিকে থাকা অসহায় দরিদ্র মানুষেরা বুঝতেই পারেনা যে কখন, কীভাবে তারা এই উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত হয়ে চলেছে শুধু! শাসকের স্বার্থরক্ষার জাঁতাকলে ব্যবহৃত সহায়কের ভূমিকাটুকু ছাড়া এই চুনোপুঁটি কমনারদের অস্তিত্বের আর কোনও মূল্য নেই। এ গল্পে গাধার অবস্থান এই সর্বহারা কমনারদের দলেই, যারা কখনও কখনও সুচতুর শাসকের কাজ করিয়ে নেওয়ার ফন্দিকে তাদের কনসার্ন ভেবে ভুল করে। তাদের কাছে উচ্চবর্গের ছদ্মবেশ অনাবৃতই থেকে যায়, যতক্ষণ না পর্যন্ত চূড়ান্ত আঘাত নেমে আসে। ধোপা গাধাকে তোয়াজ করত বলেই হয়ত সে কুকুরকে ধোপার স্বার্থরক্ষার

অনুকূলে কাজ করার জন্য বারবার অনুরোধ করে। এক্ষেত্রে গাধা কুকুরের সমপর্যায়ভুক্ত হয়েও উচ্চবর্গের প্রতিনিধি ধোপার স্বার্থলোলুপ প্রতারণাবৃত্তিকে চিনতে পারে নি। ফলে গাধার আচরণও শাসকের সুরক্ষার্থে তারই শ্রেণি অভিমুখী হয়েছে। আর সেখানেই ঘটেছে বিপদ। উচ্চবর্গের শাসকের কাছে মধ্যরাতে গাধার উৎকট আওয়াজ তার পূর্বনির্ধারিত ভূমিকার সঙ্গে বেমানান ঠেকেছে বলেই গাধার চ্যাঁচানির পরিস্থিতিগত গুরুত্ব অনুধাবনে ধোপা ব্যর্থ হয়েছে। বরং গাধার অসময়ের চিৎকারকে ভুলভাবে ব্যাখ্যা করে তাকে ধোপা তাকে হত্যা করেছে। এ থেকেই স্পষ্ট যে, dominant class-এর প্রতিভূ ধোপা তার পালিত পোষ্যদের কেবল নিজের কাজেই বহাল করেনি, একভাবে তাদের কাজের গণ্ডি বা সীমানাও বেঁধে দিয়েছে। ফলত ওই পূর্বনির্দিষ্ট কাজের একমাত্রিক ক্ষেত্রটুকু ছাড়া অন্য কোনও তাৎপর্যে বা নতুন কোনও চেহারায় শাসিতপক্ষের ভূমিকার মূল্যায়ন করার মতো মানসিক অবস্থাও নেই তাদের। আসলে নিম্নবর্ণের মানুষেরা শাসকের কাছে কার্যসিদ্ধির উপকরণ বলেই স্থিরনির্দিষ্ট কতকগুলি কাজের বাইরে তাদের আর অন্য কোনও অবস্থানকে শাসক স্বীকার করতেই চাননা। এর ফলে এদের যেমন খুশি কাজেও লাগানো যায়, আবার বিনা বাধায় মেরেও ফেলা যায়। এ গল্পে নিরপরাধ গাধার মৃত্যু শাসকের খেয়ালমাফিক শোষণের এক নির্মম সমাজসত্যকে মনে করিয়ে দেয়।

ধোপার শ্রেণি-অবস্থান এক্ষেত্রে স্বার্থপর নিষ্ঠুর শাসকের, যিনি অধীনস্থ প্রজাসাধারণকে শোষণের যন্ত্র হিসেবে যথেচ্ছ ব্যবহার করেন। কুকুর এবং গাধা দু'জনকেই তিনি ব্যবহার করেছেন নিজের স্বার্থপূরণের উদ্দেশ্যে। নিম্নবর্গের এই দুই অংশই গল্পে "great tradition"-এর দ্বারা ব্যবহৃত। শুধু তফাত হল, একপক্ষ শাসকের ক্রমিক অনাদর আর উপেক্ষা মেনে নিতে না পেরে শাসনক্ষমতার বিরুদ্ধে দ্রোহ দেখিয়েছে আর অন্যপক্ষ শাসকের সমর্থনে আচরণ করতে গিয়ে পরিণামে নিজের মৃত্যু ডেকে এনেছে। আমাদের প্রশ্ন, গাধার ভূমিকা যতখানি কুকুরের কাজে হস্তক্ষেপকারীর, ততখানি কী মালিক ধোপার স্বার্থরক্ষার সহায়কও নয়? গাধা কুকুরের কাজ নিজে সম্পাদন করে পরোক্ষে মনিবের উপকার সাধনই করতে চেয়েছিল। এক্ষেত্রে "great tradition"-এর প্রতিনিধি ধোপা "little tradition"-এর এক অংশের প্রতিনিধি গাধার সহায়কের ভূমিকাটিকে চিনতেই পারেনি, হয়ত চিনতে চায়ও নি। ফলে তার অনধিকার চর্চার অন্তরালবর্তী সত্যটিও ধোপার অজানা থেকে গেছে। অন্যদিকে, কুকুরের মনে যে প্রভুর বিরুদ্ধে এতদিন ধরে ক্ষোভ পুঞ্জিত হয়ে রয়েছে, প্রভু তার বিন্দুমাত্র আঁচও পান নি। রাতে বাড়ি পাহারা দেওয়া কুকুরের কাজ, তাই বাড়িতে কোনও অঘটন ঘটলে কুকুরই ডেকে তার জানান দেবে— কুকুরের প্রতি এই এক স্থির প্রত্যয় ধোপার মনে ছিল। কুকুর যে প্রভুর অন্যায় আচরণে বিতৃষ্ণ হয়ে তাকে শাস্তি দেওয়ার জন্যই চোরের আগমন দেখেও নীরব থেকেছে এবং এ কাজ করে সে যে পরোক্ষে প্রভুর ক্ষতিই করতে চেয়েছে, সে সম্পর্কে ধোপার বিন্দুমাত্র ধারণা ছিলনা। এর কারণ ক্ষমতাবান শাসক (ধোপা) তার অধীন প্রজাসাধারণকে (গাধা এবং কুকুর) দুটি স্বতন্ত্র কাজে বহাল করেই নিশ্চিন্ত থাকে। উপরন্তু, ধোপার মতো ক্ষমতাবান শাসকশ্রেণির পাশে সর্বদাই গাধার মতো একদল মদতপুষ্ট উমেদার থাকে যারা নির্বোধের মতো বাস্তব পরিস্থিতির সঠিক মূল্যায়ন না করেই; এমনকি নিজেদের শ্রেণিস্বার্থ বিঘ্নিত করেও উচ্চবর্ণের মানুষকে সমর্থন দিয়েই যায়। আর এদেরই জন্যে চাপা পড়ে যায় শাসনব্যবস্থার প্রান্তে থাকা শোষিত মানুষের যাবতীয় প্রতিবাদী স্বর।

বিশিষ্ট ঐতিহাসিক রোমিলা থাপার তাঁর *পুরাকাল ও পক্ষপাত* (*The Past and Prejudice* গ্রন্থের বাংলা অনুবাদ) গ্রন্থের ''তৃতীয় বক্তৃতা''-র একটি অংশে লিখছেন, ''জমির মালিকানা সংক্রান্ত তর্কের কেন্দ্রেই রয়েছে ব্যক্তিগত সম্পদ হিসেবে ভূমির প্রশ্ন। সরকার ও রাষ্ট্রের উৎপত্তি বর্ণনা করতে গিয়ে প্রাচীন রচনাগুলি এমনই আন্দাজ দেয় যেন রাজতন্ত্র উদ্ভূত হয়েছিল সুরক্ষা ও আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য। পরবর্তী পর্যায়ে এতে যুক্ত হল একটি চুক্তির ধারণা— যেন মানুষ কর দেয় সুরক্ষা ও সুস্থিতির পরিবর্তে।''[২৪] আসলে রাজতন্ত্রই হোক বা সামন্ততন্ত্র— ক্ষমতাবৃত্তের যে কোনও প্রতিষ্ঠানই চায় কমনারদের চোখে ঠুলি পরিয়ে, কখনও বা নীতিপ্রণয়নের ছলে অধীনস্থ প্রজাদের শাসনতন্ত্রের অনুবর্তী করে রাখতে। Raymond Williams তাঁর *Marxism and Literature* গ্রন্থের "Hegemonoy (Cultural Theory)" শীর্ষক অধ্যায় এই জাতীয় 'hegemony'-কে দেখেছেন 'lived hegemony' বা যাপিত আধিপত্যরূপে। প্রভুত্ববাদ এক্ষেত্রে একটি সতত চলমান প্রক্রিয়া, এক সর্বব্যাপী নিয়ন্ত্রণ ক্ষমতা, যার অন্ধি-সন্ধি, ঘাঁত-ঘোঁত বহুবিস্তারী— "... it does not just passively exist as a form of dominance. It has continually to be renewed, recreated, defended and modified."[২৫]

৫

সাহিত্য সময়ের জাতক। কাজেই সময় এবং সমাজের প্রতিবিম্বায়ন সাহিত্যে একভাবে ঘটেই চলে। দেশে দেশে কালে কালে এই পরম্পরা অব্যাহত। পরিপার্শ্বে যা ঘটে চলেছে তার হুবহু মুদ্রণই যে সাহিত্যখণ্ডে প্রতিনিয়ত হচ্ছে, এমন নয়। কখনও কখনও যা হওয়া উচিত, কিন্তু সমকালীন ব্যবস্থায় আশ্চর্যজনকভাবে যা অনুপস্থিত, সেইসব আকাঙ্ক্ষিত স্বরগুলিও সাহিত্যের আধারে স্থান পায়। যে সমাজে প্রান্তীয় মানুষের প্রতি কেন্দ্রের তাচ্ছিল্য, অবজ্ঞা, অনাদর একটি পূর্বনির্ধারিত সিদ্ধনীতি, সেই সমাজে সংখ্যাগরিষ্ঠের মূল্যবোধ যে অনুরূপ খাতেই বইবে, এতে আর আশ্চর্য কী? সুতরাং সাহিত্যখণ্ডে তার প্রতিফলন স্বাভাবিক। এক্ষেত্রে সাহিত্যে প্রতিবিম্বিত সমাজচিত্রের ছকটা নির্ণীত হয় শাস্ত্র সমাজকে যে অনুশাসন দেয় তার দ্বারা। অবশ্যই সাহিত্যপ্রণেতার (তিনি সংকলক কিংবা রচয়িতা যেই হোন না কেন) স্বাধীনতা আছে এ কাঠামো অতিক্রম করবার, শোষিত, উৎপীড়িত মানুষের জয়ের স্বপ্ন দেখবার, নির্দিষ্ট সামাজিক অনুশাসন বা পরাম্পরাক্রমে আগত কাঠামোর সমালোচনা করবার। সীমিত এই স্বাধীনতা *হিতোপদেশ*-এর গল্পে কখনও কখনও দেখা গেছে, কিন্তু মোটের ওপর কথাগুলি সামাজিক নিয়মকে লঙ্ঘন করেনি, বরং 'হিতকথা' শোনাবার মুখোশ পরে সামাজিক নীতিসূত্রগুলিকেই পরোক্ষে প্রতিষ্ঠিত করেছে মাত্র।

ঋণস্বীকার : সম্পূর্ণ লেখাটি টাইপ করে দিয়ে আমার শ্রম লাঘব করেছেন রিমঝিম (রিয়া) মহাপাত্র। ওর সঙ্গে সম্পর্ক ধন্যবাদ জ্ঞাপনের নয়। ওর জন্য রইল অনেক অনেক ভালোবাসা আর শুভকামনা।

উল্লেখমূল :

১। মযহারুল ইসলাম, *ফোকলোর পরিচিতি ও পঠন পাঠন,* ঢাকা : অবসর, ২০১২, পৃ. ৩৯।
২। *ইশপের গল্প সমগ্র,* সম্পা, নরেশচন্দ্র জানা, কলকাতা : শিশু সাহিত্য সংসদ, ২০১৫, পৃ. অনুল্লিখিত (ভূমিকা দ্রষ্টব্য)।

৩। আশুতোষ ভট্টাচার্য, *বাংলার লোক-সাহিত্য* (১ম খণ্ড), কলিকাতা (= কলকাতা) : ক্যালকাটা বুক হাউস, ১৯৬২, পৃ. ৪৭০-৭২।

৪। দিব্যজ্যোতি মজুমদার, *লোককথা,* কলকাতা : লোকসংস্কৃতি ও আদিবাসী কেন্দ্র, ১৯৯৮, পৃ. ৯৯-১০০।

৫। Narayana. *hitopadesh.* Translated from the Sanskrit with an introduction by A.N.D. Haksar. *The Hitopadesh.* New Delhi : Penguin Books, 1998, p. 3.

৬। রাজা সুদর্শনের পুত্রদের শিক্ষাপ্রদানের দায়িত্বগ্রহণ পর্বে বিষ্ণুশর্মা যেভাবে স্তুতি আওড়ে রাজাকে আশ্বস্ত করেছেন, একে শ্রেণি-তোষণেরই নির্লজ্জ দৃষ্টান্ত বলা চলে। ''নাদ্রব্যে নিহিতা কাচিত্ ক্রিয়া ফলবতী ভবেত্। / ন ব্যাপারশতেনাপি শুকবত্ পাঠ্যতে বকঃ।। / অসিংস্তু নির্গুণং গোত্র নাপত্যমুপজায়তে আকরে পদ্মরাগাণাং জন্ম কাচমনেঃ কৃতঃ।'' দ্রষ্টব্য :

Vishnusarma. *Hitopadesh.* Ed. with Beng. and Eng. Trans. *The Hitopadesha : A collection of Fables and Tales in Sanskrit.* Calcutta (now Kolkata) : Sastraprakasha Press, Sobhabazar Street, 1830, p. 16.

৭। রামশরণ শর্মা, *Sudras in Ancient India : A social History of the lower Order Down to Circa AD 600*, সম্পা, রামকৃষ্ণ ভট্টাচার্য, *প্রাচীন ভারতে শূদ্র : আনুমানিক ৬০০ খৃষ্টাব্দ পর্যন্ত নিম্নতর বর্গের সামাজিক ইতিহাস* (শিবেশকুমার চট্টোপাধ্যায়, সৌমিত্র পালিত, স্নেহোৎপল দত্ত অনূদিত), কলকাতা : কে পি বাগচী অ্যান্ড কোম্পানী, ১৯৮৯, পৃ. ১৫৮।

৮। "In a civilization there is a great tradition of the reflective view, and there is a little tradition of the largely unreflective many." দ্রষ্টব্য :

Redfield, Robert. *Peasant Society and Culture.* U.S.A. : The University of Chicago Press, 1958, p.70.

৯। *হিতোপদেশের গল্প,* সম্পা, উজ্জ্বলকুমার মজুমদার, কলকাতা : পারুল প্রকাশনী, ২০১৩, পৃ. ৯-১১।

১০। তদেব, পৃ. ৩৯-৪০।

১১। তদেব, পৃ. ২০-২১।

১২। তদেব, পৃ. ৩২-৩৩।

১৩। তদেব, পৃ. ৩৩।

১৪। তদেব, পৃ. ১০-১২।

১৫। তদেব, পৃ. ৩০-৩১।

১৬। তদেব, পৃ. ২২-২৩।

১৭। তদেব, পৃ. ৩৬-৩৮।

১৮। সুকুমারী ভট্টাচার্য, *Women and Society in Ancient India,* বিজয়া গোস্বামী, নীলাঞ্জনা শিকদার দত্ত, করুণাসিন্ধু দাস অনূদিত, *প্রাচীন ভারতে নারী ও সমাজ,* কলকাতা : ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড, পৃ. ১৮৪।

১৯। পূর্বোক্ত, *হিতোপদেশের গল্প,* পৃ. ২৪-২৫।
২০। তদেব, পৃ. ৩২৮-২৯।
২১। এস সি. দুবে, *Indian Society*, রজত রায় অনূদিত, *ভারতীয় সমাজ,* নদাদিল্লি : ন্যাশনাল বুক ট্রাস্ট, ২০১৪, পৃ. ৩৯।
২২। পূর্বোক্ত, *হিতোপদেশের গল্প,* পৃ. ৩।
২৩। তদেব, পৃ. ৫।
২৪। রোমিলা থাপার, *The Past and Prejudice*, অনুরাদা রায় অনূদিত, *পুরাকাল ও পক্ষপাত,* নয়াদিল্লি : ন্যাশনাল বুক ট্রাস্ট, ২০১৭, পৃ. ৫১।
২৫। Willams, Raymond. *Marxism and Literature.* New York : Oxford University Press, 1977, p. 112.

GLO(B/C)ALIZATION OF ENGLISH : Aবঙ্গ-INDIAN PERSPECTIVE

Arup Kumar Bag
M.Phil ,Research scholar of Department of English
University of Calcutta
bagarupkumar1995.ab1@gmail.com

ABSTRACT

English Language has created a unique identity of its own . With the Globalization taking place all over the world, English has secured a prestigious position. From the very beginning, it was seen to be a language of the Rulers. With the decolonization , however , people haven't rejected the use of this global language . Rather , they have created a variety of its own out of its use through different times and spaces . In the process what has happened , is that , English has been used both globally and locally by the inhabitants . And in that way , they have paved the way for **'Glocalization'** of English ; a term that has been much talked about in recent scenario . This paper of mine is written with a purpose to identify the possible reasons of this process and to identify the ways of it . 'Why it has happened' , 'How it has happened' and 'What could be the possible outcomes of this process' , are the areas to be introduced and addressed in this paper .

Key Words : Globalization – Glocalization – Phonological Variations – Code-Mixing – Switching –E-Sources and Social Media – Emoji and Idiolect .

'Globalization' , so far as the term is concerned , has gained much popularity among the learners as well as among the teachers . English is being used worldwide , and it is the result of Globalization, there is no doubt about it . English is the most commonly spoken language in the world and is associated with the officials of India. It is the language of Science, Aviation , Computer , Diplomacy , Library and so on . As English paves the way for job opportunities , that's why its 'market' value as a subject cannot be denied . English is the official language of almost fifty three countries including – England , Australia , South Africa, Grenada and so on . It is also the state language of Tripura, Manipur and Mizoram (Ghosh T.) . As Decolonisation proceeded throughout the British Empire in the 1950s and 1960s , former colonies often continued to use it as independent countries setting their own language policies . In India , a commission was formed under the able leadership of S. Radhakrishnan in 1948-49 which was called Radhakrishnan Commission or University Education Commission . This is the first education commission that put stress on learning English as a compulsory language under the "Three-Language Formula" policy . The use of English as a global language has earned it a universal status . However , under the veil of this popularized phrase , the 'other' system of this process has been suppressed . We all can hardly ignore the colonial political reasons behind it for which English has gained this identity . Similarly, it is also cannot be neglected that a global

language like English has also been localized . As 'Reconstruction' is an unnamed underlying process of 'Deconstruction' , similarly , 'Globalization ' is an underlying process of 'Glocalization' . They are the two sides of the same coin , one of which , if neglected , will create a gap for the understanding of language as a system. . The term 'Glocalization' has its roots in the Japanese term 'dochakuku' which first appeared in a late 1980s publication of the *Harvard Business Review*(Sharma) However , Roland Robertson , a notable sociologist , in a conference on "Globalization and Indigenous Culture " in 1997 first used the term and stated that :

" Glocalization means the simultaneity – the co presence of both universalizing and particularizing tendencies" (Robertson 100). By using English globally , we have already mixed a lot of tendencies . And by doing so , we have created , though unknowingly , a lot of varieties of English(for Example- Indian English, American English etc). In this case it can be noted that , creating varieties and localizing the language is not confined to any space or nation only [e.g. the Indian English] . There can also be several other varieties within the socio-cultural scenario that has been produced either by a particular section of the community , or by a 'canonized' individual.

Today we talk about English as a second language , and we have different theories to focus on . But we must not forget that English was first introduced as a Foreign Language in 16th Century Mughal Period by East-India Company . At that time , English was used by British for the trading purpose only . Surely the Indian community didn't share the same language with them as Persian and Afghani languages were mostly used by the community . What may have happened in that situation is that a sort of Pidgin was created [Pidgin is a language which evolves in a situation where the communities do not share each other's language ; it is a grammatically simplified means of communication] where a mixing among the other lingual system is possible . And it is undoubtedly that point when the first process of Glocalization took place , though it was neither labelled under the preferred term at that time , nor it lasted . It is because the status of English language underwent a massive change in the 18th century when British finally established their rule in India . At that time , it no longer remained a trade-language . British found it difficult to communicate as Indians could not understand English ; they did not have the knowledge about it . It was only when English became an administrative language under British rule, Indians began to use English as a link language and thus , the process of Glocalization resumed .

When a Pidgin gets its establishment , gradually it is developed through some levels where finally a Creole is identified . The process is so silent that the conscious experiments would not see this . Unlike Pidgin , Creole has a complete identity with its own vocabulary and grammar, and most importantly it is shared by a community where the children use this as their native language . This is the crucial point where on can surely understand that 'Indian English' – the variety that has been talked much , can be traced as a Pidgin , but surely not as a Creole as it doesn't fulfil the basic criteria . English is not used by any child in India as his/her native language and that is the possible reason may be that the 'acquisition' of English as second

language (SLA) in a multilingual country like India , has to face more challenges . In case of West Bengal , Bangla culture has always been very kind in adopting the traditions of West . After the battle of Plassey taking place in 1757 , Kolkata [the then Calcutta] was chosen as the capital of British India . We do not know , how Glocalization has devastated the use of a good many Bangla and Hindi phrases , as Rituparno Ghosh , the famous film expert points out :

" পেয়ালা , পিরিচ [Spitton], দেরাজ , কুর্সি ধীরেধীরে রেকাপ -প্লেট, ড্রয়ার –

চেয়ারের কাছে বিনম্র কুর্নিশ [Obeisance] করে বিদায় নিল। " (80).

As Mr. Ghosh has pointed out very clearly , that the gradual use of English word and phrases has made the process too smooth to operate . As a result , we can see that we use at least 20% English in every single sentence conversation in any language . Ask yourself to speak pure Hindi or Bangla for a couple of minutes without using English , and you will find yourself stuck within the vast lack of expression . The process of Glocalization has taken place through this often-usage of English within other language system through code-switching and code-mixing . Code-Mixing refers to the mixing of two or more languages or language varieties . Some people use Code-Mixing and Code-Switching interchangeably and in particular cases with multilingual speakers , the reference of code-mixing is found more . For example , in Hindi , we often use 'पासबालिbuilding '[Nearest building] , ' किरायेकाroom ' [The rented room] and so on . Being a native speaker of Bangla , citing more Bangla-English mixing is more easier . For example – 'বাংলাcalendar', 'Pen –এর কালি' ,'Torch-এর আলো' , 'Chair-এর হাতল' , 'Missকরছি', 'Ready হও' , 'Scent – এর গন্ধ', 'Diary-র পাতা'and so on .We often find ourselves in a mid-situation where we don't know the exact Bangla or Hindi phrasing of certain words and have to rely on English (for example , 'Romance') , or in other cases where we know the Bangla word but don't know the exact English phrasing (for example , ' থই ') . What happens in between is that people are found often switching from one language to English (for example , the famous Pepsi ad , 'Ye dil mange more ') and vice versa , and thus both the processes – i.e. Globalization and localization take place simultaneously . The more common switches are the contribution of Hindi daily-soaps and also the Bollywood Film Industry where these switches are very much recurrent .

Each and every language has a hierarchal structure and the analysis are mostly done in the hierarchal way (so far as Modern Grammar is concerned). And among them , one of the very basic and important level is 'Sound' or Phonetics and Phonology . The Indianization of English has not been done only through its use in different spheres but also its discursive pronunciations . For example , 'Forest' has been pronounced by most of the Indians with an /e/ [as in 'Pen'] sound as they try to locate the phonological vowel in terms of its orthographical spelling . But in reality , according to British English Phonetics , it is 'Forist ' [/ f ɒ r i: s t /] (Jones 194) . What is more unfortunate about this case , is that if you try to pronounce it according to British phonology , then people will recognize you either as a mad or a pedant. We all know that in British English , the word final 'r ' [/r/] is not pronounced but in most of the cases the Indians have the tendency to pronounce it with an extra emphasis . A word like 'Container' to Indians is

not /kən t ei n ə/ [Jones 107] but /k ׀ ׀n t e n ׀ ׀ r / . I can understand that for an ordinary reader these phonemic transcriptions seem alien but one can surely notice in this particular example that the orthographic 'O' should not necessarily be pronounced as a phonetic / ⌶ / . The Schwa vowel[/ ə /] (as in 'earth') has a very prominent place in British English Phonology and that is why the Indianization of the sound makes people more disabled in pronouncing the Standard English . So far as typical Bengali pronunciation is concerned , Bengali people have mastered the British English pronunciation in their own way , and that is why 'Safety pin ' is always 'Septipin' , 'Exhaust Fan ' is always ' Egjost Fan' , 'Asbestos' is always 'Azbestar' and ' Pliers' is always ' Plus' to them . These Indianization of the regular words have taken place due to two reasons mainly –as , most Indians do not have a proper knowledge of the Phonetics system , and , as most of them try to locate English pronunciation in respect to their native language .

Today , we live in a society where almost everything can be done digitally or electronically . I wonder , one day will come , when people will eat electronically as well . So far as Glocalization is concerned , one of the very facts cannot be ignored that the language used in social and electronic media has widened the process of localization . How language has been used 'locally' can be best traced through the language we use in Facebook , WhatsApp , Twitter and other social-networking sites through electronic media or text-messaging . Examples drawn from conversations would be helpful in this case . For example , if you want to say that today you don't want to go to school because you are sick , the expression for this would be – "Ami ajke schoole jabona . Amar sorir kharap." Now , the first thing one may notice , is that , the language that is used for communication is Bangla but the letter used are of English . The Sender here uses English orthographic letters to convey a message in Bangla . But the whole of it is still not in Bangla , as one can see this as my second point which I have already talked about – that we do not use any pure language for communication . If it were so , then the 'School' should have been 'Bidyaloy'. Thirdly , the exact orthographic representation is also not done because 'S' of English mostly correspond to 'স' of Bangla and that is why 'Sorir'(সরীর) should be 'Shorir'(শরীর) . One may find these examples to be very colloquial but one must remember at this point that Glocalization takes place through day-to-day life communication . That is why these common life examples are chosen so as to portray how these process works .

The use of English through these orthography has gone in a very wrong way also as I have noticed some of my friends using the poorest form of this localization . As personal messages and chats are very strong examples but at the same time very confidential , that is why I cannot use any picture or screenshots in this paper . But the examples I will introduce here surely can be related to by the readers . Use of Bangla language with English orthography has introduced many hybrid abbreviations which I name as "Compunction" . These are not abbreviations , rather a deformed representation, like – 'Exm' for Examination , 'Gd' for Good , 'Mr9' for Morning , ' N8' for night , 'Nun' for Noon , 'T4r' for teacher , 'Plz' for please and so on . So , if one wants to express : "আমি আজকেExam দেবোনা , আমার mood নেই. Good Night ", then the message will look like : " Ami ajke exm dbona , amr mud nei . Gd n8." In a pilot survey done according to the use of these poor localized form based on WhatsApp conversation , it is found that mostly

these sort of variations are used among 14-30 age group people . Which means that unfortunately the young generations are the ones who on one hand accepts globalization and modern education , and on the other, flout the socio-cultural norms established for language use. Modern Linguistics has certain assumptions and one of which is that no language is good or bad or right or wrong ; rather it is the matter of acceptance – whether it is accepted or not by others in the society is a matter that is more important .

One of the very reasons of Glocalization can also be attributed to 'Idiolect' as well . 'Idio' means individual , and 'lect' means language . Thus , Idiolect specifically means the individual variety of language that has been used in socio-literary sphere . The term can be primarily attributed to the authors whose use of language through his/her characters create an identity for him . LalmohanGanguly , alias Jatayu, a fictional character created by Satyajit Ray , has used so many variations in his conversations to attach a silent comic with his dialogues . For example , 'নারায়নীরৌপমুদ্রাস' and ' কেলেঙ্কারিous' are two examples of this process that has been used by him in his novel *Royal Bengal Rahashya* the film version of which was released in 2011 by his son Sandip Ray . Similarly , the word 'Horrendous' was used by Satyajit Ray in his short story " Feludar Goendagiri" but whether any such term has any epistemological orientation in British English Dictionary prior to Ray or not is an area of research. The word is basically a hybrid as Ray puts it:

" 'Horrendous' বলে আসলে কোনো কথা নেই। 'Tremendous'মানে সাংঘাতিক , আর 'Horrible'মানে বীভৎস। এই দুটো এক সঙ্গে বোঝাতে নাকি কেউ কেউ ' Horrendous' ব্যাবহারকরে। " (Ray).

These are very common variations that are popularized under Glocalization. The American forms –'gonna' for going to , 'Yeah' for Yes , 'Nah'for No etc. Are also some examples that are glocalized not only within the territory of US but also in India as well . One of the reasons of this universal phenomena can also be attributed to the use of 'Emoji' as well that we get to see in different social sites . What are these 'Emojis' ? The Emojis are nothing but a consolidated representation of different meanings . It is highly pragmatic in a sense because now a days it is also thought to be a 'paralanguage' that can be used in teaching grammar and vocabulary in classrooms , as my learned friend Nirajana Bardhan puts it :

" With the ever-increasing popularity of the social media , the digital natives [...] of the 21st century have taken a great leap in communication and gradually started preferring non-verbal digital communication to be traditional verbal communication . Consequently , emoji has taken the role of almost paralanguage that has extended its range in various fields of modern life – from social media to even ESL classrooms. " (Bardhan 3) .

All the humanly emotions and the language have been consolidated and substituted through emojis . The language that has been used in conversation has become visual signs through which the coded message can be transmitted .

Glocalization is a worldwide process and a topic for research where all the tentative arguments can be inconclusive. The use of English globally has earned the language a universal

